

হিসাবশাস্ত্র ওয়ার্ক বুক

দ্বাদশ শ্রেণি

ভাগ : A & B



প্রস্তুতকরণ

রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ, ত্রিপুরা সরকার ।

© এস সি ই আর টি, ত্ৰিপুৰা কৰ্তৃক সৰ্বস্বত্ব সংৰক্ষিত।

দ্বাদশশ্ৰেণীৰ হিচাবশাস্ত্ৰ ওয়াকৰ বুক

প্ৰথম প্ৰকাশ- সেপ্টেম্বৰ, ২০২১

প্ৰচ্ছদ : অশোক দেব, শিক্ষক

অক্ষৰ বিন্যাস : এস সি ই আর টি, ত্ৰিপুৰা

সহযোগিতায় জেলা শিক্ষা আধিকাৰিকৰ কাৰ্যালয়, পশ্চিম ত্ৰিপুৰা।

মুদ্ৰক : সত্যযুগ এমপ্লয়িজ কো-অপাৰেটিভ সোসাইটি লিমিটেড

১৩ প্ৰফুল্ল সরকার স্ট্ৰিট, কলকাতা-৭২

প্ৰকাশক

অধিকাৰ্তা

ৰাজ্য শিক্ষা গবেষণা ও প্ৰশিক্ষণ পৰ্যদ, ত্ৰিপুৰা।

রতন লাল নাথ
মন্ত্রী
শিক্ষা দপ্তর
ত্রিপুরা সরকার



শিক্ষার প্রকৃত বিকাশের জন্য, শিক্ষাকে যুগোপযোগী করে তোলার জন্য প্রয়োজন শিক্ষাসংক্রান্ত নিরন্তর গবেষণা। প্রয়োজন শিক্ষা সংশ্লিষ্ট সকলকে সময়ের সঙ্গে সঙ্গে প্রশিক্ষিত করা এবং প্রয়োজনীয় শিখন সামগ্রী, পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকের বিকাশ সাধন করা। এস সি ই আর টি ত্রিপুরা রাজ্যের শিক্ষার বিকাশে এসব কাজ সূনামের সঙ্গে করে আসছে। শিক্ষার্থীর মানসিক, বৌদ্ধিক ও সামাজিক বিকাশের জন্য এস সি ই আর টি পাঠ্যক্রমকে আরো বিজ্ঞানসম্মত, নান্দনিক এবং কার্যকর করবার কাজ করে চলেছে। করা হচ্ছে সুনির্দিষ্ট পরিকল্পনার অধীনে।

এই পরিকল্পনার আওতায় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকের পাশাপাশি শিশুদের শিখন সক্ষমতা বৃদ্ধির জন্য তৈরি করা হয়েছে ওয়ার্ক বুক বা অনুশীলন পুস্তক। প্রসঙ্গত উল্লেখ্য, ছাত্র-ছাত্রীদের সমস্যার সমাধানকে সহজতর করার লক্ষ্যে এবং তাদের শিখনকে আরো সহজ ও সাবলীল করার জন্য রাজ্য সরকার একটি উদ্যোগ গ্রহণ করেছে, যার নাম 'প্রয়াস'। এই প্রকল্পের অধীনে এস সি ই আর টি এবং জেলা শিক্ষা আধিকারিকরা বিশিষ্ট শিক্ষকদের সহায়তা গ্রহণের মাধ্যমে প্রথম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য ওয়ার্ক বুকগুলো সুচারুভাবে তৈরি করেছেন। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত বিজ্ঞান, গণিত, ইংরেজি, বাংলা ও সমাজবিদ্যার ওয়ার্ক বুক তৈরি হয়েছে। নবম দশম শ্রেণির জন্য হয়েছে গণিত, বিজ্ঞান, সমাজবিদ্যা, ইংরেজি ও বাংলা। একাদশ দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য ইংরেজি, বাংলা, হিসাবশাস্ত্র, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, অর্থনীতি এবং গণিত ইত্যাদি বিষয়ের জন্য তৈরি হয়েছে ওয়ার্ক বুক। এইসব ওয়ার্ক বুকসহ ছাত্র-ছাত্রীরা জ্ঞানমূলক বিভিন্ন কার্য সম্পাদন করতে পারবে এবং তাদের চিন্তা প্রক্রিয়ার যে স্বাভাবিক ছন্দ রয়েছে, তাকে ব্যবহার করে বিভিন্ন সমস্যার সমাধান করতে পারবে। বাংলা ও ইংরেজি উভয় ভাষায় লিখিত এইসব অনুশীলন পুস্তক ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হবে।

এই উদ্যোগে সকল শিক্ষার্থী অতিশয় উপকৃত হবে। আমার বিশ্বাস, আমাদের সকলের সক্রিয় এবং নিরলস অংশগ্রহণের মাধ্যমে ত্রিপুরার শিক্ষাজগতে একটি নতুন দিগন্তের উন্মেষ ঘটবে। ব্যক্তিগত ভাবে আমি চাই যথাযথ জ্ঞানের সঙ্গে সঙ্গে শিক্ষার্থীর সামগ্রিক বিকাশ ঘটুক এবং তার আলো রাজ্যের প্রতিটি কোণে ছড়িয়ে পড়ুক।

(রতন লাল নাথ)

হিসাবশাস্ত্র

দ্বাদশ শ্রেণি

পুস্তকটি যারা তৈরি করেছেন

১. গৌতম মজুমদার, শিক্ষক
২. জয়ন্ত দেবনাথ, শিক্ষক
৩. দেবমাল্য ভট্টাচার্য, শিক্ষক
৪. সুকান্ত সাহা, শিক্ষক
৫. গৌরাজ্জ চন্দ্র আচার্য্য, শিক্ষক

পরিমার্জনায়

১. দেবাশিষ দত্ত, শিক্ষক
২. সুমন রায় বর্মণ, শিক্ষক

Accountancy

Class-XII

সূচিপত্র

ভাগ- A

	পৃষ্ঠা
অধ্যায়-1 : অ-মুনাফাভোগী প্রতিষ্ঠানের হিসাবনিকাশকরণ	3
অধ্যায়-2 : অংশীদারি কারবারের হিসাবনিকাশকরণ (প্রাথমিক ধারণাসমূহ)	20
অধ্যায়-3 : অংশীদার গ্রহণ	30
অধ্যায়-4 : অংশীদারির পুনর্গঠন : অবসর গ্রহণ ও মৃত্যু	45
অধ্যায়-5 : অংশীদারি প্রতিষ্ঠানের বিলোপসাধন	63

ভাগ-B

অধ্যায়-1 : শেয়ার মূলধনের হিসাবনিকাশকরণ	72
অধ্যায়-2 : ঋণপত্রের বিলি ও পরিশোধ	97
অধ্যায়-3 : কোম্পানির আর্থিক বিবরণী	113
অধ্যায়-4 : আর্থিক বিবরণসমূহের বিশ্লেষণ	123
অধ্যায়-5 : হিসাব সংক্রান্ত অনুপাতসমূহ	138
অধ্যায়-6 : নগদ প্রবাহ বিবরণী	151

অধ্যায় -1

অ-মুনাফাভোগী প্রতিষ্ঠানের হিসাবনিকাশকরণ

অ-মুনাফাভোগী/অলাভজনক প্রতিষ্ঠান বলতে সেই প্রতিষ্ঠানগুলোকে বুঝানো হয়, যেগুলো সমাজের কল্যাণের জন্য স্থাপিত হয় এবং লাভের উদ্দেশ্য ছাড়াই দাতব্য প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হয়। এই প্রতিষ্ঠানগুলোর প্রধান লক্ষ্য হলো— এর সদস্য ও জনসাধারণের কাছে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবাগুলো পৌঁছে দেওয়া। এই জাতীয় প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে ক্লাব, হাসপাতাল, গ্রন্থাগার, বিদ্যালয়, ধর্মীয় প্রতিষ্ঠান, দাতব্য প্রতিষ্ঠান, সাহিত্য সমিতি ইত্যাদি।

অ-মুনাফাভোগী / অলাভজনক সংস্থাগুলির সাধারণত বাণিজ্যিক মালিক/মালিকানা থাকে না এবং এর সদস্যসমূহ, অংশদাতা/করদাতা, কোন কার্যসূচির রাজস্ব, তহবিল সংগ্রহ সংক্রান্ত ঘটনাবলি, সরকারি সহায়তা এবং বিনিয়োগের আয়ের অর্থের উপর নির্ভর করে।

অ-মুনাফাভোগী / অলাভজনক সংস্থাগুলোর মূল বিষয়গুলো নিম্নে বর্ণিত হলো —

- i) মালিকানা — কেহ নহে
- ii) প্রাথমিক উদ্দেশ্য — সমাজের জন্য প্রয়োজনীয় পরিষেবা প্রদান
- iii) গৌণ উদ্দেশ্য — এটা নিশ্চিত করা যে সংস্থা কর্তৃক অর্জিত রাজস্বগুলো তার ব্যয়ের চেয়ে বেশী হয়, যাতে সংস্থার দ্বারা প্রদত্ত পরিষেবাগুলো চালু রাখা যায়।
- iv) কর সংক্রান্ত ব্যবস্থাাদি — অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবা (IRS) দপ্তর দ্বারা অনুমোদন সাপেক্ষে আয়কর থেকে অব্যাহতি পেয়ে থাকে।
- v) প্রয়োজনীয় আর্থিক — a) প্রাপ্তি প্রদান হিসাব।
সংক্রান্ত হিসাবনিকাশ b) আয় ও ব্যয় হিসাব।
c) উদ্বর্তপত্র।
- vi) সত্তা সংক্রান্ত ধারণা অনুসরণ করে : পৃথক সত্তার ধারণা।

প্রাপ্তি এবং প্রদান হিসাব (Receipts and Payments A/C) :

নগদ প্রাপ্তি এবং প্রদান হিসাবটি কোন একটি নির্দিষ্ট সময়কালে নগদান হিসাব বইয়ে প্রদত্ত প্রকৃত, নগদ অর্থ প্রাপ্তি ও প্রদানের সংক্ষিপ্তসার। প্রাপ্তি এবং প্রদান হিসাবটি হিসাব রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে নগদ ভিত্তি সংক্রান্ত ধারণাটি অনুসরণ করে।

আয় এবং ব্যয় হিসাব (Income and Expenditure A/C) :

আয় এবং ব্যয় হিসাব হলো কোনো একটি নির্দিষ্ট সময়কালে কোনো প্রতিষ্ঠান দ্বারা প্রদত্ত আয় এবং ব্যয়ের সংক্ষিপ্তসার। আয় এবং ব্যয় হিসাবটি সাধারণত হিসাব রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে প্রাপ্য—প্রদেয় ভিত্তি সংক্রান্ত ধারণাটি অনুসরণ করে থাকে। এটি আবার লাভজনক প্রতিষ্ঠান কর্তৃক রক্ষিত লাভ লোকসান হিসাবের অনুরূপ। একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান যে ধারণার উপর ভিত্তি করে ক্রয়—বিক্রয় হিসাব ও লাভ—লোকসান হিসাব প্রস্তুত করে থাকে, সেই ধারণা অনুযায়ী এই হিসাবটিও প্রস্তুত করা হয়।

সুতরাং, সমস্ত মুনাফাজাতীয় খরচ ও প্রাপ্তি এই হিসাবের ডেবিট দিকে নথীভুক্ত করা হয়, আবার সমস্ত মুনাফাজাতীয় আয় ও লাভ এই হিসাবের ক্রেডিট দিকে নথীভুক্ত করা হয়। এই হিসাবটির সাহায্যে অমুনাফাভোগী প্রতিষ্ঠানের উদ্বৃত্ত বা ঘাটতি

ঘাটতি নির্ণয় করার ক্ষেত্রে প্রতিষ্ঠানটির বর্তমান আয় ও ব্যয় উভয়কেই বিবেচনা করা হয়।

যদি হিসাবটির ক্রেডিট দিক ডেবিট দিকের তুলনায় বড়ো হয়, তাহলে তা উদ্বৃত্ত (Surplus) নামে পরিচিত। (ব্যয় অপেক্ষা আয় বেশি) এবং বিপরীতে, তা ঘাটতি নামে পরিচিত (আয় অপেক্ষা ব্যয় বেশি)।

মূলধনী প্রাপ্তি (Capital Receipts) :

এই ধরনের প্রাপ্তিগুলো বারংবার ঘটে না। এই ধরনের প্রাপ্তিগুলিকে উদ্বৃত্তপত্রের দায়ের দিকে অন্তর্ভুক্ত করা হয়। এর অন্তর্গত বিষয়গুলো হলো— আজীবন সদস্যপদের চাঁদা, উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি, স্থায়ী সম্পত্তি বিক্রয় ইত্যাদি।

মুনাফাজাতীয় প্রাপ্তি (Revenue Receipts) :

মুনাফাজাতীয় প্রাপ্তি বলতে প্রতিষ্ঠানের স্বাভাবিক দৈনন্দিন কার্যকলাপের ফলে প্রাপ্তিগুলোকে বোঝায়। এই বিষয়গুলোকে সাধারণত প্রাপ্তি-প্রদান হিসাবের ডেবিট দিকে দেখানো হয়। উদাহরণ স্বরূপ— চাঁদা (সদস্যদের কাছ থেকে সংগৃহীত), ভাড়া প্রাপ্তি, সুদ বাবদ প্রাপ্তি, প্রবেশ ফি বাবদ প্রাপ্তি, পুরানো সংবাদপত্র বিক্রয় ইত্যাদি।

মুনাফাজাতীয় ব্যয় (Capital Expenditure) :

এই ধরনের ব্যয়গুলো সাধারণত বারংবার সম্পাদিত হয় না। প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি কর্মকুশলতা উন্নতিসাধনের জন্য এই ধরনের মূলধন জাতীয় ব্যয়গুলো সাধারণত প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি স্থির বা স্থায়ী সম্পত্তি ক্রয় করার ক্ষেত্রে ব্যাবহৃত হয়। যেমন— প্ল্যান্ট, মেশিনারি, বিল্ডিং, যন্ত্রপাতি, আসবাব-পত্র, সাজসরঞ্জাম ইত্যাদি।

মুনাফাজাতীয় ব্যয় (Revenue Expenditure) :

মুনাফাজাতীয় ব্যয় হলো প্রতিষ্ঠানের সামগ্রিক ব্যয়ের সেই অংশ যার দ্বারা কোন সম্পদ বা সম্পত্তি তৈরি হয় না। মুনাফাজাতীয় ব্যয়ের অন্তর্ভুক্ত বিষয়গুলো হল— কর্মচারীদের বেতনভাতা প্রদান, ভাড়া প্রদান, খবরের কাগজের বিল ইত্যাদি।

কিছু নির্দিষ্ট বিষয় এবং হিসাবনিকাশকরণ সংক্রান্ত ব্যবস্থা			
Sl.No.	Item	Nature	Accounting Treatment
1.	Donations : General Specific	Revenue Receipts Capital Receipts	Credit side of Income and Expenditure A/c. Liability side of Balance sheet.
2.	Legacy	Capital Receipts	Liability side of Balance sheet.
3.	Life Membership Fees	Capital Receipts	Liability side of Balance sheet.
4.	Entrance Fees Or Admission Fees (In the absence of any instruction)	Revenue Receipts	Credit side of Income and Expenditure Account.

5.	Sale of old sports Materials and old Newspapers/Periodicals	Revenue Receipts	Credit side of Income and Expenditure Account.
6.	Purchase of fixed Assets (Furniture, Land, Building, equipment etc.)	Capital Expenditure	Assets side of Balance Sheet
7.	Payment of Honorarium	Revenue Expenditure	Debit side of Income and Expenditure Account.
8.	Subscription	Revenue Receipts	Credit side of Income and Expenditure Account.
9.	Special/specific Fund	Capital Receipt	Liability side of Balance sheet.
10.	Sale of old Assets : Loss Profit	Non- Operating Non- Operating	Debit side of Income and Expenditure Account. Credit side of Income and Expenditure Account.
11.	Endowment Fund	Capital Receipts	Liability side of Balance sheet.
12.	Purchase of consumable Items	Revenue Expenditure	Debit side of Income and Expenditure Account.

আয় এবং ব্যয় হিসাব তৈরি করার জন্য নিম্নে প্রদত্ত প্রয়োজনীয় ধাপগুলো অনুসরণ করা হয় :

- হিসাবের সংশ্লিষ্ট দিকে সমস্ত মুনাফাজাতীয় প্রাপ্তি ও প্রদানগুলিকে অন্তর্ভুক্ত করা— তবে শুধুমাত্র চলতি বৎসরের হিসাবের বিষয়গুলিকেই বিবেচনা করা হবে।
- এটা নিশ্চিত করা যে— আয় ও ব্যয় হিসাবে যেন কোন ভাবেই মূলধনজাতীয় প্রাপ্তি বা প্রদানগুলো অন্তর্ভুক্ত না হয়।
- অতিরিক্ত তথ্যাবলিতে যে বিষয়ের উপর নির্দেশাবলি রয়েছে, শুধুমাত্র তার জন্য প্রয়োজনীয় দাখিলা দিতে হবে।
- এছাড়া প্রাপ্তি প্রদান হিসাবের অন্যান্য বিষয়গুলো, অবচয়, সঞ্চিত, স্থায়ী সম্পত্তির বিক্রয়ের ফলে লাভ বা ক্ষতি ইত্যাদি এই হিসাবের অন্তর্ভুক্ত হবে।

অবশেষে মুনাফা এবং খরচের সমস্ত বিষয়গুলি অন্তর্ভুক্তির পর তুমি একটি জের পাবে। ফলস্বরূপ, উক্ত জেরটিই কোন প্রতিষ্ঠানের কোনো একটি নির্দিষ্ট হিসাবকালের উদ্ভূত / ঘাটতি প্রকাশ করবে।

অনুশীলন

A) নিম্নলিখিত বিবৃতিগুলি সত্য না মিথ্যা, তা যাচাই করো : (প্রতিটি প্রশ্নের মান- ১)

১) প্রাপ্তি—প্রদান হিসাবটি সমস্ত মূলধনজাতীয় প্রাপ্তি ও প্রদানের সংক্ষিপ্তসার।

উত্তর :-----

২) আয়—ব্যয় হিসাবের ক্রেডিট জের আয়ের চেয়ে ব্যয়ের অতিরিক্ত বিষয়টিকে নির্দেশ করে।

উত্তর :-----

৩) একটি সার্বজনীন গ্রন্থাগার হল একটি অলাভজনক সত্তা / সংস্থা।

উত্তর :-----

৪) কোনো একটি নির্দিষ্ট উদ্দেশ্যে প্রাপ্ত অনুদানকে সর্বদাই মূলধনায়িত করা হয়।

উত্তর :-----

৫) প্রাপ্তি প্রদানের হিসাবটি একটি নামিক হিসাব।

উত্তর :-----

৬) ব্যয়ের চেয়ে আয়ের অতিরিক্ত অংশটি সর্বদা মূলধনী তহবিলের সঙ্গে যুক্ত হয়।

উত্তর :-----

৭) অনগদ বিষয়গুলো আয়—ব্যয় হিসাবের অন্তর্ভুক্ত হয়।

উত্তর :-----

৮) পুরোনো সম্পত্তি বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থকে আয় হিসেবে গণ্য করা হয়।

উত্তর :-----

৯) আয়—ব্যয় হিসাবের ক্রেডিট দিকে প্রতিষ্ঠানের আয়কে দেখানো হয়।

উত্তর :-----

১০) প্রাপ্তি—প্রদান হিসাবটি লাভ—লোকসান হিসাবের সমতুল্য।

উত্তর :-----

B) উপযুক্ত শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করো : (প্রতিটি প্রশ্নের মান- ১)

১) কোনো একটি নির্দিষ্ট উদ্দেশ্যে প্রাপ্ত অনুদানকে দেখানো হয় ----- ।

২) কোনে একটি ক্লাবের নিয়মিত অর্থ সংগ্রহের / আয়ের উৎস হলো ----- ।

৩) প্রাপ্তি এবং প্রদান হিসাবটি হল নগদান বইয়ের একটি ----- ।

৪) আয় এবং ব্যয় হিসাবটি প্রস্তুত করা হয় ----- ভিত্তিতে।

৫) প্রাপ্তি—প্রদান হিসাবটি প্রস্তুত করা হয় ----- ভিত্তিতে।

৬) পুরোনো খবরের কাগজ বিক্রয় হল ----- প্রকৃতির।

৭) পুরোনো যন্ত্রাংশ বিক্রয় হল ----- প্রকৃতির।

৮) সাধারণ অনুদানকে দেখানো হয় ----- ।

- ৯) অলাভজনক প্রতিষ্ঠানটি হল ————— আইনগত সত্তাবিশিষ্ট।
- ১০) অলাভজনক সংস্থাগুলির ক্ষেত্রে সাধারণত ব্যক্তিগত মালিকানাধীন, অংশীদারি ও যৌথ মূলধনী কোম্পানির মতো
————— থাকে না।
- ১১) আয়—ব্যয় হিসাবের ক্রেডিট জের ————— নামে পরিচিত।
- ১২) অগ্রিম প্রাপ্ত চাঁদা অস্তিম/চূড়ান্ত উদ্বর্তপত্রের ————— দিকে দেখানো হয়।
- ১৩) এনডাউমেন্ট ফান্ড অস্তিম / চূড়ান্ত উদ্বর্তপত্রের ————— দিকে দেখানো হয়।
- ১৪) খেলাধুলার সামগ্রী বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থ হল ————— প্রাপ্তি।
- ১৫) স্টেশনারি বাবদ অস্তিম মজুত পর্য্যকে দেখানো হয় —————।
- C) নিম্নলিখিত বহুমুখী নির্বাচনভিত্তিক / সংক্ষিপ্ত প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি প্রশ্নের মান- ১)
- ১) প্রাপ্তি প্রদান হিসাবটি হলো —
i) নামিক হিসাব, ii) সম্পত্তি সংক্রান্ত হিসাব, iii) ব্যক্তিগত হিসাব, iv) প্রতিনিধিত্বমূলক ব্যক্তিগত হিসাব।
- উত্তরঃ —————
- ২) চাঁদা আদায় হয়েছে তবে অর্জিত হয়নি, এটি বিবেচিত হয় কী হিসেবে— i) সম্পত্তি, ii) দায়, iii) আয়, iv) ব্যয়।
- উত্তরঃ —————
- ৩) অলাভজনক প্রতিষ্ঠানের যে কোনো দুটি প্রধান আয়ের উৎসের নাম লেখো।
- উত্তরঃ —————
- ৪) “সদস্যদের চাঁদা” বলতে কী বোঝায়?
- উত্তরঃ —————
- ৫) নিম্নের কোন আর্থিক বিবরণীটি অলাভজনক সংস্থা প্রস্তুত করে না—
i) লাভ এবং লোকসান হিসাব, ii) আয় এবং ব্যয় হিসাব, iii) প্রাপ্তি এবং প্রদান হিসাব, iv) উদ্বর্তপত্র।
- উত্তরঃ —————
- ৬) প্রাপ্তি এবং প্রদান হিসাবটি সাধারণতঃ প্রদর্শন করে —
i) ডেবিট জের, ii) ক্রেডিট জের, iii) উদ্বৃত্ত বা ঘাটতি, iv) মূলধনী তহবিল।
- উত্তরঃ —————
- ৭) নিম্নলিখিত বিষয়গুলোর মধ্যে কোনটি প্রাপ্তি এবং প্রদান হিসাবে দেখানো হয়—
i) বকেয়া বেতন ii) অবচয় iii) আজীবন সদস্যদের ফিস iv) অর্জিত চাঁদা।
- উত্তরঃ —————
- ৮) কোনো একটি নির্দিষ্ট উদ্দেশ্যে প্রাপ্ত অনুদান হলো —
i) দায়, ii) মুনাফাজাতীয় প্রাপ্তি, iii) মূলধন জাতীয় প্রাপ্তি, iv) উপরের কোনোটিই নয়।
- উত্তরঃ —————

৯) অলাভজনক প্রতিষ্ঠান / সংস্থা বলতে কী বোঝো?

উত্তর: -----

১০) নির্দিষ্ট তহবিলের ক্ষেত্রে, তহবিলের খরচের পরিমাণ যখন তহবিলের চেয়ে বেশি হয়, তখন তা লিপিবদ্ধ করা উচিত —

- i) উদ্বর্তপত্রের দায়ের দিকে, ii) আয় এবং ব্যয় হিসাবের ডেবিট দিকে,
iii) আয় এবং ব্যয় হিসাবের ক্রেডিট দিকে, iv) উদ্বর্তপত্রের সম্পত্তির দিকে।

উত্তর: -----

১১) আয় এবং ব্যয় হিসাবের জের—

- i) হাতে নগদ অর্থ, ii) মূলধনী তহবিল, iii) নীট লাভ, iv) ব্যয়ের চেয়ে আরো বেশি অথবা তদ্বিপরীত।

উত্তর: -----

১২) একটি অলাভজনক সংস্থার হিসাব বছরের শুরুতে মূলধন তহবিল নির্ণয় করার জন্য প্রস্তুত কা হয় —

- i) প্রাপ্তি এবং প্রদান হিসাব, ii) আয় এবং ব্যয় হিসাব, iii) অস্তিম উদ্বর্তপত্র, iv) শুরুর উদ্বর্তপত্র।

উত্তর: -----

১৩) মৃত ব্যক্তির ইচ্ছার ফলস্বরূপ প্রাপ্ত সম্পত্তিকে বলা হয় —

- i) সাম্মানিক, ii) উত্তরাধিকার, iii) অনুদান, iv) চাঁদা।

উত্তর: -----

১৪) নিম্নের কোনটি অলাভজনক সংস্থা?

- i) এয়ারটেল, ii) টাটা স্টিল, iii) আল্ট্রাটেক সিমেন্ট, iv) অভয় মিশন।

উত্তর: -----

১৫) মূলধনীজাতীয় প্রাপ্তি সম্পর্কে আলোচনা করো।

উত্তর: -----

১৬) অলাভজনক সংস্থার মূলধন কী নামে পরিচিত?

উত্তর: -----

১৭) আয় এবং ব্যয় হিসেবে কোন ধরনের লেনদেন অন্তর্ভুক্ত হয় :

- i) কেবলমাত্র মুনাফাজাতীয় প্রকৃতির, ii) কেবলমাত্র মূলধন জাতীয় প্রকৃতির
iii) মুনাফাজাতীয় ও মূলধনজাতীয় প্রকৃতির, iv) কোনোটিই নয়।

উত্তর: -----

১৮) লাভজনক সংস্থাগুলোর তুলনায় অলাভজনক সংস্থাগুলির কিছু পার্থক্যজনিত বৈশিষ্ট্য রয়েছে, এর মধ্যে যে কোন একটি বিবৃত করো।

উত্তর: -----

১৯) একটি অলাভজনক সংস্থা একজন নতুন সদস্য থেকে প্রবেশ ফি বাবদ ১০,০০০ টাকা গ্রহন করল। যদি এই ফিসের ২০% মূলধনায়িত করা হয়, তাহলে প্রবেশ ফি বাবত কী পরিমাণ টাকা আয় এবং ব্যয় হিসেবে প্রদর্শিত হবে?

উত্তরঃ -----

২০) মুম্বাই ক্রিকেট এসোসিয়েশন ম্যাচ ফান্ড সম্পর্কিত নিম্নলিখিত তথ্যাবলি প্রদান করেছে— Opening Balance of Match fund R 50,000; Receipts from Match R 20,000; Match Expenses R 18,000. ম্যাচ ফান্ড সম্পর্কিত কী পরিমাণ টাকা উদ্বর্তপত্রে প্রদর্শিত হবে?

i) ৪৮,০০০ টাকা, ii) ৪২,০০০ টাকা, iii) ১২,০০০ টাকা, iv) কোনোটিই নয়।

উত্তরঃ -----

২১) বিশেষ উদ্দেশ্যে প্রাপ্ত অনুদান —

i) আয় এবং ব্যয় হিসেবে ক্রেডিট করা উচিত, ii) আয় এবং ব্যয় হিসেবে ডেবিট করা উচিত,
iii) পৃথক একটি হিসেবে ক্রেডিট করা উচিত এবং উদ্বর্তপত্রে দেখানো। iv) নথীভুক্ত করা উচিত নয়।

২২) একটি অলাভজনক সংস্থা দ্বারা প্রাপ্ত, প্রবেশ মূল্যের টাকা (যদি তা নিয়মিতভাবে প্রাপ্তি হয়) নীচের কোনটিতে দেখানো হবে?

i) উদ্বর্তপত্রের দায়ের দিকে, ii) উদ্বর্তপত্রের সম্পত্তির দিকে,
iii) আয় এবং ব্যয় হিসাবের ডেবিট দিকে, iv) আয় এবং ব্যয় হিসাবের ক্রেডিট দিকে।

২৩) এনডাউমেন্ট ফান্ড বলতে কী বোঝা?

উত্তরঃ -----

২৪) অলাভজনক সংস্থাগুলি প্রস্তুত করে—

i) ক্রয় বিক্রয় হিসাব, ii) ক্রয় বিক্রয় এবং লাভ ও ক্ষতির হিসাব, iii) আয় এবং ব্যয়ের হিসাব, iv) উপরের সবকটি।

উত্তরঃ -----

২৫) অলাভজনক সংস্থার আয়ের উৎসগুলো হলো :

i) আজীবন সদস্যদের চাঁদা, ii) অনুদান, iii) চাঁদা, iv) সবকটি।

উত্তরঃ -----

২৬) চলতি বছরে আদায়ীকৃত অগ্রিম প্রাপ্ত চাঁদা হলো —

i) একটি আয়, ii) একটি সম্পত্তি, iii) একটি দায়, iv) কোনটিই নয়।

উত্তরঃ উত্তরঃ -----

২৭) একটি ক্লাবের ঘাস বিক্রয় বাবত প্রাপ্ত অর্থ বিবেচিত হয় :

i) মূলধন জাতীয় প্রাপ্তি, ii) মুনাফাজাতীয় প্রাপ্তি, iii) সম্পত্তি, iv) অর্জিত আয়।

উত্তরঃ

২৮) নিম্নের কোনটি অলাভজনক সংস্থা

i) স্পোর্টস ক্লাব, ii) হাসপাতাল, iii) বিদ্যালয়, iv) উপরের সবগুলো।

উত্তরঃ -----

- ২৯) যখন ক্রীড়া তহবিলে গচ্ছিত আয়ের তুলনায় ক্রীড়া বাবদ খরচের পরিমাণ কম হয়, তখন পদটিকে দেখানো হয় —
i) প্রাপ্তি ও প্রদান হিসাবে, ii) উদ্বর্তপত্রে, iii) আয় এবং ব্যয় হিসাবে, iv) কোনোটিই নয়।

উত্তর : —————

- ৩০) আজীবন সদস্যপদের চাঁদা হলো—
i) একটি সম্পত্তি, ii) একটি দায়, iii) একটি খরচ, iv) কোনোটিই নয়।

উত্তর : —————

সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন :

(প্রতিটি প্রশ্নের মান ৩ নম্বর)

- 1) প্রাপ্তি এবং প্রদান হিসাবের যে কোন তিনটি প্রধান বৈশিষ্ট্য লেখো।

উত্তর :

- 2) আয় এবং ব্যয় হিসাবের যে কোনো তিনটি প্রধান বৈশিষ্ট্য লেখো।

উত্তর :

- 3) নিম্নের যে কোন দুটি পরিভাষা সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।

a) মূলধনী তহবিল, b) উত্তরাধিকার, c) চাঁদা।

উত্তর : —————

- 4) একটি অলাভজনক সংস্থার আয় এবং ব্যয় হিসাব ও উদ্বর্তপত্র প্রস্তুতের সময় নিম্নলিখিত পরিভাষাগুলোকে তুমি কীভাবে ব্যবহার করবে?

a) বিনিয়োগ ক্রয় করা, b) বিন্দিংয়ের জন্য অনুদান,
c) স্থায়ী সম্পত্তি বিক্রয়, d) বার্ষিক চাঁদা, e) আজীবন সদস্যপদের চাঁদা।

- 5) From the following information ,calculate the amount charged to Income and Expenditure A/c for sports material consumed for the year 2019-20.

Particulars	Amount (Rs.)
Creditors for sports materials(01.04.2019)	60,000
Creditors for sports materials(31.03.2020)	40,000
Stock of sports Materials (01.04.2019)	1,00,000
Amount paid to Creditors during the year 2019-20	3,80,000
Sports Material sold during the year 2019-20 (having book value 80,000).	62,000
Cash purchase of sports Materials during the year 2019-20	2,70,000

উত্তর : —————

- 6) From the following information, calculate the amount of sports materials that will be debited to the Income and expenditure Account of singhali sports club for the year ending 31.03.2020.

Particulars	01-04-2019 (Rs.)	31-03-2020 (Rs.)
Stock of sports Materials	1,60,000	1,20,000
Creditors for sports materials	60,000	42,000
Advance paid for sports materials	30,000	40,000

Additional information:-

Cash purchase of sports Materials during the year was Rs. 4,00,000. An amount of Rs. 2,50,000 were paid to creditors for spots material during the year.

উত্তর : _____

7) মূলধনী তহবিল কী? এটা কীভাবে গণনা করা হয়?

উত্তর : _____

8) “অলাভজনক সংস্থার আয় এবং ব্যয়ের হিসাবটির সঙ্গে লাভজনক সংস্থার লাভ এবং ক্ষতির হিসাবটির সদৃশতা রয়েছে”— বিবৃতিটি ব্যাখ্যা করো।

উত্তর : _____

9) How the following items were shown in the accounts of a Not –for – profit organisation?

Particulars	Amount (Rs.)
Tournament Fund	1,00,000
Tournament Expenses	60,000
Receipts from Tournament	30,000

উত্তর : _____

10) From the following information, prepare a Receipts and Payments Account for the year ending on 31st December,2020:

Particulars	Amount(Rs)
Opening Balance of cash in hand and at bank	28,000
Subscription Received (Including Rs 18,000 for 2019)	1,05,000
Entrance fees	16,000
Furniture purchased	14,000
Repairs and Maintenance Expenses	21,000
Locker Rent	32,000
Interest on Investment	6,000
Life membership fees	12,000
Insurance premium paid	18,000

উত্তর : _____

11) Calculate the amount of subscription to be credited to Income and Expenditure Account for the year ended 31st March., 2020 in the books of people’s health club.

Particulars	Amount(Rs)
Subscription	
2018-19	4,000
2019-20	1,80,000
2020-21	12,000

The club has 500 members each paying Rs 400/- as annual subscription. Subscription outstanding as on 31st march,2019 are Rs 8,000.

উত্তর : _____

12) On the basis of the following information, Calculate the amount debited to stationery A/c in the Income and Expenditure Account for the year ending on March 31,2020.

Particulars	Amount(Rs)
Stock of stationery as on 1 st April, 2019	30,000
Amount paid to creditors for stationery during the year 2019-20	72,000
Creditors for stationery on 1 st April ,2019	22,000
Stock of stationery on 31 st March,2020	18,000
Creditors for stationery on 31 st March,2020	16,000

উত্তর : _____

13) Show the following information in financial statements of a Not-for-profit organisation in the books of jewel sports club:

Details	Amount (Rs)
Match fund	6,00,000
Sale of match Tickets	4,60,000
Match Expenses	10,20,000
Donation for match fund	3,80,000

উত্তর : _____

দীর্ঘ উত্তরধর্মী প্রশ্নগুলির উত্তর দাও :

(প্রতিটি প্রশ্নের মান ৬ নম্বর)

1) প্রাপ্তি ও প্রদান হিসাবের সঙ্গে আয় এবং ব্যয় হিসাবের মধ্যে পার্থক্য দেখাও।

(2+4)

উত্তর : _____

2) অলাভজনক সংস্থা বলতে কী বোঝো? অলাভজনক সংস্থার বৈশিষ্ট্যগুলো বিবৃত করো। (2+4)

উত্তর : _____

3) প্রাপ্তি ও প্রদান হিসাব বলতে কী বোঝো? প্রাপ্তি ও প্রদান হিসাবের প্রধান বৈশিষ্ট্যগুলো আলোচনা করো। (2+4)

উত্তর : _____

4) আয় এবং ব্যয় হিসাব বলতে কী বোঝো? আয় এবং ব্যয় হিসাব প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলো কী কী? (2+4)

উত্তর : _____

5) উদ্বর্তপত্র বলতে কী বোঝো? অলাভজনক সংস্থার উদ্বর্তপত্র কীভাবে প্রস্তুত করা হয়? (2+4)

উত্তর : _____

6) Following is the Receipts and Payments account of young star sports club, TN for the year ending on 31st March 2020.

Receipts	Amount(Rs)	Payments	Amount(Rs)
To, Balance B/D	8,600	By, Rent	24,000
To, Subscriptions	82,000	By, Sundry expenses	7,000
To, Donation	10,000	By, Equipments purchased	30,000
		By, Match Expenses	3,600
To, Match fund	8,000		
To, Donation for club		By, Salaries	9,600
House building	62,000	By, sundry expenses	6,800
To, Interest	1,200	By, Newspaper	1,200
To, sale of Grass	2,000	By Furniture purchased	32,000
To, Miscellaneous		By Balance C/D	63,200
Receipts	3,600		
	1,77,400		1,77,400

Subscription outstanding on 31st March, 2019 were Rs 4,800 and 31st March, 2020 were Rs 8,000. Salaries outstanding on 31st March, 2019 and 31st March, 2020 were Rs 3,200 and Rs 6,800 respectively.

Prepare Income and expenditure account for the year ended 31st March, 2020 after depreciation of furniture and equipments by 10% & 5% respectively.

7) Following is the Receipts and payments Account of the women's welfare society for the year ended December 31, 2020.

Receipts	Amount (Rs)	Payments	Amount (Rs)
To, Balance B/D	2,270	By, Electric charges	1,480
To, Subscriptions	32,500	By, Lecturers fee	730
To, Endowment fund	3,250		
To, Donation	2,500	By, Rent	6,000
To, Sale of old furniture (Book value Rs1000)	750	By, Salary	1,300
To, profit from Entertainment	7,250	By, Legal fee	1,870
To, Interest	350	By, printing & Stationery	1,050
		By, Books	6,500
		By, Furniture purchased	8,600
		By Treavelling expenses	600
		By office expenses	3,200
		By Balance C/D	17,540
	48,870		48,870

You are required to prepare Income and Expenditure account after considering the following adjustments:

- i) Subscription still to be received are Rs 750 but subscription include Rs 500 for the year 2021.
 - ii) In the begaining of the year the society has building ¹ 20,000 and Furniture Rs 3000 and Books Rs 2000.
 - iii) Provide Depreciation on Furniture @5% (Including Purchase), books @ 10% and building @5%.
- 8) Following is the Receipts and payments Account of Magnet Cricket club for the year ended on 31st March,2020.

Receipts	Amount (Rs)	Payments	Amount (Rs)
To, Balance B/D.	4,400	By, Rent	15,500
To, Subscription	46,100	By, Printing and Stationery	6,800
To, Tournament fund	12,000		
To, Receipts from Advertisement	5,200	By, Salaries	16,200
To, Interest	1,500	By, Expenses on charity show	18,100
To, Entrance fees	1,000	By, Tournament Expenses	7,500

To, Donation	6,000	By, 10% Investment	
To, Donation for Building	20,000	Purchased	10,000
		By, Furniture	6,000
		By, Balance C/D	16,100
	96,200		96,200

Subscription outstanding on 31st March, 2019 were Rs 4,500 and on 31st March, 2020 were Rs 6,000. Rent outstanding at the beginning of the year was Rs 1,000 and at the end was Rs 1,500. Furniture was purchased on 01.07.2019. Provide depreciation @ 10% P.a. On 1st April, 2019, The club had furniture valued Rs 8,000 and 10% Investments valued Rs 15,000. Prepare Income and expenditure A/c for the year ended 31st March, 2020 and a Balance sheet as at that date.

9) From the following Receipts and payments A/c of Jupiter club for the year ended on 31st March, 2020 prepare a Income and Expenditure Account on that date.

Receipts	Amount (Rs)	Payments	Amount(Rs)
To, Balance B/D	32,000	By, Furniture	60,000
To, Donations	42,000	By, Equipments	62,000
To, Interest on Investments	11,000	By, Salaries	12,000
To, proceeds from charity show	10,000	By, Treavelling expenses	10,000
To, Subscriptions			
2018-19 1,600		By, Stationery	10,000
2019-20 60,000			
2020-21 5,000	66,600	By, Balance C/D	13,400
To, sale of Equipments (book value Rs 6000)	5,800		
	1,67,400		1,67,400

Additional Information :-

- i) Furniture and equipments were purchased in 01-10-19. Depreciation @ 10% p.a was to be provided on furniture and equipments.

- ii) Subscription in arrear for the year 2019-20 were Rs 2000.
- iii) Salary due but not paid during the year was Rs 6000.

Answer: _____

- 10) From the following Receipts and payments A/c of Rajdhani club for the year ended on 31st march, 2020.

Receipts	Amounts(Rs)	Payments	Amount(Rs)
To, balance B/D	65,000	By, Medicines	10,000
To, Subscription	68,500	By, Doctors and coaches honorarium	30,500
		By, Medical equipment	20,000
To, Entrance fees	45,000	By, General expenses	8,000
To, Life membership Fees	30,000	By, Furniture	30,000
To, Donation for Tournament fund	20,000	By, Newspaper	8,000
To, Sale of Furniture (Book value Rs 15000)	5,000	By, Rent, Rates and Taxes	5,000
To, Miscellaneous Receipts	15,000	By, Tournament expenses	60,000
		By, Balance C/D	77,000
	2,48,500		2,48,500

Additional Information:

Following opening balances are appeared in the books as on 01st April, 2019-

- i) Tournament fund -Rs 15000
- ii) Furniture Rs 30,000
- iii) Medical equipment Rs 1,20,000
- iv) Outstanding subscription for the year was Rs 8000 and advance subscription received (for 2020-21) during the year was Rs 5000.
- v) During the year 2019-20, Depreciation on medical equipment was Rs 25,000.
- vi) There were 600 members each paying an annual subscription of Rs 100.

Prepare Income and Expenditure A/c.

- 11) From the following information of Mahabir Sports club, prepare Income and Expenditure A/c for the year ended on 31st December, 2019.

Receipts and payments A/c

For the year ending on 31st December, 2019

Receipts	Amount(Rs)	Payments	Amount(Rs)
To, Balance B/D	40,000	By, Furniture	1,10,000
To, Interest on Investments	2,400	By, Salaries	64,500
To, Donations	27,000	By, Equipments	20,000
To, Subscriptions	3,00,000	By, Miscellaneous Expenses	52,000
		By, Telephone charges	10,000
		By, Books	6,000
To, Rent Received	50,000	By, Printing and stationery	21,000
To, Entrance fees	18,000	By, 6% Investments (on 01.05.2019)	1,00,000
To, sale of Old News paper	2,600	By, Balance C/D	56,500
	4,40,000		4,40,000

Addition information :

Subscription received included Rs 15,000 for 2018. Subscription not received during the year were Rs20,000.

Salary outstanding during the year 2019 were Rs 8000 and Rent Receivable was Rs 2000.

Opening stock of Printing and stationery was Rs 12000, where as closing stock was Rs 15000.

Prepare income and expenditure A/c for the year ending on 31st December, 2019.

12) From the following receipts and payments account of Arambag sports club for the year ended 31st March,2020 prepare Income and Expenditure Account of the club and a Balance sheet as on that date.

Receipts	Amount(Rs)	Payments	Amount(Rs)
To, Balance B/D	5,000	By, Salary	9,000
To, Subscriptions	30,000	By, Furniture	14,000
To, Entrance fee	4,000		
		By, Office expenses	11,000
To, Tournament fund	15,000	By, Tournament Expenses	21,000

To, sale of old Newspapers	2,000	By, Sports equipment	20,000
To, Legacy	18,000	By, Balance C/D	16,000
To, Life membership fees	17,000		
	91,000		91,000

Other Information:

Subscription outstanding on 31.03.2020 were Rs 40000 and on 31.03.2019 subscription outstanding was Rs 3000. Salary outstanding on 31.03.2020 was Rs 2000.

On 01.04.2019 The club had building Rs 80,000, furniture Rs 20,000, 10% Investment Rs 45,000 and sports equipments Rs 25000. Depreciation charge on These items including purchase was 10 % (except Investment).

:Answer key:

A. সত্য / মিথ্যা :

১) মিথ্যা, ২) মিথ্যা, ৩) সত্য, ৪) সত্য, ৫) মিথ্যা, ৬) সত্য, ৭) সত্য, ৮) মিথ্যা, ৯) সত্য, ১০) মিথ্যা ।

B. শূন্যস্থান পূরণ করো :

১) উদ্বর্তপত্র, ২) চাঁদা, ৩) সারাংশ, ৪) প্রাপ্য প্রদেয়, ৫) নগদ, ৬) মুনাফাজাতীয়, ৭) মূলধনজাতীয়, ৮) আয় এবং ব্যয় হিসাব, ৯) পৃথক, ১০) মূলধন, ১১) উদ্বৃত্ত, ১২) দায়ের, ১৩) দায়ের, ১৪) মুনাফাজাতীয়, ১৫) চূড়ান্ত উদ্বর্তপত্র ।

C. বহুমুখী নির্বাচন ভিত্তিক / অতি সংক্ষিপ্ত :

১) (i), ২) (ii), ৩) চাঁদা, অনুদান, উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি ইত্যাদি, ৪) পাঠ্যবই দেখো, ৫) (i), ৬) (ii), ৭) (iii), ৮) (iii), ৯) পাঠ্যবই দেখো, ১০) (ii), ১১) (iv), ১২) (iv), ১৩) (ii), ১৪) (iv), ১৫) পাঠ্যবই দেখো, ১৬) মূলধনী তহবিল বা সাধারণ তহবিল, ১৭) (i), ১৮) জনকল্যানের জন্য প্রয়োজনীয় পরিষেবা প্রদান করা, ১৯) ৮০০০ টাকা, ২০) ৫২০০০ টাকা, ২১) (iii), ২২) (iv), ২৩) এনডাইমেন্ট ফান্ড হল অলাভজনক সংস্থা দ্বারা রক্ষিত এক প্রকার আর্থিক সম্পত্তি, যা মূলধনজাতীয় বিনিয়োগ প্রকৃতির, ২৪) (iii), ২৫) (iv), ২৬) (iii), ২৭) (ii), ২৮) (iv), ২৯) (iv), ৩০) (ii).

সংক্ষিপ্ত প্রশ্ন :

(প্রতিটি প্রশ্নের মান-৩)

৫) ৬,৫০,০০০ টাকা, ৭) ৬,৬২,০০০ টাকা, ৯) ৭০,০০০ টাকা (উদ্বর্তপত্রের দায়ের দিকে), ১০) ১,৪৬,০০০ টাকা (হস্তস্থ নগদ ও ব্যাঙ্কের অন্তিম জের), ১১) ২,০০,০০০ টাকা, ১২) ৭৮,০০০ টাকা, ১৩) ৪,২০,০০০ টাকা।

দীর্ঘ উত্তরধর্মী প্রশ্ন :

(প্রতিটি প্রশ্নের মান ৬ নম্বর)

6. Surplus (Excess of Income over Expenditure) Rs 49,800
7. Surplus (Excess of Income over Expenditure) Rs 24,590.
8. Opening capital fund Rs 30,900; surplus Rs 3950; closing Balance sheet total Rs 60,850
9. Surplus (Excess of Income over Expenditure) Rs 80,700.
10. Surplus Rs 8500
11. Surplus Rs 256100
12. Opening capital fund Rs 178000; Deficit Rs 2400; closing Balance sheet total Rs 2,12,600.

অধ্যায়-2

অংশীদারি কারবারের হিসাবনিকাশকরণ : (প্রাথমিক ধারণাসমূহ)

একটি ব্যবসাকে একক মালিকানা, অংশীদারি প্রতিষ্ঠান বা কোম্পানির মতো বিভিন্ন শ্রেণিতে ভাগ করা যেতে পারে। প্রত্যেকটি ব্যবসা সংগঠনের তার নিজস্ব সীমাবদ্ধতা রয়েছে। ব্যবসা সম্প্রসারণের সাথে সাথে মূলধনের সীমাবদ্ধতা বিষয়টি যুক্ত থাকে এবং অধিকতর ঝুঁকিও জড়িত হয়।

অংশীদারি কারবারের ভিত্তি হল পারস্পরিক চুক্তি এবং এক্ষেত্রে অংশীদাররা চুক্তির ভিত্তিতে মূলধন, লাভ এবং ক্ষতি বন্টন করে নিতে সম্মত হয়। যে সব ব্যক্তির অংশীদারিতে প্রবেশ করে তারা অংশীদার হিসেবে পরিচিত।

ভারতীয় ‘অংশীদারি আইন 1932’ অনুসারে এরূপে অংশীদারিকে সংজ্ঞায়িত করা হয়েছে “সেই সকল ব্যক্তিদের মধ্যে পারস্পরিক সম্পর্ক, যারা সকলের দ্বারা পরিচালিত বা তাদের হয়ে যে কোনো একজনের দ্বারা পরিচালিত ব্যবসায়ের মুনাফা বন্টনে সম্মত হয়।”

অংশীদারি কারবারের বৈশিষ্ট্যসমূহ :

অংশীদারির নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি উল্লেখ করা যেতে পারে :

- * এটি দুই বা ততোধিক ব্যক্তির একটি সংস্থা।
- * একটি অংশীদারি প্রতিষ্ঠান চুক্তির মাধ্যমে প্রতিষ্ঠিত হয়।
- * অংশীদারদের ব্যবসায়ের লাভ বা ক্ষতি ভাগ করে নিতে হয়।
- * মুনাফা অর্জনের জন্য ব্যবসাটিকে অবশ্যই আইন সম্মত ভাবে পরিচালিত হতে হবে।
- * অংশীদারি কারকার অবশ্যই সকল অংশীদারদের দ্বারা বা সকলের হয়ে একজন অংশীদারের দ্বারা পরিচালিত হবে। পারস্পরিক এবং প্রতিনিধিমূলক সম্পর্ক অংশীদারির ভিত্তি স্থাপন করে।

অংশীদারি চুক্তিনামা :

অংশীদারি চুক্তিনামা হল প্রতিষ্ঠানের অংশীদারদের মধ্যে একটি অংশীদারত্বের চুক্তি যা অংশীদারদের মধ্যে অংশীদারিত্বের শর্তাদি এবং বৃপরেখা বৃপায়ণ করে। অংশীদারি চুক্তিনামার উদ্দেশ্য হল প্রত্যেক অংশীদারদের ভূমিকা সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান করা, যা প্রতিষ্ঠানের কার্যাবলী মসৃণভাবে / সুচারুভাবে সম্পন্ন করাকে নিশ্চিত করে। অংশীদারি চুক্তি মৌখিক বা লিখিত হবে পারে। ‘অংশীদারি আইন 1932’ অনুসারে অংশীদারি চুক্তিনামা লিখিত হওয়া বাধ্যতামূলক নয়। তাসত্ত্বেও অংশীদারি চুক্তিনামা মৌখিক থেকে লিখিত হওয়াই অধিকতর কারণ লিখিত অংশীদারি চুক্তিনামা অংশীদারদের মধ্যে বিবাদ ও ভুল বোঝাবুঝি এড়াতে সহায়তা করে। এছাড়াও লিখিত অংশীদারি চুক্তিনামা অংশীদারদের মধ্যে বিরোধ নিষ্পত্তিতে একটি প্রামাণ্য দলিল হিসেবে পেশ করা যেতে পারে। যদি লিখিত চুক্তিনামা অংশীদারি আইন অনুসারে যথাযথভাবে স্বাক্ষরিত এবং নিবন্ধিত হয়, তবে এটি আদালতে প্রমাণ হিসেবে যবহার করা যেতে পারে।

অংশীদারি চুক্তিনামার অনুপস্থিতিতে প্রযোজ্য নিয়মাবলী :

অংশীদারি চুক্তিনামার অনুপস্থিতিতে প্রযোজ্য হিসাবরক্ষণ সংক্রান্ত নিয়মগুলি নিম্নরূপ :

- i) লাভ বা ক্ষতির বন্টন — সমান অনুপাতে।
- ii) মূলধনের উপর সুদ — প্রযোজ্য নয়।
- iii) অংশীদারদের পারিশ্রমিক বা বেতন — প্রযোজ্য নয়।

iv) অংশীদার কর্তৃক প্রদত্ত ঋণের উপর সুদ — বার্ষিক ৬% হারে।

v) উত্তোলনের উপর সুদ — কোনো সুদ ধার্য করা যাবে না।

লাভ এবং ক্ষতির বন্টনের হিসাব (অংশীদারদের মধ্যে লাভের বন্টন) :

অংশীদারি প্রতিষ্ঠানের লেনদেনসমূহ হিসাবরক্ষণের দ্বি-তরফা দাখিলা পদ্ধতির নীতি অনুসারে লিপিবদ্ধ করা হয় এবং এক মালিকানা প্রতিষ্ঠানের মতো অংশীদারি প্রতিষ্ঠানও প্রত্যেক হিসাব বছরের শেষে ক্রয়—বিক্রয় হিসাব, লাভ—ক্ষতি হিসাব ও উদ্বর্তপত্র প্রস্তুত করে থাকে। এক মালিকানা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতির সাথে অংশীদারি প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতির একমাত্র পার্থক্য হল এই যে অংশীদারি প্রতিষ্ঠানের অর্জিত মুনাফা প্রতিষ্ঠানের অংশীদারদের মধ্যে ভাগ করা হয়। অংশীদারি চুক্তিনামা বা ‘অংশীদারি আইন, 1932’-এর বিধান অনুসারে অংশীদারদের মধ্যে মুনাফার বন্টন দেখানোর জন্য ‘লাভ-ক্ষতির হিসাবের’ সংযোজিত অংশ। এটি একটি নামিক হিসাব। এটি মূলধনের উপর সুদ, উত্তোলনের উপর সুদ, অংশীদারদের বেতন এবং অংশীদারদের মধ্যে মুনাফা বন্টন সংক্রান্ত বিষয়গুলো এই হিসাবে দাখিলা দেওয়া হয়।

অংশীদারদের মূলধন হিসাব :

এটি এমন একটি হিসাব যা ব্যবসাতে অংশীদারদের অধিকারের পরিমাণ বা অংশকে উপস্থাপন করে। অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে, প্রত্যেক অংশীদারের জন্য পৃথক মূলধন হিসাব রাখতে হয়। অংশীদারদের মূলধনের হিসাব নিম্নলিখিত দুটি পদ্ধতির মধ্যে যে কোনো একটির দ্বারা করা লিপিবদ্ধ করা হয়ে থাকে :

1. স্থির মূলধন হিসাব পদ্ধতি (Fixed Capital Accounts)
2. পরিবর্তনশীল মূলধন হিসাব পদ্ধতি (Fluctuating Capital Accounts)

I. স্থির মূলধন হিসাব পদ্ধতি :

এই পদ্ধতিতে অংশীদারদের দ্বারা বিনিয়োগিত মূলধনের পরিমাণ স্থির থাকে, যদি না চুক্তির মাধ্যমে অতিরিক্ত মূলধন বিনিয়োগিত হয়। উত্তোলন, মূলধনের উপর সুদ, উত্তোলনের উপর সুদ, অংশীদারদের বেতন, লাভ বা ক্ষতির বন্টন ইত্যাদি সংক্রান্ত দাখিলাসমূহ একটি পৃথক হিসাবখাতে দেখানো হয়, যাকে চলতি হিসাব বলা হয়। মূলধনের পরিমাণ যখন স্থির থাকে সেক্ষেত্রে নিম্নলিখিত দুটি হিসাবখাত খোলা হয়, যথা :

i) মূলধন হিসাব (Capital Account) :

এই হিসাবখাত সর্বদাই ক্রেডিট জের প্রদর্শন করে। মূলধন হিসাবের জের সর্বদাই স্থির থাকে, এই জের প্রতি বছর পরিবর্তিত হয় না বলে এটিকে বলা হয় স্থির মূলধন পদ্ধতি। নিম্নলিখিত কেবলমাত্র দুটি লেনদেনই স্থির মূলধন হিসাবে লিপিবদ্ধ করা হয় :

স্থায়ী অতিরিক্ত মূলধন বিনিয়োগ।

স্থায়ীভাবে মূলধনের উত্তোলন।

ii) চলতি হিসাব (Current Account) :

চলতি হিসাব ডেবিট বা ক্রেডিট জের দেখাতে পারে। মূলধনের উপর সুদ, অংশীদারদের বেতন / দাস্তুরি বা কমিশন, মুনাফা থেকে উত্তোলন, উত্তোলনের উপর সুদ এবং লাভ বা ক্ষতির বন্টন ইত্যাদি সমস্ত রকমের সাধারণ মিলকরণের দাখিলাগুলো এই হিসাবে লিপিবদ্ধ করা হয়। বর্তমান হিসাব বছরের সমস্ত মিলকরণগুলো লিপিবদ্ধ করা হয় বলে, এই হিসাবকে চলতি হিসাব বলে।

দ্রষ্টব্য :

i) চলতি হিসাবের ডেবিট জের উদ্বর্তপত্রের সম্পত্তির দিকে দেখানো হয়।

ii) চলতি হিসাবের ক্রেডিট জের উদ্বর্তপত্রের দায়ের দিকে দেখানো হয়।

iii) স্থায়ী মূলধন হিসাবে জের সর্বদাই ক্রেডিট হয় বলে এটিকে সবসময় উদ্বর্তপত্রের দায়ের দিকে দেখানো হয়।

2. পরিবর্তনশীল মূলধন হিসাব পদ্ধতি :

এই পদ্ধতিতে প্রত্যেক অংশীদারের জন্য একটি হিসাব অর্থাৎ মূলধন হিসাব রাখা হয়। সকল মিলকরণ, যেমন — মূলধনের উপর সুদ, উত্তোলনের উপর সুদ অংশীদারের বেতন বা কমিশন ইত্যাদি সরাসরি মূলধন হিসাবে লিবিবদ্ধ করা হয়। এই পদ্ধতিতে মূলধন হিসাবের জের ডেবিট বা ক্রেডিট উভয়ই হতে পারে এবং এই হিসাবের জের সময়ে সময়ে বারবার পরিবর্তিত হয় বলেই এই পদ্ধতিকে পরিবর্তনশীল মূলধন হিসাব বলে। এই পদ্ধতিতে মূলধনের পরিমাণ স্থির থাকে না। যদি কোনো নির্দেশ না থাকে, মূলধন হিসাব এই পদ্ধতিতে তৈরি করতে হয়।

কিছু নির্দিষ্ট বিষয়ের হিসাবনিকাশকরণ :

1. মূলধনের উপর সুদ (Interest on Capital) :

অংশীদারদের তাদের বিনিয়োগিত মূলধনের উপর সুদ তখনই প্রদান করা যাবে যদি সে বিষয়ে সুস্পষ্টভাবে অংশীদারি চুক্তিনামায় উল্লেখ থাকে। যখন চুক্তিনামা অনুযায়ী সুদ প্রদান করা হয়, সেক্ষেত্রে সুদের পরিমাণ গণনা করার ক্ষেত্রে সময়, সুদের হার এবং মূলধনের পরিমাণের উপর ভিত্তি করে করা তা নির্ণয় করতে হবে। প্রকৃতপক্ষে, মূলধনের উপর সুদকে নিম্নলিখিত দুটির মধ্যে যে কোনো একটির রূপ হিসেবে গণ্য করা যেতে পারে, যথা :

- লাভের অংশ থেকে বন্টন (An Appropriation of profit)
- লাভ থেকে ছাঁট (A charge against profit)

a) লাভের অংশ থেকে বন্টন :

ক্ষতির ক্ষেত্রে	মূলধনের উপর সুদ ধার্য করা যাবে না
পর্যাপ্ত মুনাফার প্রাপ্তির ক্ষেত্রে	মূলধনের উপর সুদের সম্পূর্ণ অর্থরাশি প্রদান করা যাবে।
অপর্যাপ্ত মুনাফা প্রাপ্তির ক্ষেত্রে	লাভের / মুনাফার পরিমাণে সুদের অর্থরাশি সীমাবদ্ধ থাকবে। অর্থাৎ প্রত্যেক অংশীদারের মূলধনের উপর সুদের অনুপাতে মুনাফা বন্টিত হবে।

b) মূলধনের উপর সুদ - লাভ থেকে ছাঁট :

লাভ বা ক্ষতির অর্থরাশির পরিমাণের নির্বিশেষে মূলধনের উপর সুদ সম্পূর্ণরূপে প্রদান করা যায়।

দ্রষ্টব্য :

মূলধনের উপর সুদ সর্বদাই প্রারম্ভিক মূলধনের উপর গণনা করা হয়। যদি প্রশপত্রে প্রারম্ভিক মূলধনের অঙ্ক না থাকে, তাহলে তা নিম্নলিখিতভাবে নির্ণয় করতে হবে।

Particulars		(Rs)
Capital at the End		* * *
Add : 1. Drawings	* * *	
2. Interest on Drawings	* * *	
3. Losses during the year	* * *	* * *
		* * *
Less : 1. Additional Capital Introduced	* * *	

2. Profits during the year	* * *	
3. Any salary/commission received	* * *	
		* * *
Opening Capital (xxx)		* * *

2. উত্তোলনের উপর সুদ (Interest on Drawings) :

উত্তোলনের উপর সুদ প্রত্যক্ষ পদ্ধতি (Direct method) বা গুণফল পদ্ধতি (Product method) অনুসরণের মাধ্যমে গণনা করা যায়। এছাড়াও যদি অংশীদাররা নির্দিষ্ট সময় অন্তর নির্দিষ্ট পরিমাণ অর্থরাশি উত্তোলন করে সেক্ষেত্রে উত্তোলনের উপর সুদ ‘গড় সময়কাল পদ্ধতি’ বা ‘Average period method’ অনুসরণ করে গণনা করা যেতে পারে। উত্তোলনের তারিখ এবং পরিমাণের উপর নির্ভর করে বিভিন্ন পদ্ধতি অনুসরণের মাধ্যমে উত্তোলনের উপর সুদ গণনা করা যায়।

i) প্রত্যক্ষ পদ্ধতি (Direct method) :

এই পদ্ধতিতে উত্তোলনের তারিখ থেকে ঐ নির্দিষ্ট হিসাব বছরের শেষ দিন পর্যন্ত উত্তোলনের উপর সুদের পরিমাণ নির্ণয় করা হয়। উত্তোলনের উপর সুদের রাশি নির্ণয়ের জন্য এক্ষেত্রে নিম্নলিখিত সূত্রটি ব্যবহৃত হয় :

$$\text{Interest on Drawings} = \text{Amount of Drawings} \times \text{Rate of Interest} \times \text{Period of Interest.}$$

সুদের সময়কাল বা Period of Interest বলতে উত্তোলনের তারিখ থেকে শুরু করে হিসাব বছরের শেষ তারিখ পর্যন্ত সময়কালকে বোঝায়। বিভিন্ন সময়কাল অন্তর যখন অসম পরিমার অর্থরাশি উত্তোলিত হয় তখন এই পদ্ধতি অনুসরণ করা হয়।

ii) গুণফল পদ্ধতি (Product method) :

গুণফল পদ্ধতিতে প্রতিটি উত্তোলনের জন্য উত্তোলিত অর্থরাশি সেই নির্দিষ্ট হিসাবকালে যে পরিমাণ সময়কালের (সাধারণত মাসে প্রকাশিত) জন্য উত্তোলিত হয়েছে তার দ্বারা গুণ করা হয়। যদি গুণফল মাসের হিসেবে বের করা হয় তাহলে গুণফলের মোট অর্থরাশির উপর এক মাসের সময়কালের জন্য নির্ধারিত হারে সুদ গণনা করা হয়। অপরদিকে যদি গুণফল দিনের হিসেবে গণনা করা হয় সেক্ষেত্রে গুণফলের মোট অর্থরাশির উপর এক দিনের জন্য নির্ধারিত হারে সুদ গণনা করা হয়। এই পদ্ধতিটি প্রত্যক্ষ পদ্ধতির বিকল্প হিসেবে ব্যবহার করা হয়।

গুণফল পদ্ধতিতে উত্তোলনের উপর সুদ নির্ণয়ের পদ্ধতি নিম্নে আলোচিত হল :

a) নির্দিষ্ট সময়কালে উত্তোলিত অর্থরাশিকে ঐ নির্দিষ্ট সময়কাল (মাসের সংখ্যা) দ্বারা গুণ করার মাধ্যমে প্রত্যেকটি উত্তোলনের গুণফলের মোট অংক নির্ণয় করো। (Multiply each amount withdrawn by the relevant period (in months) to find out the individual product)

b) প্রত্যেকটি উত্তোলনের গুণফল উপরে উল্লেখিত (a) নং পয়েন্ট অনুসারে পদ্ধতিতে বের করে সেগুলি যোগ করে তাদের যোগফল বের করো।

c) এরপর নিম্নলিখিত সূত্রটি ব্যবহার করে একমাসের জন্য নির্ধারিত হারে সুদ গণনা করো।

$$\text{সূত্র : Interest on drawings} = \text{Sum of products} \times \text{Rate of interest p.a.} \times \frac{1}{12}$$

iii) গড় সময়কাল পদ্ধতি (Average period method) :

যদি অংশীদাররা নির্দিষ্ট সময় অন্তর নির্দিষ্ট পরিমাণ অর্থরাশি উত্তোলন করে, তাহলে গড় সময়ের ভিত্তিতে উত্তোলনের উপর সুদ গণনা করা হয়। নির্দিষ্ট সময় অন্তর বলতে মাসিক, ত্রৈমাসিক, অর্ধ-বার্ষিকী, দুই মাসে একবার এবং চার মাসে একবার উত্তোলনকে বোঝায়। উত্তোলনের উপর সুদ গণনা করতে নিম্নলিখিত সূত্র ব্যবহার করা হয়—

$$\text{Interest on Drawings} = \left[\frac{\text{Total amount of Drawings during the year}}{\text{Drawings during the year}} \right] \times \left[\frac{\text{Rate of Interest Per Annum}}{\text{Per Annum}} \right] \times \left[\frac{\text{Average Period}}{12} \right]$$

$$\text{Average Period} = \frac{\left[\frac{\text{Number of months from the date of first withdrawal to the end of the Year}}{\text{Number of months from the date of last withdrawal to the end of Year}} \right] + \left[\frac{\text{Number of months from the date of last withdrawal to the end of Year}}{\text{Number of months from the date of first withdrawal to the end of the Year}} \right]}{2}$$

গড় সময়কাল নির্ণয়ের পদ্ধতি নিম্নরূপ : নিচের টেবিলটির মাধ্যমে উত্তোলন যদি প্রত্যেক মাসের বা ত্রৈমাসিকের বা অর্ধ-বার্ষিকীর শুরুতে, মধ্যবর্তী সময়ে বা শেষে ঘটে থাকে তাহলে মাসের হিসাবে গড় সময়কাল দেখানো হল :

Frequency of withdrawal	Average period (in months)		
	Time of withdrawal		
	At the beginning	In the middle	At the end
Monthly	$\frac{(12+1)}{2} = 6.5$	$\frac{11.5+0.5}{2} = 6$	$\frac{(11+0)}{2} = 5.5$
Quarterly	$\frac{(12+3)}{2} = 7.5$	$\frac{(10.5+1.5)}{2} = 6$	$\frac{(9+0)}{2} = 4.5$
Half-Yearly	$\frac{(12+6)}{2} = 9$	$\frac{(9+3)}{2} = 6$	$\frac{(6+0)}{2} = 3$

অনুশীলন

- A. সঠিক উত্তরটি নির্বাচন কর : (প্রতিটি প্রশ্নের মান- ১)
- একটি অংশীদারি কারবার প্রবর্তন করতে ন্যূনতম অংশীদারের সংখ্যা কতজন হওয়া প্রয়োজন
a) 2, b) 4, c) 10, d) 20
 - একটি অংশীদারি কারবার গঠনের জন্য কী ধরণের চুক্তি ব্যবহৃত হয়
a) লিখিত চুক্তি, b) মৌখিক চুক্তি, c) লিখিত বা মৌখিক চুক্তি, d) এগুলি কোনোটিই নয়।
 - অংশীদারি কারবারে, অংশীদারদের দায় হল —
a) সীমাহীন, b) সীমিত, c) ব্যবসায়ের মূলধনের মধ্যে, d) (a) এবং (b) উভয়ই সীমাবদ্ধ
 - অংশীদারির লিখিত চুক্তি কী নামে পরিচিত —
a) চুক্তি, b) অংশীদারি চুক্তি, c) অংশীদারি চুক্তিনামা/চুক্তিপত্র, d) অংশীদারি আইন

5. অংশীদারি চুক্তিপত্রের অনুপস্থিতিতে, অংশীদারদের মধ্যে মুনাফা বন্টন কীভাবে হবে
 - a) এটি অংশীদারদের মূলধনের পরিমাণের উপর নির্ভর করবে, b) সমানভাবে,
 - c) এটি অংশীদারদের অভিজ্ঞতার উপর নির্ভর করবে, d) অসম হবে।
6. নিম্নলিখিত কোনটি অংশীদারের কারবারের বৈশিষ্ট্য নয়—
 - a) সীমিত জীবন, b) সীমিত দায়, c) সহজ গঠন, d) পারস্পরিক সম্পর্ক।
7. কোন ধরনের অংশীদারি কারবারে, একজন অংশীদারের সীমাহীন দায় থাকে এবং অন্য অংশীদারের সীমিত দায় থাকে
 - a) সাধারণ অংশীদারি কারবার, b) সীমিত অংশীদারি কারবার,
 - c) ঐচ্ছিক অংশীদারি কারবার, d) বিশেষ অংশীদারি কারবার।
8. কোনধরনের অংশীদারি কারবারে স্থায়ীত্বের সময়কাল সম্বন্ধীয় কোনো চুক্তি থাকে না
 - a) ঐচ্ছিক অংশীদারি কারবার, b) সাধারণ অংশীদারি কারবার,
 - c) সীমিত অংশীদারি কারবার, d) বিশেষ অংশীদারি কারবার।
9. যদি প্রত্যেক মাসের শুরুতে সম পরিমার অর্থরাশি উত্তোলিত হয়, সেক্ষেত্রে কত মাসের উপর সুদ গণনা করা হবে —
 - a) 7 মাস, b) 6 মাস, c) 5 মাস, d) 6.5 মাস।
10. পরিবর্তনশীল মূলধন হিসাবের ক্রেডিট দিকে আসবে—
 - a) মূলধনের উপর সুদ, b) নির্দিষ্ট বছরের মুনাফা, c) অংশীদারদের পারিশ্রমিক, d) এগুলির সবটি।
11. অংশীদারের উত্তোলনের উপর সুদ হল একটি—
 - a) ব্যবসার ক্ষতি, b) ব্যবসার লাভ, c) অংশীদারদের মুনাফা, d) ব্যাংকের ক্ষতি।
12. অংশীদারদের বেতন ডেবিট করা হয় —
 - a) ক্রয়-বিক্রয় হিসাবে, b) লাভ-ক্ষতির হিসাবে, c) লাভ-ক্ষতির বন্টন হিসাবে, d) এগুলির কোনোটিই নয়।
13. স্থির মূলধন পদ্ধতিতে অংশীদারদের মূলধনের উপর সুদ ক্রেডিট হবে—
 - a) অংশীদারের মূলধন হিসাবে, b) লাভ-ক্ষতির হিসাবে, c) সুদ হিসাবে, d) অংশীদারের চলতি হিসাবে।
14. পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে অংশীদারদের মূলধনের উপর সুদ ক্রেডিট হবে —
 - a) লাভ—ক্ষতি হিসাবে, b) সুদ হিসাবে, c) অংশীদারের মূলধন হিসাবে, d) এগুলির কোনোটিই নয়।
15. অংশীদারদের চলতি হিসাব সর্বদাই হবে—
 - a) ডেবিট জের, b) ক্রেডিট জের, c) দুটোর মধ্যে (a বা b) একটি, d) এগুলোর কোনোটিই নয়।
16. অংশীদারের মূলধনের উপর সুদ গণনা করা হবে—
 - a) প্রারম্ভিক মূলধনের উপর, b) অন্তিম মূলধনের উপর, c) গড় মূলধনের উপর, d) এগুলোর কোনোটিই নয়।
17. কোনো প্রকার চুক্তির অনুপস্থিতিতে প্রতিষ্ঠানের লাভ বা ক্ষতি বন্টন করা হবে —
 - a) সমানভাবে, b) মূলধনের অনুপাতে, c) বিভিন্ন অনুপাতে, d) এগুলির কোনোটিই নয়।
18. অংশীদারি প্রতিষ্ঠানে লাভ এবং ক্ষতি বন্টিত হয় —
 - a) সমানহারে, b) মূলধনের অনুপাতে, c) চুক্তি অনুযায়ী, d) এগুলির কোনোটিই নয়।

19. একটি সাধারণ অংশীদারি কারবারে, সর্বাধিক সদস্য সংখ্যা কতজন হতে পারে

a) 50, b) 10, c) 15, d) 20.

20. যখন মূলধন স্থির থাকে, সেইক্ষেত্রে কোনহিসাবখাত রক্ষা করা হয়

a) শুধুমাত্র মূলধন হিসাব, b) শুধুমাত্র চলতি হিসাব, c) দায় হিসাব, d) মূলধন এবং চলতি হিসাব।

B. নিম্নের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও :

(প্রতিটি প্রশ্নের মান- ১)

21. অংশীদারি কারবারের সংজ্ঞা লিখ।

22. অংশীদারি চুক্তিনামা বলতে কী বোঝ?

23. অংশীদারি চুক্তিনামায় উল্লেখ থাকে এরকম দুটি বিষয়ের নাম লিখ।

24. একজন অংশীদারকে 'মুনাফা প্রদানের নিশ্চয়তা' বলতে কী বোঝ?

25. অংশীদারি চুক্তিনামার অনুপস্থিতিতে উত্তোলনের উপর সুদের কত হবে?

26. যদি স্থির অর্থমূল্য প্রতি মাসের শেষ দিনে উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে কত মাসের জন্য মোট উত্তোলিত অর্থের উপর সুদ গণনা করা হবে?

27. যদি স্থির অর্থমূল্য প্রতি মাসের শুরুর উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে কত মাসের জন্য মোট উত্তোলিত অর্থের উপর সুদ গণনা করা হবে?

28. যদি স্থির অর্থমূল্য প্রতি মাসের মধ্যবর্তী সময়ে উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে কতমাসের জন্য মোট উত্তোলিত অর্থের উপর সুদ গণনা করা হবে?

C. সংক্ষিপ্ত উত্তর দাও :

(প্রতিটি প্রশ্নের মান- ৪/৫/৬)

29. অংশীদারি কারবারের সংজ্ঞা দাও অংশীদারি কারবারে বৈশিষ্ট্য আলোচনা করো।

30. সীমিত দায়ের অংশীদারি কারবার বলতে কী বোঝ সীমিত দায়ের অংশীদারি কারবারের বিশেষ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

31. অংশীদারি চুক্তিনামা বলতে কী বোঝ অংশীদারি চুক্তিনামায় উল্লেখ থাকে এমন কয়েকটি মূল বিষয়বস্তুর নাম লিখ।

32. স্থির মূলধন হিসাব পদ্ধতি এবং পরিবর্তনশীল মূলধন হিসাব পদ্ধতির মধ্যে পার্থক্য লিখ।

33. লাভ এবং ক্ষতির বন্টনের হিসাব বলতে কী বোঝ লাভ এবং ক্ষতির বন্টন হিসাবের একটি ছক প্রস্তুত করো।

সংখ্যাসূচক প্রশ্ন :

34. Anil and Sunil are partners in a firm sharing profit & losses in the ratio of 5:3. On 1st April, 2019 the capital of partners were Anil Rs. 1,50,000; Sunil were Rs. 1,20,000. The profit and loss Account of the firm for the year ended 31st March, 2020 showed a net profit of Rs. 1,80,000. You are required to prepare profit and loss Appropriation Account on the basis of following conditions.

i) Interest on capital @ 6% p.a.

ii) Interest on Anil's Loan of Rs. 50,000 for the whole year.

iii) Interest on drawings @ 6% p.a. Drawings were Anil Rs. 1,000 p.m and Sunil Rs. 2,000 p.m.

iv) Sunil is to receive commission @ 5% on Net profit after such commission.

v) Transfer 10% of distributable profit to the Reserve fund before distribution of profit.

35. Amar, Akbar and Ajoy are in partnership with capital of Rs.1,00,000 Rs.80,000 and Rs.60,000 respectively on 1st April, 2019. They share profit and losses in the ratio of 5:3:2, The profit & loss of the firm showed a profit of Rs.1,50,000 on 31st March, 2020.

The partnership deed provided the following :-

- i) Interest on capital @ 10% p.a.
- ii) Salary paid to Amar Rs.1,000 p.m.
- iii) Interest on drawings @6%
- iv) Each partner drew cash of Rs.750 p.m. beginning of each month.
- v) Paid commission to Akbar @ 2% on gross sale (gross sale Rs. 3,75,000).

Prepare profit & loss Appropriation A/C.

36. Joy and Bijoy are partners with capitals of ¹ 4,00,000 and Rs.2,00,000 respectively. The profit for the year ended 31st March 2020 was Rs.2,80,000. Show the distribution of profit after taking the following into consideration (Profit & loss Appropriation A/C).

- i) Interest on Joy's loan of Rs.1,00,00 to the firm provided on 1st April, 2019.
- ii) Interest on capital to be allowed @ 5% p.a.
- iii) Interest on Drawings @ 6% p.a. Joy drew ¹ 3,000 p.m. at the end of each month and Bijoy drew Rs.30,000 during the year from the firm.
- iv) Bijoy is to be allowed a commission of 4% on sales. Sales for the year were Rs.10,00,000.
- v) 10% of the divisible profits is to be kept in a reserve account.

37. Akash, Bikash and Chandan are partners of a firm. On 1st January, 2019 their capitals were-

- a) Akash- Rs.80,000;
- b) Bikash -Rs.60,000;
- c) Chandan -Rs.50,000.

All of them agreed that :-

- i) Interest on capital is payable @ 5% p.a.
- ii) Akash is to receive salary @ Rs.500 p.m.
- iii) Bikash is to receive commission @5% on net profit after charging such commission;
- iv) 10% of the net profit is to be transferred to general reserve.

The net profit for the year ended 31st December, 2019 before considering the above facts was Rs.40,000

Prepare partners capital Account.

38. Sanjoy and Bijoy are partners in a firm sharing profits and losses in the ratio of 3:2. Their capitals were Rs.1,20,000 (Sanjoy) and Rs.80,000 (Bijoy) as on January 01,2019. During the year they earned a profit of Rs.60,000. According to the partnership deed, both the partners are entitled to Rs.2,000 p.m as salary

B retired on 31.12.2020 and these adjustments were agreed upon before Ascertainig the amount payable to B :

- Land and building to be appreciated by 15%.
- Goodwill to be valued at Rs 45,000 and B's share to be adjusted into the Accounts of A and C who decided to continue the business sharing profit as 5:3.
- Provision for doubtful debts raised to 5% on Debtors;
- A provision of Rs 650 is to be made for outstanding legal charges;
- Stock to be reduced to Rs 32000
- The capital of the new firm to be adjusted in proportion to their new profit sharing ratio and actual cash to be brought in or paid off by or to the continuing partner's as the case may be.

B agreed to leave the amount due to him by the firm as loan to the firm carrying interest at 6% p.a. prepare the partner's capital A/c and also show the Balance sheet.

Answer:—

- Profit on Revaluation Rs. 1,200.
Transferred to Y' loan A/c Rs. 40,400.
Balance sheet total Rs 1,33,850.
- Profit on revaluation Rs, 47,520.
Balance of capital A/c p->Rs 2,27,460.

- R->Rs 86,784, Total of Balance sheet Rs, 5,93,520.
Q, s Loan Rs 2,05,776, Gaining ratio 5:22.
3. Profit on Revaluation Rs 39,900.
Balances of capital ;Amal-1,04,040.
Bimal - 74,360
Amount brought by Amal Rs 25,590.
Amount brought by Bimal Rs 17060.
Paid to Kamal Rs 36150.
Total of Balance sheet Rs 1,98,900.
 4. Profit on Revaluation A/c Rs 60,000
Partners capital Balance s A- Rs 1,28,000
B- Rs 80,000
Total of Balance sheet - Rs. 3,35,000
 5. Profit on revaluation Rs. 1584,
Balances of capital A/c Y- 9728
X - Rs 6,728
Total of Balance sheet Rs 23,384.
 6. Balances of capital A/c;
A- Rs 78,125, B-Rs 46,875
Total Balance sheet Rs- 2,52,250.

অংশীদারের মৃত্যু

যদি কোন অংশীদারের মৃত্যু হয় তবে সাধারণত অংশীদারি প্রতিষ্ঠানের অবলোপন ঘটে। তবে, অবশিষ্ট অংশীদারগণ ইচ্ছা করলে মৃত অংশীদারের অংশ ক্রয় করতে পারেন এবং ব্যবসা চালিয়ে যেতে পারেন। ঐ ক্ষেত্রে তাদের নিম্নলিখিত বিষয়াদি স্থির করতে হবে।

- 1) মৃত অংশীদারের আইনি প্রতিনিধি অথবা নির্বাহককে প্রদেয় অর্থের মোট পরিমাণ।
- 2) কিভাবে এই অর্থ প্রদান করা হবে।
মোট প্রদেয় অর্থের সাথে যুক্ত বিষয়সমূহঃ
 - i) মৃত অংশীদারের মূলধন হিসাব ও চলতি হিসাবের পূর্বের জের।
 - ii) অবশিষ্ট লাভের তাঁর অংশ।
 - iii) সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়নের লাভ/ক্ষতির অংশ।
 - iv) সুনামের অংশ।
 - v) বিগত বৎসরের শেষ দিন থেকে অংশীদারের মৃত্যুর দিন পর্যন্ত প্রতিষ্ঠান কর্তৃক অর্জিত লাভ/ক্ষতির অংশ।

- vi) মৃত অংশীদারের বেতন। যদি অংশীদারি চুক্তিনামায় উল্লেখ থাকে।
মৃত অংশীদারের মূলধন হিসাবেও নিম্নলিখিত বিষয়গুলি ডেবিট (বাদ) করতে হবে।
 - i) মূলধন হিসাবের ডেবিট জের।
 - ii) বইয়ের হিসাবে সুনামের অংশ।
 - iii) পুনর্মূল্যায়নের ক্ষতির অংশ।
 - iv) উত্তোলনের জের।
 - v) উত্তোলনের উপর সুদ।
 - vi) চলতি হিসাববর্ষে ব্যবসায় ক্ষতির অংশ।
- অংশীদারগণের মধ্যে চুক্তির ভিত্তিতে অর্থ প্রদানের ধরণ নির্ভর করে।
তা হতে পারে—

i) একটি একক সমষ্টিগত অর্থ প্রদান (Lump sum payment) :

যদি ফার্মের পর্যাপ্ত তহবিল থাকে তবে মৃত অংশীদারের প্রাপ্য সম্পূর্ণ অর্থ তাঁর প্রতিনিধির হিসাবে স্থানান্তর করা হয়। প্রতিনিধির হিসাবকে ডেবিট ও ব্যাংক হিসাবকে ক্রেডিট করা হয়।

ii) কিস্তিতে প্রদান / ঋণের মাধ্যমে প্রদান :

যদি ফার্মের নিকট মৃত অংশীদারের সম্পূর্ণ অর্থ সাথে সাথে প্রদান করার মত পর্যাপ্ত তহবিল না থাকে, এই ক্ষেত্রে মৃত অংশীদারের প্রাপ্য সম্পূর্ণ অর্থ তাঁর আইনি প্রতিনিধি অথবা নির্বাহকের ঋণ হিসাবে স্থানান্তর করা হয়। এই ঋণের অপ্রদত্ত অর্থের উপর সুদের পরিমাণ বিবেচনা করে কিস্তিতে প্রদান করা হয়।

হিসাব বৎসরে মৃত অংশীদার অথবা অবসর প্রাপ্ত অংশীদারের অন্তর্বর্তী লাভ গণনা :

হিসাব বৎসরে মৃত অংশীদারের অথবা অবসরপ্রাপ্ত অংশীদারের অন্তর্বর্তী লাভ গণনা করা খুবই মূল্যবান, অন্তর্বর্তী লাভ নিচের দুটি পদ্ধতিতে গণনা করা যায় —

- i) সময় ভিত্তিক, ii) বিক্রয় অথবা আবর্তন ভিত্তিক।

i) সময় ভিত্তিক :

পূর্ববর্তী বৎসরের উপর ভিত্তি করে লাভ গণনা করা হয়। একটি উদাহরণের সাহায্যে সহজেই এই পদ্ধতিটি বোঝা যাবে।
A, B, C অংশীদারগণ 3 : 2 : 1 অনুপাতে লাভ লোকসান বন্টন করে। 31শে এপ্রিল 2020 তারিখে A অবসরগ্রহণ / মৃত্যু করেন। যদি পূর্ববর্তী বৎসরে ফার্মের 1,20,000 টাকা লাভ হয় তবে A অন্তর্বর্তী লভ্যাংশের অংশ পাবে—

$$1,20,000 \times \frac{4}{12} \times \frac{3}{6}$$

A অন্তর্বর্তী লাভের 20,000 টাকা পাওয়ার অধিকারী।

ii) পূর্ববর্তী কিছু বছরের গড় লাভ পদ্ধতি :

A, B এবং C তিনজন অংশীদার 2 : 2 : 1। অনুপাতে লাভের অংশ বন্টন করেন। 30.6.2020 তারিখে B অবসর গ্রহণ / মৃত্যু করেন। পূর্ববর্তী 4 বৎসরের লাভ নিচে দেওয়া হল—

2016 – 1,50,000 টাকা, 2017 – 2,00,000 টাকা, 2018 – 1,80,000 টাকা, এবং 2019 সালে 1,70,000 টাকা।

তবে B এর অংশ হবে—

$$\text{গড় লাভ} \times \frac{\text{Month}}{12} \times \frac{2}{5} \left[\text{B এর অংশ} \frac{2}{5} \right]$$

$$4,75,000 \times \frac{6}{12} \times \frac{2}{5}$$

$$= 35,000 \text{ টাকা}$$

$$\text{গড় লাভ} = \frac{1,50,000 + 2,00,000 + 1,80,000 + 1,70,000}{4}$$

$$= 1,75,000 \text{ টাকা}$$

অন্তর্বর্তী লাভের জাবেদা দাখিলা :

অবসরপ্রাপ্ত অংশীদার অথবা মৃত অংশীদারের মূলধন হিসাবে অন্তর্বর্তী লাভ স্থানান্তরের জন্য—

Profit and Loss suspense A/C Dr.

To Retiring or Deceased Partners Capital A/C.

লাভ লোকসান অনিশ্চিত হিসাবে লাভ লোকসান বন্টন হিসাবে স্থানান্তরের জন্য—

Profit and loss appropriation A/C.....Dr.

To profit and loss suspense A/C.

ii) বিক্রয় অথবা আবর্তন ভিত্তিক :

এই পদ্ধতিতে অন্তর্বর্তী লাভ নির্ণয়ের জন্য নিম্নলিখিত বিষয়গুলি নির্ণয় করতে হবে।

ক) সম্পূর্ণ হিসাব বৎসরের মোট বিক্রয়।

এবং

খ) অংশীদারের মৃত্যুর দিন পর্যন্ত চলতি বৎসরের মোট বিক্রয়।

উদাহরণ :

A, B এবং C তিনজন অংশীদার 2 : 2 : 1 অনুপাতে লাভের অংশ বন্টন করে। 31শে আগস্ট 2020 তারিখে A অবসরগ্রহণ / মৃত্যু করে। প্রতি বৎসর 31শে মার্চ তারিখে ফার্মের হিসাব বন্ধ (নিষ্পত্তি) করা হয়। 2020 সালের 31শে মার্চ তারিখ পর্যন্ত মোট বিক্রি ছিল 3,00,000 টাকা এবং লাভ হয়েছিল 60,000 টাকা। পয়লা এপ্রিল 2020 তারিখ থেকে পয়লা আগস্ট 2020 পর্যন্ত মোট বিক্রয় হয়েছিল 2,20,000 টাকা। A এর অন্তর্বর্তী লভ্যাংশ নির্ণয় কর।

31শে মার্চ 2020 তারিখে হিসাব বর্ষ পর্যন্ত শতকরা লাভ—

$$= \frac{60,000}{3,00,000} \times 100 = 20\%$$

মৃত্যুর তারিখ পর্যন্ত লাভ

অর্থাৎ পয়লা আগস্ট 2020 তারিখে Rs. 2,20,000 x 20% = 44,000 টাকা

অন্তর্বর্তী লাভের A এর অংশ = $44000 \times \frac{2}{5} = 17,600$ টাকা।

অবসরপ্রাপ্ত অংশীদারকে অথবা মৃত অংশীদারের নির্বাহককে দাবি প্রদান
অবসরপ্রাপ্ত অংশীদারকে অথবা মৃত অংশীদারের নির্বাহককে দাবি প্রদানের জাবেদা দাখিলা নিম্নরূপ :

i) যখন পাওনা অর্থাৎ সম্পূর্ণ দেওয়া হয়।

Retiring partner / Deceased partners Executors A/C.....Dr
To Bank A/C.

ii) যখন পাওনা অর্থের কিছু অংশ নগদে প্রদান করা হয় ও কিছু অংশ (বাকি অংশ) তাদের ঋণ হিসাবে স্থানান্তর করা হয়।

Retiring partner / Deceased partner's Executor A/C.....Dr.
To Bank / Cashh A/C
To Retiring Partner / Deceased Partners Executor Loan A/C

বহুমুখী উত্তরধর্মী প্রশ্নঃ

(প্রতিটি প্রশ্নের মান ১ নম্বর)

১) কোন অংশীদার অবসরগ্রহণ করলে অথবা কোন অংশীদারের মৃত্যু ঘটলে পুঞ্জীভূত লাভের অংশ সকল অংশীদারের মূলধন হিসাবে যে অনুপাতে বন্টন করা হয় —

ক) মূলধন অনুপাতে,

খ) ত্যাগানুপাতে,

গ) নতুন লাভ লোকসান অনুপাতে,

ঘ) লাভ-অর্জন অনুপাতে।

২) কোন অংশীদারের মৃত্যু ঘটলে, মৃত অংশীদারের প্রাপ্য সমস্ত টাকা যাকে দেওয়া হয় —

ক) সকল অংশীদারদের,

খ) অবশিষ্ট অংশীদারদের,

গ) আইনি প্রতিনিধি অথবা নির্বাহককে,

ঘ) এদের মধ্যে কোনটিই নয়।

৩) পুনর্মূল্যায়ন হিসাবের লাভ ডেবিট করা হয় —

ক) সকল অংশীদারদের মূলধন হিসাবে,

খ) অবশিষ্ট অংশীদারদের মূলধন হিসাবে,

গ) মৃত ব্যক্তির মূলধন হিসাবে,

ঘ) একের মধ্যে কোনটিই নয়।

৪) অর্থ প্রদানের পদ্ধতি নির্ভর করে —

ক) অংশীদারদের মধ্যে চুক্তির ভিত্তিতে,

খ) মৃত অংশীদারের প্রতিনিধিকে,

- গ) অবশিষ্ট অংশীদারদের,
ঘ) উপরের সবক্ষেত্রেই।
- ৫) লাভ-অর্জন অনুপাতের বেলায় লাভের ক্ষেত্রে যে প্রভাব পড়ে —
ক) বৃদ্ধি, খ) হ্রাস, গ) স্থিত, ঘ) পরিবর্তনশীল।
- ৬) মৃত অংশীদারের দাবি প্রদানের জন্য কাকে নিয়োগ করা হয়?
ক) আইনি উপদেষ্টা, খ) সালিস, গ) নির্বাহক, ঘ) এদের মধ্যে কোনটিই নয়।
- ৭) মৃত অংশীদারের অন্তবর্তী লভ্যাংশ ডেবিট করা হয় —
ক) লাভ লোকসান হিসাবকে,
খ) লাভ লোকসান বন্টন হিসাব,
গ) লাভ লোকসান অনিশ্চিত হিসাব,
ঘ) এদের কোনটিই নয়।
- ৮) মৃত অংশীদারের ক্ষেত্রে হিসাব নিকাশকরণের প্রক্রিয়া নীচের কোন প্রক্রিয়ার মত প্রায় একই রকম হয়
ক) অংশীদার গ্রহণ, খ) অবসর গ্রহণ, গ) অবলোপন, ঘ) এগুলির মধ্যে কোনটিই নয়।
- ৯) মৃত অংশীদারের ক্ষেত্রে যদি কোন সঞ্চিত থাকে তবে তা সমস্ত অংশীদারদের মধ্যে বন্টন করতে হবে —
ক) নতুন অনুপাতে, খ) পুরনো অনুপাতে, গ) ত্যাগানুপাতে, ঘ) লাভ অর্জন অনুপাতে।
- ১০) মৃত অংশীদারের নির্বাহক ফার্মের সুনামের মূল্য নিচের নিয়ম অনুযায়ী পাওয়ার অধিকারী —
ক) অংশীদারদের মধ্যে চুক্তি অনুসারে,
খ) লাভ লোকসান অনুপাতে,
গ) সমানভাবে,
ঘ) এগুলির মধ্যে কোনটিই নয়।
- ১১) অংশীদারের মৃত্যু ঘটলে যখন মেমোরেন্ডাম পুনর্মূল্যায়ন হিসাব তৈরি করা হয়, এই ক্ষেত্রে সম্পত্তি ও দায় উদ্বর্তপত্রে যেই মূল্যে দেখানো হয় —
ক) পুনর্মূল্যায়িত মূল্যে, খ) পুরনো মূল্যে, গ) এগুলির মধ্যে কোনটিই নয়।
- উত্তর : ১) ঘ, ২) গ, ৩) ক, ৪) ক, ৫) ক, ৬) গ, ৭) গ, ৮) খ, ৯) খ, ১০) ক, ১১) ক।

এক / দু কথায় উত্তর দাও :

- ১) কোন অংশীদারের মৃত্যু হলে পুরনো অংশীদারি ফার্মে কি প্রভাব পড়ে?
- ২) কোন অংশীদারের মৃত্যু হলে বিদ্যমান অংশীদারদের যৌথ অংশ বাড়বে না কমবে?
- ৩) অংশীদারের মৃত্যু হলে বিদ্যমান অংশীদাররা কি সাধারণত ব্যবসা চালিয়ে যেতে পারে?

8) অংশীদারের মৃত্যু হলে পুনর্মূল্যায়ন হিসাবের লাভ/ক্ষতির অংশ কি অনুপাতে তাদের মূলধন হিসাবে স্থানান্তর হয়?

1) The Balance Sheet of A, B and C as on 31st December 2019 is as follow :

Liabilities	Amount	Assets	Amount
Capitals A/C :		Plant and Machinery	6,000
A - 10,000		Furniture	8,000
B - 5,000		Sundry Debtor	7,000
C - 5,000	20,000	Cash at Bank and hand	5,200
Sundry Creditor	3,000		
General Reserve	3,200		
	26,200		26,200

C died on 31.03.2020

Under the terms of partnership deed the executors of a deceased partner were entitled to:-

- Amount standing to the credit of the partner's capital Account.
- Share of goodwill on the basis of twice the average of the past three years profit.
- Interest on capital at 5% p.a
- Share of profit from the closing of the last financial year to the date of death on the basis of the last year's profit
Profit for 2017,2018 and 2019 were Rs. 6,000, Rs 8000 and Rs 7000 respectively.
- Profits are shared in the ratio of capitals.
 - Prepare c's executors Account.

2) X, Y and Z were in partnership sharing profits equally. Z died on 31st March 2018. The Balance sheet of the firm as at 31st December 2018 was as under.

Liabilities	Amount	Assets	Amount
Sundry Creditors	15,600	Cash in hand and at Bank	4,000
Capitals A/C :		Debtors	18,000
X - 30,000		Inventories	28,000
Y - 25,000		Investment	8,000
Z - 21,000	76,000	Freehold Property	30,000
General Reserve	6,000	Goodwill	13,500
Investment fluctuation			
Reserve	2,100		
Provision for doubtful debts :	1,800		
	1,01,500		1,01,500

On the date of death the following adjustments were agreed upon:-

- Freehold property was worth Rs 54,000.
- Debtors were all good.
- Investment were valued at Rs 7,500 and were taken over by X at that value.
- A liability for workmen's compensation for Rs 3000 was to be provided for.
- Good will was to be valued at one year's purchase of the average profits of last 5 years but no goodwill account was to be continued in the books of the new firm.
- Z's share of profit up to the date of death was to be calculated on the basis of last year's profit.

The profit of the last 5 years were as under, 2014 Rs—11,000, 2015 Rs –11,500 2016 Rs—8,000, 2017 Rs—10,000 and 2005 Rs –12,000.

Prepare :

- Capital accounts of the partner's transferring the amount due to Z to his executor's account and
 - Balance sheet of the remaining partner's.
- 3) Akash, Bikash and Prakas are partner's in a firm sharing profit in the ratio of 5:3:2, on 31st March 2018 there Balance sheet was as follows:-

Liabilities		Amount	Assets		Amount
Capitals A/C :			Cash at Bank		20,000
Akas –	1,20,000		Cash in hand		12,000
Bikas –	1,00,000		Plant & Machinery		1,20,000
Prakash –	60,000	2,80,000	Building		80,000
Creditors		30,000	Stock		40,000
Bills Payable		14,000	Debtor's		32,000
Reserve		24,000	Patents		44,000
		3,48,000			3,48,000

Akas died on 1st oct 2018. It was agreed between his executors and the remaining partner's that:

- Goodwill to be valued at 2.5 years purchase of average of the premises of four years, which were. 2014—15 - Rs 52,000, 2015—16 Rs 2,48,000, 2016—17 Rs 80,000, 2017-18 Rs 60,000.
- Interest on capital be provided at 10% p.a
- The fixed assets be valued as below : patents Rs 32,000, Machinery Rs 1,12,000 and building s Rs 1,00,000.
- Profit for the year 2018-19 be taken as having accrued at same rate as that of the previous year.
- Half of the amount due to akas to be paid immediately to the executors and the balance transferred to his (Executors) Loan account.

Prepare akas's capital A/c and Akas's Executor A/c 1st oct 2018.

4) Sourav, Sachin and Swebag are partners in a firm sharing profits in the books of 5:3:2 On 31st March 2019 Their Balance sheet as under.

Liabilities	Amount	Assets	Amount
Capitals A/C :		Buildings	1,00,000
Sourav – 1,00,000		Furniture	10,000
Sachin – 1,00,000		Machinery	80,000
Swebag – 90,000	2,90,000	Stock	40,000
Sundry Creditor	50,000	Investments	40,000
Reserve	40,000	Sundry Debtors	50,000
		Patents	16,000
		Cash	4,000
		Bank	40,000
	3,80,000		3,80,000

Sourav died on 31st December 2019. The agreement between his Executors and remaining partners were as following :-

- The assets revalued as follows:
Building Rs 1,20,000. Machinery Rs 75,000,
Furniture Rs 8000, Investment Rs 50,000. Stock Rs 35000, Patents Rs 12000 and Debtors Rs 45,000
- The liabilities are reassessed as follows creditors Rs 45,000, and workmen's compensation Rs 5000.
- Goodwill is to be valued at 2 year's purchase of the average profits of the previous 3years: Which were 2016-17 Rs 80,000, 2017-18 Rs 90,0000 and 2018—19 Rs 1,00,000.
- Profit for the year ended on 31.03.19 is to be taken as the same amount of the year ended on 31.12.17.
- Rs 30,000 is to be paid to be paid to sourav's Executors and balance to be transferred to their Loan A/c.

Prepare :

- Sourav capital A/c transferred to sourav's Executor A/c.
- Profit on revaluation.
- Sourav's share of good will.
- Sourav share of interim profit

Answer

1. Amount due to C's Executors A/c—9,800.
2. i) Amount due to C's executors Rs—31,134.
ii) Balance sheet total Rs—1,05,000.
[Value of goodwill Rs 10,500 Balance of Capital A/c X – Rs 26,383, Y—Rs 28883. Investment fluctuation reserve Rs 500 should be deduct from Investment.]
3. Akas's Executor A/c Rs—2,28,000. (Capital A/c)
Balance of Akas's Executor A/c Rs 1,14,000.
4. i) Sourav capital A/c transferred to sourav's executor A/c Rs 2,72,000.
ii) Profit on revaluation Rs 9000.
iii) Sourav's share of goodwill Rs 90,000
iv) Sourav share of interim profit Rs 37,500

অধ্যায় - 5

অংশীদারি প্রতিষ্ঠানের বিলোপসাধন

বিভিন্ন কারণে অংশীদারি প্রতিষ্ঠানের পুনর্গঠনের প্রয়োজন হয়। যেমন, নতুন অংশীদার গ্রহণ, অংশীদারের অবসর গ্রহণ অথবা অংশীদারের মৃত্যু, এমন পরিস্থিতিতে পূর্ববর্তী অংশীদারি ফার্মের বিলোপসাধন ঘটে।

যদি বিদ্যমান অংশীদারগণ ইচ্ছা প্রকাশ করেন তবে অংশীদারি ফার্মকে কার্যকলাপ চালিয়ে যেতে পারেন।

কিন্তু যদি কোন কারণে অংশীদারি ফার্মের কার্যকলাপ বন্ধ হয়ে যায় তাকেই ফার্মের বিলোপ সাধন বলে।

নিচের যে কোন একটি পরিস্থিতিতে ফার্মের বিলোপসাধন ঘটতে পারে।

১) অংশীদারদের নিজেদের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে :

সকল অংশীদারদের সম্মতিক্রমে অথবা চুক্তির শর্ত অনুযায়ী ফার্মের বিলোপসাধন ঘটতে পারে।

২) বিজ্ঞপ্তি দ্বারা বিলোপসাধন :

যখন কোন অংশীদার প্রতিষ্ঠানের কার্যকলাপ চালিয়ে যেতে অনীহা প্রকাশ করেন এবং প্রতিষ্ঠানের বিলোপসাধনের ক্ষেত্রে তাঁর ইচ্ছার সমর্থনে অন্যান্য অংশীদারদের একটি লিখিত বিজ্ঞপ্তি প্রদান করে।

৩) নিচের যে কোন একটি ঘটনা ঘটায় ফলে :

ক) অংশীদারি প্রতিষ্ঠানটি যদি একটি নির্দিষ্ট মেয়াদের জন্য গঠিত হয় এবং সেই মেয়াদ উত্তীর্ণ হয়।

খ) যদি প্রতিষ্ঠানটি কোন একটি নির্দিষ্ট উদ্দেশ্যের জন্য গঠিত হয়, তবে সেই উদ্দেশ্য পরিসমাপ্তির পর।

গ) কোন অংশীদারের মৃত্যু হলে।

ঘ) কোন অংশীদার দেউলিয়া ঘোষিত হলে।

৪) বাধ্যতামূলক বিলোপসাধন :

ক) যখন সকল অংশীদার বা একজন বাদে সকল অংশীদার দেউলিয়া ঘোষিত হয়।

খ) যখন এমন কোন ঘটনা ঘটে যা ব্যবসা চালিয়ে যাওয়াকে বেআইনি করে তোলে।

৫) আদালত কর্তৃক বিলোপসাধন :

জাতীয় অংশীদারি আইনের 44 ধারায় বলা আছে যে, যদি কোন অংশীদার মামলা করে তবে আদালত কোন অংশীদারি প্রতিষ্ঠানকে নিচের যে-কোন একটি কারণে ফার্মের বিলোপসাধনের আদেশ দিতে পারে।

ক) যখন কোন অংশীদার পাগল / উন্মাদ (unsound mind) হয়।

খ) যখন কোন অংশীদার দায়িত্ব পালনে সম্পূর্ণ অক্ষম।

গ) কোন অংশীদারের অসদাচরণের জন্য যদি দোষী সাব্যস্ত হয় এবং যা ব্যবসা চালানোর ক্ষেত্রে বিরূপ প্রভাব পড়ে।

ঘ) যখন কোন অংশীদার ইচ্ছাকৃতভাবে অথবা নিরবিচ্ছিন্নভাবে অংশীদারি চুক্তি লঙ্ঘন করে।

ঙ) যদি কোন অংশীদার তার সম্পূর্ণ স্বার্থ তৃতীয় কোন পক্ষকে হস্তান্তরিত করে অথবা,

চ) যখন আদালত মনে করে যে প্রতিষ্ঠানের ব্যবসা কোনো লোকসান ছাড়া পরিচালনা সম্ভব না।

ছ) অন্য কোন পরিস্থিতিতে যখন আদালত প্রতিষ্ঠানের বিলোপসাধনকে ন্যায় সত্য বলে বিবেচনা করে।

বিলোপসাধনে হিসাবের নিষ্পত্তির পদ্ধতি :

ভারতীয় অংশীদারি আইনের 48 ধারা অনুযায়ী বিলোপসাধনে হিসাবের নিষ্পত্তির জন্য নিম্নলিখিত নিয়মগুলো মেনে চলতে হবে।

ক) ক্ষতি সাপেক্ষে : মূলধনের হ্রাস সহ ক্ষতি, প্রথমেই লাভ থেকে প্রদান করতে হবে, এবং পরবর্তীকালে অংশীদারের মূলধন থেকে প্রদান করবে এবং সবশেষে যদি প্রয়োজন হয় তবে অংশীদাররা ব্যক্তিগতভাবে তাদের মুনাফা বন্টন অনুপাতে প্রদান করবে।

খ) সম্পত্তি স্বাপেক্ষে : মূলধনের ঘাটতি মেটানোর জন্য অংশীদারদের কর্তৃক প্রদত্ত অর্থ সহ ফার্মের সম্পদসমূহ নিম্নলিখিত পদ্ধতিতে ব্যবহার করা হবে।

ক) তৃতীয়পক্ষের নিকটি ফার্মের কোন ঋণ থাকলে তা পরিশোধ করার জন্য।

খ) প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যেক অংশীদারকে মূলধন ছাড়া তার প্রদেয় অগ্রীম অর্থ পরিশোধ করা।

গ) প্রত্যেক অংশীদারকে মূলধন বাবদ যা তাকে প্রদেয়। এবং

ঘ) যদি কোন অবশিষ্ট থাকে, তবে তা অংশীদারদের মধ্যে মুনাফা বন্টনের অনুপাতে বন্টন করতে হবে।

যদি তৃতীয় কোন পক্ষের নিকট ফার্মের অথবা কোন অংশীদারদের আলাদাভাবে দেনা থাকে তবে প্রথমেই এই দেনা পরিশোধে ফার্মের সম্পত্তি ব্যবহার করা হবে এবং যদি কোন উদ্বৃত্ত থাকে, তবে এই উদ্বৃত্ত অর্থের অংশীদারদের অংশ কোন অংশীদারের আলাদাভাবে দেনা থাকলে তা পরিশোধে ব্যবহৃত হবে। কোন অংশীদারের ব্যক্তিগত দেনা পরিশোধ করার জন্য প্রথমে তাঁর ব্যক্তিগত সম্পত্তি ব্যবহার করা হবে, তারপরেও যদি কোন উদ্বৃত্ত থাকে তবে ফার্মের দেনা পরিশোধে ব্যবহৃত হবে।

Particular	Amount	Particular	Amount(RS)
To sundry assets A/C (Excluding cash, bank, fictitious assets, accumulated losses, debit balance of partner's capital account, Debit balance of partner's current account Loans to partner's)	***	By sundry liabilities A/C (Excluding partners capital, Loan from partners reserve, accumulated profit etc.)	***
To provision on any liability A/C	***	By provision on any Assets A/c	***
To Bank /cash A/C (amount paid for discharging realisation of Assets)	***	By Bank/cash A/c (amount received on Liabilities)	***

To Bank/Cash (Expenses of Realisation)	***	By Bank/cash A/c (Amount received from Unrecorded assets.	***
To partner's capital/current A/C (liability taken over by a partner or remuneration commission paid to him or any expenses beared by him)	***	By partners capital A/C (Assets taken over by a partner recorded or unrecorded.)	***
To partners capital/ current A/c (Profit on realisation)	***	By partner's capital/ current A/C (Loss on Realisation)	***

- ১) অংশীদারির বিলোপসাধন এবং অংশীদারি ফার্মের বিলোপসাধন দুটো কি
ক) একই জিনিস, খ) ভিন্ন জিনিস,
গ) কোনটিই নয়।, ঘ) (ক) এবং (খ) উভয়ই ।
- ২) আদায়করণ হিসাব তৈরি করা হয় যখন —
ক) সম্পত্তি ও দায় রেখে দেওয়া হয় ।
খ) সম্পত্তি ও দায় বিক্রি করা হয়।
গ) বিলোপসাধনের সময় ফার্মের নীট সম্পত্তি নির্ণয় করার জন্য।
ঘ) উপরের কোনটিই নয়।
- ৩) আদালত ফার্মের বিলোপ সাধন করতে পারে, যখন —
ক) কোন অংশীদারের বাতুলতার / উন্মাদ কারণে।
খ) অংশীদারদের বোঝাপড়ার মাধ্যমে ।
গ) যখন সকল অংশীদাররা দেউলিয়া ঘোষিত হয়।
ঘ) এগুলোর কোনটিই নয়।
- ৪) সচ্ছল অংশীদার অবশ্যই অসচ্ছল অংশীদারের ঘাটতি পূরণ করবে ।
ক) লাভ-ক্ষতির অনুপাতে ।
খ) মূলধন অনুপাতে ।
গ) সমানভাবে ।
ঘ) এগুলোর কোনটিই নয়।
- ৫) অংশীদারি প্রতিষ্ঠানের বিলোপ সাধনের সময় সন্দেহজনক ঋণের সঞ্চিত স্থানান্তর করা হয় —
ক) আদায়করণ হিসাবে,
খ) অংশীদারের মূলধন হিসাবে,

- গ) বিবিধ দেনাদারের হিসাবে,
ঘ) এগুলির মধ্যে কোনটিই নয়।
- ৬) বিলোপসাধনের সময়ে যদি কোন অংশীদার ফার্মের দেনা পরিশোধ করে, তবে এই হিসাবটি ডেবিট করা হয় —
- ক) লাভ-ক্ষতির হিসাবে।
খ) আদায়করণ হিসাব।
গ) অংশীদারদের মূলধন হিসাবে।
ঘ) নগদ হিসাবে।
- ৭) বিলোপসাধনের সময়ে সুনাম হিসাব স্থানান্তর করা হয় —
- ক) অংশীদারদের মূলধন হিসাবে।
খ) নগদ হিসাবের ক্রেডিট দিকে।
গ) আদায়করণ হিসাবের ডেবিট দিকে।
ঘ) আদায়করণ হিসাবের ক্রেডিট দিকে।
- ৮) বিলোপসাধনের সময় ভুয়া সম্পত্তি (Friction Assets) স্থানান্তর করা হয়।
- ক) অংশীদারদের মূলধন হিসাবে।
খ) আদায়করণ হিসাবে।
গ) নগদ হিসাবে।
ঘ) অংশীদারদের ঋণ (Loan) হিসাবে।
- ৯) অংশীদারি প্রতিষ্ঠানের বিলোপ সাধনের সময় যদি কোন অংশীদার আদায়করণ খরচ বাবদ ২০০০ টাকা প্রদান করে তবে কোন হিসাবকে ডেবিট করা হবে
- ক) নগদ হিসাবকে।
খ) আদায়করণ হিসাবকে।
গ) অংশীদারদের মূলধন হিসাবকে।
ঘ) লাভ লোকসান হিসাবকে।
- ১০) কোন শর্তে কোন অংশীদারি ফার্মের বিলোপসাধন হয়েছে বলে গণ্য করা হবে
- ক) অংশীদার গ্রহণের সময়ে।
খ) অংশীদারের অবসর গ্রহণের সময়ে।
গ) অংশীদারি প্রতিষ্ঠানের মেয়াদ শেষ হলে।
ঘ) অংশীদারি প্রতিষ্ঠান ক্ষতিতে চললে।
- ১১) বিলোপসাধনের সময় অনথিভুক্ত কোন দেনা পরিশোধ করলে ডেবিট করা হবে —
- ক) অংশীদারদের মূলধন হিসাবে।
খ) আদায়করণ হিসাবে।
গ) দায়ের হিসাবকে।

- ঘ) সম্পত্তি হিসাবকে ।
- ১২) বিলোপসাধনের সময় অনথিভুক্ত সম্পত্তি বিক্রি করে অর্থ পাওয়া গেলে ক্রেডিট করা হবে —
- ক) অংশীদারদের মূলধন হিসাবে ।
- খ) লাভ ক্ষতির হিসাবে ।
- গ) আদায়করণ হিসাবে ।
- ঘ) নগদ হিসাবে ।
- ১৩) বিলোপসাধনের সময় মূলধন হিসাবের চূড়ান্ত জের স্থানান্তরিত করা হয় —
- ক) আদায়করণ হিসাবে ।
- খ) নগদ হিসাবে ।
- গ) লাভ লোকসান হিসাবে ।
- ঘ) অংশীদারের ঋণ হিসাবে ।
- ১৪) আদায়করণ হিসাবের লাভ / ক্ষতি স্থানান্তর করা হয় —
- ক) লাভ-ক্ষতির হিসাবে ।
- খ) অংশীদারদের মূলধন হিসাবে ।
- গ) উদ্বর্তপত্রে ।
- ঘ) উপরের কোনটিই নয় ।
- ১৫) বিলোপ সাধনের সময় উদ্বর্তপত্রের নগদ জের যেই হিসাবে দেখানো হয় —
- ক) আদায়করণ হিসাবে ।
- খ) নগদ হিসাবে ।
- গ) মূলধন হিসাবে ।
- ঘ) উপরের কোনটিই নয় ।

Answer :

- ১) খ, ২) গ, ৩) ক, ৪) খ, ৫) ক, ৬) খ, ৭) ক, ৮) ক, ৯) খ, ১০) গ, ১১) গ, ১২) গ,
১৩) খ, ১৪) খ, ১৫) খ।
- ১) ফার্মের বিলোপসাধন বলতে কি বোঝ?
- ২) আদায়করণ হিসাব প্রস্তুত করা হয় কেন?
- ৩) ফার্মের বিলোপ সাধনের সময় তুমি ফার্মের পুঞ্জিভূত লাভ/ক্ষতির ব্যবস্থাদি করবে?
- ৪) আদায়করণ হিসাবের জের কি অনুপাতে অংশীদারদের মূলধনের হিসাবে স্থানান্তর করবে?
- ৫) ফার্মের বিলোপ সাধনের সময় উদ্বর্তপত্রের সম্পত্তি ও দায়ের জের কোথায় স্থানান্তর করা হয়?
- ৬) অনথিভুক্ত সম্পত্তি কি?
- ৭) অনথিভুক্ত দায় কি?

- ৮) অংশীদারি প্রতিষ্ঠানের বিলোপ সাধনের সময় অংশীদারদের মূলধনের জের কোন সময়ে দেওয়া হয়?
- ৯) অংশীদারি প্রতিষ্ঠানের বিলোপ সাধনের সময় যদি কোন অংশীদার আদায়করণ খরচ বহন করেন তবে এর জন্য জাবেদা দাখিলা কি হবে?
- ১০) প্রতিষ্ঠানের বিলোপসাধনের সময় কোন অংশীদার 25000 টাকার সম্পত্তি 20,000 টাকায় গ্রহণ করলে, আদায়করণ হিসাবে কত টাকা দেখানো হবে?
- ১১) A and B are partners in a firm, They share profit and losses in the ratio of 1 : 2 on 1st April 2020. They decided to dissolve the partnership and on that date the balance sheet of the firm was as under :

Liabilities		Amount	Assets		Amount
Bills payable		10,000	Land and Building		1,20,000
Sundry Creditor		20,000	Furniture		30,000
Capital A/C			Machinery and Plant		80,000
A – 1,50,000			Cash in hand		2,000
B – 1,00,000		2,50,000	Cash at Bank		8,000
General Reserve		60,000	Stock		1,02,000
B's Loan A/C		30,000	Debtors – 50,000		
			Less Provision – 2,000		48,000
		3,90,000			3,90,000

The sales of firm properties realised Rs. 1,00,000 from stock, Rs. 34,000 from furniture and Rs. 1,00,000 from land and Building, Rs. 45,000 were collected from Debtors and Creditors were paid off at a discount of Rs. 1,00,000.

Machinery and Plant are taken over by A at their Book Value. The expenses of realisation amounted to Rs. 4,000.

You are required to prepare the —

- a) Realisation account. b) Cash Book and, c) Partner's Capital A/C.

১২) A, B and C carrying on business in partners decided to dissolve the firm on 31.12.19 when their balance sheet was as follows :

Liabilities		Amount	Assets		Amount
Creditors		68,000	Cash at Bank		50,000
Capital A/C.			Debtors		1,24,000
A –		2,40,000	Stock		74,000
B –		1,80,000	Tools		16,000
C –		1,20,000	Motor Car		24,000
			Machinery		1,20,000
			Buildings		2,00,000
		6,08,000			6,08,000

The partnership deed provided that profits will be divided in the ratio of 3 : 2 : 1 respectively among A, B and C.

Assets realised as under :

Stock Rs. 80,000, Machinery Rs. 1,56,000, Buildings Rs. 1,68,000, tools Rs. 10,000, Motor Car Rs. 50,000, Goodwill Rs. 1,20,000. Debtors were realised in full subject to bad debts of Rs. 6,000.

Creditors were settled at a discount of Rs. 1,440. There was an unrecorded asset valued at Rs. 6000, which was handed over to A for Rs. 4000.

You are required to prepare realisation account, Bank account and partner's capital account.

17) X, Y and Z were in partnership. They decided to dissolve the firm. Their position at 31st December 2020, was as follows :

Liabilities	Amount	Assets	Amount
Creditors	8,400	Cash in hand	475
Bills payable	1,500	Debtors	9,375
Loan from bank	9,000	Bills Receivable	950
Capital Accounts :		Furniture	950
X – 4,500		Plant	15,900
Y – 3,000		Goodwill	1,000
Z – 2,250	9,750		
	28,650		28,650

They shared profit and losses in the proportion of 2 : 2 : 1 respectively.

Goodwill realised Rs. 6,000. 10% of book debts proved bad and the bills receivable realised only Rs. 900. The plant was sold for Rs. 12,000 and the office furniture was taken over by X at book value. The bills payable were met before the due dates, earning a rebate of Rs. 100. The bank loan was paid off including interest of Rs. 300. The creditors were settled for Rs. 8,000.

Show the

Realisation account, cash account and the capital accounts of the partner's.

18) A, B and C are in partnership sharing profit and losses equally. They decided to dissolve the partnership on 1st Oct. 2020 on which date the Balance sheet of the firm was as follows :

Liabilities	Amount	Assets	Amount
Capital		Capital	
A – 20,000		C	1,280
B – 12,000	32,000	Premises	25,650
Reserve	6,000	Machinery	10,800
Sundry Creditor	20,260	Stock	8,420
Bank Loan	5,120	Sundry Debtors	15,800
		Bills Receivable	1,280
		Cash at Bank	580
	63,389		63,389

The assets realised the following amounts :

Premises Rs. 16,000, Machinery Rs. 10,000, Stock Rs. 9000, Debtors Rs. 15000, Bills Receivable Rs. 850. The goodwill was sold for Rs. 2500. Discount amounting Rs. 260 were allowed by creditors while paying their claims. The expense for realisation amounted to Rs. 540. During the course of dissolution a liability for damages was settled at Rs. 9000 against Rs. 7000 provided in the books of the firm.

Prepare the necessary accounts to show the result of the realisation and also to close the books of the firm.

28) X, Y and Z were partners in a firm sharing Profit and Losses in the ratio of 3 : 2 : 1. They decided to dissolve their firm w.e.f. 31.12.20. The Balance sheet on which date was as follows :

Liabilities	Amount	Assets	Amount
Creditors	25,000	Machinery	45,000
Loan on Mortgage	20,000	Stock	20,000
Joint life policy Reserve	12,000	Debtors - 30,000	
Capital A/C		Less : Provision- 1500	28,500
X – 45,000		Joint Life Policy	15,000
Y – 30,000		Patents	20,000
Z – 15,000	90,000	Cash at Bank	18,500
	1,47,000		1,47,000

Additional information in connection with the dissolution was as follows :

- Joint life policy was surrendered and insurance company paid a sum of Rs. 18,000
- B took some of the patents at Rs. 3500 whose book value was Rs. 5000.
- The remaining assets were realised as follows :
Machinery Rs. 30,000, stock Rs. 15,000, Debtors Rs. 25,500, Patents 50% of the book value.
- Liabilities were paid and discount of Rs. 1,250 was allowed by the creditors.
- Expenses of dissolution amounted to Rs. 1,500.

Prepare the necessary ledger Accounts to close the books of the firm.

Answer

- 1) a) Loss on realisation Rs. 24,000
b) Cash Book total Rs. 2,89,000
c) Capital A/C. payment to A - Rs. 82,000 and B - Rs. 1,24,000
- 2) Profit on realisation A – Rs. 1,49,440.
Final Repayment A – Rs. 3,10,720, B – Rs. 2,29,814 and C – Rs. 1,44,906
- 3) Profit on realisation Rs. 312.50
Final Repayment X – Rs. 3,675, Y – Rs. 3,125 and Z – Rs. 2,312.50
- 4) Loss on Realisation, A – Rs. 3,484, B – Rs. 3,483 and C – Rs. 3,483
Final Repayment A – Rs. 18,516, B – Rs. 10,517. Mr. C will brought Rs. 2,736.
- 5) Loss on Realisation, X – Rs. 14,375, Y – Rs. 9,583, Z – Rs. 4,792.
Final Payment X – Rs. 36,625, Y – Rs. 20,917, Z – Rs. 12,208.

ACCOUNTANCY : Class - XII

Part - B

অধ্যায় - 1

শেয়ার মূলধনের হিসাবনিকাশকরণ

কোম্পানি অর্থ :

একটি কোম্পানি বলতে বোঝায় যে, এমন কিছু সংখ্যক ব্যক্তিদের সংগঠন যারা অর্থ বা অর্থমূল্যের সমপরিমাণ কিছু একটি সাধারণ তহবিল যোগান দেবে এবং একটি সার্বজনীন উদ্দেশ্যে তা ব্যবহার করা হবে। এটি একটি কৃত্রিম ব্যক্তি যার একটি নিজস্ব কর্পোরেট আইনি সত্তা রয়েছে যা তার সদস্যদের বা শেয়ার গ্রহীতাদের থেকে তাকে পৃথক এবং এটি তার স্বাক্ষরের জন্য একটি সাধারণ সীলমোহর ব্যবহার করে থাকে। সুতরাং এর কিছু নির্দিষ্ট বৈশিষ্ট্য রয়েছে যা অন্যান্য সংগঠন থেকে তাকে পৃথক করে।

কোম্পানির বৈশিষ্ট্য:

আইনের দ্বারা সৃষ্ট সংস্থা:

একটি কোম্পানিকে কোম্পানি আইন-2013 এর অধীনে নিবন্ধিত হওয়া প্রয়োজন। অন্য যে কোনো সংস্থা কোম্পানি নিবন্ধনের সাথে যুক্ত কিন্তু নিবন্ধিত নয়, তাকে কোম্পানি হিসেবে গণ্য করা যায় না।

পৃথক আইনগত সত্তা:

একটি কোম্পানির পৃথক আইনগত সত্তা থাকে। ফলে কোম্পানি তার মালিক বা শেয়ার হোল্ডারদের থেকে স্বতন্ত্র ও পৃথক সত্তা বজায় রাখে।

সীমিত দায়:

কোম্পানির যেহেতু পৃথক আইনগত সত্তা বর্তমান, সেজন্য কোম্পানির সদস্যরা কোম্পানির ঋণের জন্য দায়ী নয়। একটি কোম্পানির সদস্যদের দায় তাদের দ্বারা অধিগৃহীত শেয়ারের অভিজিত / নামিক মূল্যের মধ্যে বা তাদের প্রদত্ত প্রতিশ্রুতির মধ্যে সীমাবদ্ধ থাকে।

শেয়ারের হস্তান্তরযোগ্যতা:

একটি সার্বজনীন কোম্পানির শেয়ারহোল্ডাররা পরিমেল নিয়মাবলিতে উল্লেখিত শর্তানুসারে তাদের শেয়ার হস্তান্তর করতে পারে। কিন্তু ঘরোয়া কোম্পানির ক্ষেত্রে শেয়ার হস্তান্তরে কিছু বিধিনিষেধ থাকতে পারে।

সাধারণ সীলমোহর:

কোম্পানি একটি কৃত্রিম সত্তা বা ব্যক্তি হওয়ার ফলে নিজেই নিজের নাম স্বাক্ষর করতে পারে না। এরজন্য প্রত্যেক কোম্পানির নিজস্ব সীলমোহর থাকা প্রয়োজন যেটি কোম্পানির গৃহীত সিদ্ধান্তের প্রতিনিধিত্ব করবে।

চিরন্তন অস্তিত্ব / চিরস্থায়ী উত্তরাধিকার:

আইন দ্বারা সৃষ্ট একটি কোম্পানি কৃত্রিম ব্যক্তি হলেও এর সদস্যদের পরিবর্তনের ফলেও তার অস্তিত্ববিদ্যমান থাকে।

সদস্য সংখ্যা:

কোম্পানির আইন 2013-এর বিধান অনুসারে একটি সার্বজনীন কোম্পানি বা পাবলিক লিমিটেড কোম্পানির কার্যাবলি আরম্ভ করতে ন্যূনতম সাতজন (07) সদস্য এবং একটি ঘরোয়া কোম্পানি বা প্রাইভেট লিমিটেড কোম্পানির কার্যাবলি আরম্ভ

করতে ন্যূনতম দুইজন (02) সদস্য প্রয়োজন। একটি পাবলিক বা সার্বজনীন কোম্পানির ক্ষেত্রে সর্বোচ্চ সদস্য সংখ্যা সীমাহীন এবং প্রাইভেট বা ঘরোয়া কোম্পানির ক্ষেত্রে সর্বোচ্চ সদস্য সংখ্যা 200 জন।

কোম্পানির শ্রেণিবিভাগ:

কোম্পানিগুলিকে তার সদস্যদের দায়বদ্ধতার ভিত্তিতে অথবা সদস্যদের সংখ্যার ভিত্তিতে শ্রেণিবিভাগ করা যেতে পারে।

A) সদস্যদের দায়বদ্ধতার ভিত্তিতে কোম্পানিকে নিম্নলিখিত তিনটি শ্রেণিতে ভাগ করা যেতে পারে, যথা—

i) শেয়ার দ্বারা দায় সীমাবদ্ধ কোম্পানি :

এই ক্ষেত্রে, কোম্পানির সদস্যদের দায়বদ্ধতা তাদের দ্বারা অধিগৃহীত শেয়ারের নামিক / লিখিত / অভিহিত মূল্য পর্যন্ত সীমাবদ্ধ। বেশিরভাগ প্রাইভেট লিমিটেড কোম্পানি বা ঘরোয়া কোম্পানি এই প্রকৃতির হয়ে থাকে।

ii) প্রতিশ্রুতির দ্বারা দায় সীমাবদ্ধ কোম্পানি:

এই ক্ষেত্রে, কোম্পানির সদস্যদের দায় কোম্পানির অবসায়নের সময় যে পরিমাণ অর্থ প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেছে তার মধ্যে সীমাবদ্ধ থাকে।

iii) অসীম বা সীমাহীন দায়বদ্ধ কোম্পানি:

এইক্ষেত্রে শেয়ারহোল্ডারদের দায় সীমাহীন। অবসায়নের সময়, কোম্পানির দেনা পরিশোধের জন্য শেয়ারহোল্ডারদের তাদের ব্যক্তিগত সম্পত্তি থেকেও টাকা দিতে হতে পারে। সুস্পষ্ট কারণবশতই এই ধরনের কোম্পানি এখনো ভারতে যথেষ্ট বিরল।

B) সদস্যদের সংখ্যার ভিত্তিতে কোম্পানিগুলোকে নিম্নলিখিত তিনটি শ্রেণিতে ভাগ করা যেতে পারে—

i) সার্বজনীন কোম্পানি বা পাবলিক কোম্পানি :

একটি সার্বজনীন বা পাবলিক কোম্পানি বলতে বোঝায়, যেটি

a) একটি প্রাইভেট বা ঘরোয়া কোম্পানি নয়।

b) একটি কোম্পানি যা একটি প্রাইভেট বা ঘরোয়া কোম্পানির অধীনস্থ নয়।

ii) প্রাইভেট বা ঘরোয়া কোম্পানি:

এটি এমন একটি কোম্পানি যার উল্লেখ 'কোম্পানি আইন, 2013'-তে পাওয়া যায়। প্রাইভেট বা ঘরোয়া কোম্পানির উদ্দেশ্য হল প্রতিষ্ঠান যখন বড় আকারের নয়, কিন্তু তা সত্ত্বেও তার মালিকগণ বা পরিচালকগণ অংশীদারি বা মালিকানা রূপ সম্পন্ন কারবারের বাইরে গিয়ে কোম্পানিরূপ প্রতিষ্ঠান বেছে নিতে চায়। এরূপ কোম্পানির ন্যূনতম সদস্য সংখ্যা 02 জন (ব্যতিক্রম - এক ব্যক্তির কোম্পানি) এবং সর্বোচ্চ সদস্য সংখ্যা 200 জন।

iii) এক ব্যক্তির কোম্পানি:

কোম্পানি আইন, 2013-এর ধারা 2(62) অনুসারে এক ব্যক্তির কোম্পানি হল এমন একটি কোম্পানি যার শুধুমাত্র একজন ব্যক্তিই সদস্য হিসেবে থাকে। এছাড়াও এক ব্যক্তির কোম্পানির সদস্য পরিমেলবদ্ধ বা তার শেয়ার হোল্ডারদের অধীনস্থ বা সহায়ক ছাড়া আর কিছুই নয়। সুতরাং, এক ব্যক্তির কোম্পানি হল এমন একটি, যার সদস্য মাত্র একজন।

একটি কোম্পানির শেয়ার মূলধন:

শেয়ার মূলধন বলতে একটি কোম্পানি দ্বারা শেয়ার বিলির মাধ্যমে সংগৃহীত মূলধনের অর্থরাশিকে বোঝায়। এটি শেয়ার বিলির মাধ্যমে সংগ্রহ করা হয় এবং কোম্পানির অবসায়ন পর্যন্ত এটি কোম্পানির সাথে থাকে।

শেয়ার মূলধনের শ্রেণিবিভাগ :

i) অনুমোদিত মূলধন (Authorised Capital)

অনুমোদিত মূলধন হল একটি কোম্পানির নিবন্ধনের সময় তার পরিমেলবদ্ধ দ্বারা সর্বোচ্চ যে পরিমাণ শেয়ার মূলধন সংগ্রহ করার অধিকার লাভ করে।

ii) বিলিযোগ্য মূলধন (Issued Capital)

অনুমোদিত মূলধনের যে অংশ জনসাধারণের কাছে বিক্রি করার জন্য উপস্থাপন করা হয়, তাকে বিলিযোগ্য মূলধন বলে। অর্থাৎ এটি হল শেয়ারের নামিক / লিখিত/অভিহিত মূল্য যা বিক্রির জন্য জনসাধারণের কাছে উপস্থাপন করা হয়।

iii) বিলিকৃত বা বিক্রিত মূলধন (Subscribed Capital)

এটি বিলিযোগ্য মূলধনের সেই অংশ যা ক্রয়ের করার জন্য উপস্থাপন করা হয়, তবে বিলিযোগ্য মূলধন বলে। অর্থাৎ এটি হল শেয়ারের নামিক / লিখিত / অভিহিত মূল্য যা বিক্রির জন্য জনসাধারণের কাছে উপস্থাপন করা হয়।

iv) তলবিকৃত মূলধন (Called up Capital)

সাধারণত শেয়ারহোল্ডাররা শেয়ারের মূল্য আবেদন, অবন্টন, প্রথম তলব, দ্বিতীয় তলব ইত্যাদি বিভিন্ন কিস্তির মাধ্যমে প্রদান করে থাকে। সুতরাং শেয়ারের অভিহিত মূল্যের যে পরিমাণ অর্থ কোম্পানি প্রদানের জন্য তলব করে তাকে তলবিকৃত মূলধন বলে।

v) আদায়কৃত মূলধন (Paid up Capital)

শেয়ার হোল্ডারদের দ্বারা প্রদত্ত প্রকৃত অর্থরাশিকেই আদায়কৃত মূলধন বলে।

vi) অতলবিকৃত মূলধন (Uncalled Capital)

বিলিকৃত মূলধনের যে অংশ এখনো তলব করা হয়নি, তাকে অতলবিকৃত মূলধন বলে।

vii) সঞ্চিতি বা সংরক্ষিত মূলধন (Reserve Capital)

একটি কোম্পানি তার অতলবিকৃত মূলধনের একটি অংশ শুধুমাত্র অবসানের সময় তলবের জন্য সংরক্ষিত করে রাখতে পারে। এরূপ অতলবিকৃত অর্থরাশিকে কোম্পানির সঞ্চিতি বা সংরক্ষিত মূলধন বলে।

নিম্নে একটি উদাহরণের মাধ্যমে উদ্বর্তপত্রে কীভাবে শেয়ার মূলধনকে দেখানো হয় তা নির্দেশিত হল—

Share Capital :		
Authorised / Registered / Nominal Capital :		
4,00,000 shares of Rs. 10 each		40,00,000
Issued Capital		
2,00,000 shares of Rs. 10 each		20,00,000
Subscribed Capital :		
Subscribed but not fully paid up 2,00,000 shares of Rs. 10 each, Rs. 8 called up	16,00,000	
Less : Call-in-arrear	6,000	
		15,94,000

শেয়ারের প্রকৃতি ও শ্রেণিবিভাগ

একটি কোম্পানির শেয়ার সংখ্যা সহ অনুমোদিত মূলধনের অর্থরাশি এবং এগুলো কিভাবে বিভক্ত তা পরিমেলবন্ধতে উল্লেখিত থাকে। কিন্তু একটি কোম্পানির মূলধনের অর্থরাশি কিভাবে ও কতটা পরিমাণে বিভিন্ন প্রকারের শেয়ারে শ্রেণিবিভক্ত রয়েছে এবং সেই সম্পর্কিত অধিকার ও দায়সমূহ সম্পর্কে বিস্তারিত সব কিছু কোম্পানিটির পরিমেল নিয়মাবলিতে বর্ণিত থাকে। কোম্পানি আইন অনুসারে একটি কোম্পানি দুই ধরনের শেয়ার বিলি করতে পারে :

- প্রেফারেন্স বা অগ্রাধিকার যুক্ত শেয়ার।

- ইকুইটি শেয়ার (যাকে সাধারণ শেয়ারও বলা হয়)

প্রেফারেন্স বা অগ্রাধিকারযুক্ত শেয়ার :

অগ্রাধিকার শেয়ার গ্রহীতাদের ইকুইটি শেয়ার গ্রহীতাদের পূর্বে লভ্যাংশ প্রদান করা হয় বলে কোম্পানির দুই প্রকার শেয়ারের মধ্যে এই শ্রেণির শেয়ার অধিকতর গ্রহণযোগ্য। এমনকি কোম্পানি দেউলিয়া হয়ে গেলেও সেক্ষেত্রে কোম্পানি সম্পত্তিগুলো থেকে ইকুইটি শেয়ার হোল্ডারদের অর্থ প্রদানের পূর্বে প্রেফারেন্স শেয়ার হোল্ডারদের পাওনা প্রদান করতে হয়।

ইকুইটি বা সাধারণ শেয়ার:

ইকুইটি বা সাধারণ শেয়ার হল মালিকানার একটি অংশ যেখানে প্রত্যেক সদস্য একটি অংশের মালিক এবং সদস্যরা ব্যবসা প্রতিষ্ঠান সম্পর্কিত অধিকাংশ কার্যকলাপের উদ্যোগ গ্রহণের জন্য দায়বদ্ধ থাকে। যে কোনো প্রতিষ্ঠানের এই ধরনের শেয়ার হোল্ডারদের ভোটাধিকার বর্তমান।

শেয়ার বিলিকরণ (Issue of Shares)

শেয়ার বিলিকরণ হচ্ছে এমন একটি পদ্ধতি যার মাধ্যমে প্রতিষ্ঠানসমূহ শেয়ার হোল্ডারদের নতুন শেয়ার আবন্টন বা বরাদ্দ করে। শেয়ার হোল্ডাররা কর্পোরেট প্রতিষ্ঠান বা কোনো ব্যক্তিও হতে পারে। শেয়ার বিলিকরণের সময় প্রতিষ্ঠানগুলিকে ‘কোম্পানি আইন, 2013’- এর দ্বারা নির্দেশিত নিয়মগুলি অনুসরণ করে থাকে। বিবরণপত্র বিলি আবেদনপত্র গ্রহণ এবং শেয়ার আবন্টন এই তিনটি হল শেয়ার বিলির মূল মৌলিক পদক্ষেপ।

ন্যূনতম মূলধন (Minimum Subscription)

শেয়ার যখন জনসাধারণের কাছে বিলি করা হয়, সেই সময় বিলিকৃত শেয়ারে যে ন্যূনতম অংশ জনগণের দ্বারা গৃহীত হতে হয় যাতে কোম্পানি আবেদনকারীদের শেয়ার আবন্টন করতে পারে তাকেই ন্যূনতম মূলধন বলে। এটা অবশ্যই মনে রাখতে হবে যে, SEBI (Disclosure and Investor Protection)-এর নির্দেশিকা, 2000 (6.3.8.1 এবং 6.3.8.2) অনুসারে ‘ন্যূনতম মূলধন’ কখনোই বিলিকৃত অর্থরাশির 90%-এর কম হবে না। যদি এই শর্তটি পূরণ না হয়ে থাকে তবে কোম্পানিটি তার প্রাপ্ত সম্পূর্ণ অর্থরাশি বা পুঁজি অবিলম্বে ফেরত দিয়ে দেবে। এই ফেরত প্রক্রিয়া পুঁজি বিলিকরণের শেষ তারিখ থেকে যদি 8 (আট) দিনের বেশি দেরি হয়, তখন কোম্পানি 15% সুদ সহ সম্পূর্ণ অর্থরাশি ফেরত দিতে বাধ্য থাকে [ধারা 73(2)]।

শেয়ার বিলি সংক্রান্ত হিসাব নিকাশকরণ ব্যবস্থাদি (Accounting Treatment for Issue of Shares):

একটি কোম্পানি তার শেয়ার লিখিত / অভিহিত / নামিক মূল্যে অথবা অন্য কোনো মূল্যের বিনিময়ে বিলি করতে পারে। যদি শেয়ার নামিক মূল্যের সময়মূল্যে বিলি করা হয়, তখন তাকে সমহারে (at par) শেয়ার বিলি বলা হয়। যখন নামিক মূল্যের চেয়ে অধিক মূল্যে শেয়ার বিলি করা হয়, তখন তাকে বলে অধিহারে (at premium) শেয়ার বিলি। যদি শেয়ার নামিক মূল্যের চেয়ে কম মূল্যে বিলি করা হয়, তখন সেই ঘটনাকে বলা হয় অবহারে (at discount) শেয়ার বিলি।

বিলিকৃত শেয়ারের অর্থরাশি সাধারণত আবেদনের সাথে, আবন্টন এবং পরবর্তীতে এক বা একাধিক তলবির মাধ্যমে বিভিন্ন পর্যায়ে বা ধাপে সংগ্রহ করা হয়ে থাকে। একটি শেয়ারকে তখনই সম্পূর্ণরূপে আদায়ীকৃত শেয়ার বলা হয় যখন সেই শেয়ার বাবদ সম্পূর্ণ অর্থরাশি পাওয়া যায়।

শেয়ার বিলি সংক্রান্ত জাবেদা দাখিলাগুলো নিম্নরূপ—

1. আবেদনের অর্থ পাওয়া গেলে (For Receipt of Application money) :

Bank A/C..... Dr

- To Share Application A/C.
(Being Amount received on application for shares @ Rs..... per share)
- 2) আবেদনের অর্থ শেয়ার মূলধন হিসাবে স্থানান্তর (For transfer of Application money to share capital Account):
Share Application A/C..... Dr.
To Share Capital A/C
(Being applicaion money on shares @ Rs.....each transferred to share capital account as per Board's. Resolution No..... dated)
- 3) নামঞ্জুর হওয়া আবেদনের অর্থ ফেরৎ দেওয়া হলে (For money rrefunded on rejected application) :
Share Application A/C..... Dr.
To Bank A/C
(Being application money returned on rejected application for no of shares)
- 4) আবেদনের সময় গৃহীত অতিরিক্ত অর্থমিলকরণের জন্য (For adjustment of Excers application money) :
Share Application A/C Dr.
To share allotment A/C
(Being application money no of shares @Rs. per shares adjusted against allotment as per Board's Resolution No. dated)
- 5) আবন্টন বাবদ অর্থ প্রাপ্য হলে (For amount due on Allotment) :
Share Alotment A/C..... Dr.
To share capital A/C
(Being allotment money due on no of shares @ Rs..... each as per Board's resolution No. dated)
- 6) আবন্টন বাবদ অর্থ পাওয়া গেলে (When allotment money is received) :
Bank A/C Dr.
To share Allotment A/C
(Being alotment money received on no of shares @ Rs. each)
- 7) তলবি অর্থ প্রাপ্য হলে (For call amount due) :
Share Call A/C Dr.
To share capital A/C
(Being share call money due on shares @ Rs. each asper Board's Resolution No..... dated)
- 8) তলবি অর্থ পাওয়া গেলে (For Receipt of call money)
Bank A/C Dr.

To share call A/C

(Being share call money received on shares @ Rs. each)

উপরের উল্লেখিত (3) নং (4) নং জাবেদা দুটি একত্রিত করে নিম্নলিখিত জাবেদা দাখিলাটিও দেওয়া যেতে পারে—

Share Application A/C Dr.

To share Allotment A/C

To Bank A/C

(Being excess application money adjusted to share allotment and balance refunded)

অনাদায়ী বা বকেয়া তলবি অর্থ (Calls-in-Arrears):

কোম্পানির দ্বারা শেয়ার হোল্ডারদের কাছ থেকে তলব করার পর নির্দিষ্ট সময়ের মধ্যে সেই অর্থ যদি না পাওয়া যায়, তাকে অনাদায়ী বা বকেয়া তলবি অর্থ বলে। যদি কোম্পানি 'Calls-in-arrear' - এর জন্য পৃথক হিসাবখাত খোলে, তাহলে তার জন্য নিম্নলিখিত অতিরিক্ত জাবেদা দাখিলাটি দিতে হয়—

Calls-in-arrear A/C..... Dr.

To particular Call (e.g. share first call) A/C

(Being calls-in-arrear brought into account)

অগ্রিম প্রাপ্ত তলবি অর্থ (Calls-in-Arrears)

একজন শেয়ার হোল্ডার তলব করার পূর্বেই তার বকেয়া অংশের একটি বা সম্পূর্ণ প্রদান করতে পারে। এই অগ্রিম প্রদান শেয়ার হোল্ডারদের ঐচ্ছিক বিষয় এবং এবং অগ্রিম প্রাপ্ত তলবি অর্থ।

অগ্রিম প্রাপ্ত তলবি অর্থ নিম্নলিখিত জাবেদা দাখিলার মাধ্যমে লিপিবদ্ধ করা হয় —

Bank A/C. Dr.

To Calls-in-advance A/C

(Being amount received on calls-in-advance)

তলবের নির্দিষ্ট দিনে অগ্রিম প্রাপ্ত তলবির অর্থরাশিকে নিম্নলিখিত জাবেদা দাখিলার মাধ্যমে সমন্বয় করতে হয় —

Calls-in-advance A/C..... Dr.

To particular Call A/C

(Being calls-in-advance adjusted with the call money due)

অতিরিক্ত আবেদন গ্রহণ (Over Subscription)

যখন বিলিকৃত শেয়ারের চেয়ে অধিক সংখ্যক শেয়ারের আবেদন গৃহীত হয়, তখন তাকে অতিরিক্ত আবেদন গ্রহণ বলে। এরূপ পরিস্থিতিতে কোম্পানির পরিচালক মন্ডলীর কাছে তিনটি বিকল্প পদ্ধতি থাকে, যথা —

1) অতিরিক্ত আবেদন প্রত্যাখ্যান বা বাতিল করা (Reject the excess applications)

- 2) সমানুপাতী হারে শেয়ার বন্টন পদ্ধতি গ্রহন করা বা আনুপাতিক হারে শেয়ার আবন্টন (Make pro-rata allotment)
- 3) কিছু শেয়ারের জন্য আবেদন সম্পূর্ণরূপে প্রত্যাখ্যান করা এবং অবশিষ্ট আবেদনকারীদের সমানুপাতী হারে বন্টন (Partially refund amount and on other application pro-rata allotment is made)
- 1) অতিরিক্ত আবেদনগুলি প্রত্যাখ্যান এবং সেইসব আবেদনের অর্থরাশি ফেরত সংক্রান্ত হিসাব নিকাশকরণ ব্যবস্থাদি (Accounting Treatment for Rejection the excess applications and Money Rturned)

বিলিকৃত শেয়ারের চেয়ে অধিক সংখ্যক শেয়ারের আবেদন জমা পড়লে কোম্পানি সেই অতিরিক্ত আবেদনগুলি প্রত্যাখ্যান করে সেই আবেদনকারীদের প্রত্যাখ্যান পত্র পাঠাতে পারে। এক্ষেত্রে অতিরিক্ত আবেদনকারীদের থেকে গৃহীত অর্থরাশি তাদেরকে সম্পূর্ণ ফেরত দিয়ে দেয়। এক্ষেত্রে জাবেদা দাখিলটি হবে —

Share Application A/C Dr.

To Bank A/C

(Being excess application money on shares refunded to the applicants)

- 2) সমানুপাতী হারে শেয়ার বন্টন বা আনুপাতিক হারে শেয়ার আবন্টন সংক্রান্ত হিসাব নিকাশকরণ ব্যবস্থাদি (Accounting treatment for making pro-rata Allotment)

যখন পরিচালকমণ্ডলী সকল আবেদনকারীদের একটি সমানুপাতী হারে বন্টনের সিদ্ধান্ত গ্রহণ (সমানুপাতী বন্টন বলে) এক্ষেত্রে আবেদনের সময় গৃহীত অতিরিক্ত অর্থরাশি আবন্টন (Allotment) প্রদেয় অর্থরাশি সঙ্গে সমন্বয় সাধন করা হয়। জাবেদা দাখিলাটি নিম্নলিখিতভাবে দেওয়া হয় —

Share Application A/C. Dr.

To Share Capital A/C.

To Share Allotment A/C

(Being transfer of application money to share capital and the excess application money on.....share credited to share allotment amount)

যদি আবেদনের সময় গৃহীত অর্থরাশির পারিমাণ শেয়ার আবন্টনে প্রদেয় পরিমাণের চেয়ে বেশি হয়, তাহলে এই অতিরিক্ত অর্থরাশি ফেরত দিতে পারে না বা 'Call-in-advance' হিসাবাখাতে ক্রেডিট করতে পারে। এক্ষেত্রে নিম্নলিখিত জাবেদা দাখিলাটি লিপিবদ্ধ করা হয় —

Share Application A/C.....Dr.

To Calls-in-advance A/C

(Being the adjustment of excess share application money realised as Calls-in-advance in respect of shares)

- 3) কিছু শেয়ারের জন্য আবেদন সম্পূর্ণভাবে প্রত্যাখ্যান এবং অবশিষ্ট আবেদনকারীদের সমানুপাতী হারে বন্টন সংক্রান্ত হিসাব নিকাশকরণ ব্যবস্থাদি (Accounting treatment for partially refund of amount and on other application pro-rata allotment is made)

যখন কিছু শেয়ারের আবেদন সম্পূর্ণরূপে প্রত্যাখ্যান করা হয় এবং অবশিষ্ট আবেদনকারীদের মধ্যে সমানুপাতী হারে বন্টন করা হয়, সেক্ষেত্রে প্রত্যাখ্যান করা আবেদনপত্রের অর্থ সম্পূর্ণরূপে ফেরত দেওয়া হয় এবং যাদেরকে সমানুপাতী হারে আবন্টন করা হয়েছে সেই সকল আবেদনকারীদের থেকে প্রাপ্ত অতিরিক্ত আবেদনের অর্থ শেয়ার আবন্টনের সময় প্রদেয় অর্থের সাথে সমন্বয় করা হয়। এরূপ পরিস্থিতিতে আবেদনও আবন্টন সময় জাবেদা দাখিলগুলি নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করা হয় —

1) Bank A/C Dr.

To Share Application A/C.

(Being money received on application for shares @Rs..... per share)

2) Share Application A/C. Dr.

To Share Capital A/C

To Share Allotment A/C

To Bank A/C

(Being transfer of application money to share capital and the excess application amount of pro rata allottees credited to share allotment and the amount on rejected applications refunded)

3) Share Allotment A/C.....Dr.

To Share Capital A/C.

(Being amount due on the allotment of shares @ Rs..... per share)

4) Bank A/C.....Dr.

To Share Allotment A/C

(Being allotment money received after adjusting the amount already received as excess application money)

কম আবেদন গ্রহণ বলতে কোম্পানির বিলিযোগ্য তুলনায় কম সংখ্যক শেয়ারের জন্য আবেদন গ্রহণকে বোঝায়। এক্ষেত্রে কোম্পানির শেয়ার আবন্টনে কোনো সমস্যায় পড়তে হয় না কারণ, প্রত্যেক শেয়ার আবেদনকারীকে আবন্টন দেওয়া হবে। কিন্তু বিলিযোগ্য মূলধনের 90 শতাংশের কম আবেদন জমা পড়লে কোম্পানি শেয়ার বিলি করতে পারে না এবং এক্ষেত্রে আবেদন বাবদ প্রাপ্ত অর্থরাশি আবেদনকারীদের ফেরত দিতে হবে।

অধিকার শেয়ার বিলি (Issue of Shares at a Premium)

যখন একটি কোম্পানি তার শেয়ার লিখিত / নামিক মূল্যের চেয়ে বিলি করে, যখন সেই ঘটনাকে অধিকার শেয়ার বিলি বলে। নামিক মূল্য এবং বিলিকৃত মূল্যের মধ্যে পার্থক্যকে প্রিমিয়াম বা অধিকার বলে। যদি 10 টাকার একটি শেয়ার বিলি হয়, এক্ষেত্রে শেয়ার প্রতি ২ টাকা হল অধিকার। অধিকার বাবদ গৃহীত অর্থরাশিকে ‘Securities Premium A/C’ -এ স্থানান্তর করা হয়। কোনো কোম্পানির আর্থিক অবস্থা খুব সুদৃঢ় হলেই অধিকার তার শেয়ার বিলি করতে পারে। কোম্পানির জন্য জন্য এটি একটি মূলধনী লাভ। ‘Securities Premium S/C’ কোম্পানির উদ্বর্তপত্রে ‘Equity & Liability’ অংশের অধীনে ‘Reserve & Surplus’ নামক শিরোনামে দেখানো হয়।

অধিকার শেয়ার বিলি সংক্রান্ত হিসাবনিকাশকরণ ব্যবস্থাদি (Accounting treatment for Shares Issued at Premium)

- 1) অধিকার বাবদ অর্থ আবেদনের তলব করা হলে (For premium amount called with application money)
 - a) Bank A/C. Dr.
To Share Application for shares @Rs..... per shares including premium)
 - b) Share Application A/C.....Dr.
To Share Capital A/C.
To Securities Premium Reserve A/C
(Being transfer of application money to share capital and securities premium account)
- 2) অধিকার বাবদ অর্থ আবেদনের সঙ্গে তলব করা হলে (Premium amount called with Allotment money)
 - a) Share Allotment A/C.Dr.
To Share Capital A/C.
To Securities Premium Reserve A/C
(Being amount due on allotment onshares @ Rs.....each including premium)
 - b) Bank A/C.....Dr.
To Share Allotment A/C.
(Being allotment money received including premium)
- 3) তলবী অর্থের সাথে অধিহার অর্থের প্রদান (Premium amount payable along with call money)
 - a) Share Calls A/C. Dr.
To Share Capital A/C.
To Securities Premium Reserve A/C.
(Being amount due on call on shares @ Rs. per share including premium)
 - b) Bank A/C. Dr.
To Share Call A/C.
(Being call money received including premium)

অবহারে শেয়ার বিলি (Issue of Shares at a discount)

যখন একটি কোম্পানি তার লিখিত / নামিক / অভিহিত মূল্যের চেয়ে কম শেয়ার বিলি, সেই ঘটনাকে অবহারে শেয়ার বিলি বলে। উদাহরণস্বরূপ, একটি শেয়ারের নামিক মূল্য 100 টাকা এবং এর বিলিকৃত মূল্য 98 টাকা, তখন বলা যেতে পারে যে শেয়ারটি 2% অবহারে বিলিকৃত হয়েছে। সাধারণ নিয়মানুসারে, একটি কোম্পানি সচরাচর অবহারে শেয়ার

বিলি করতে পারে না। শুধুমাত্র 'বাজেয়াপ্ত শেয়ার পুনর্বিলিকরণ' এবং 'সোয়েট ইকুইটি শেয়ার (Sweat Quity Share) বিলিকরণ এই দুই পরিস্থিতিতে অবহাৰে শেয়ার বিলি করা যায়।

অবহাৰে শেয়ার বিলি সংক্রান্ত হিসাব নিকাশকরণ ব্যবস্থা (Sccounting treatment of shares issued at discount)

অবহাৰে অর্থরাশি সাধাৰণত আৰবন্টনের সাথে মিলকরণ করা হয় এবং এরজন্য নিম্নলিখিত জাবেদা দাখিলাটি দেওয়া হয় —

নগদ অর্থ ব্যতীত অন্য প্রতিদানে শেয়ার বিলি (Issue of shares for consideration other than cash)

এক্ষেত্রে প্রতিষ্ঠান বিলির শর্তানুসারে ঋণপত্র ধারকদের মেয়াদপূর্তিতে এককালীন অর্থ প্রদানের মাধ্যমে ঋণপত্র পরিশোধ করে থাকে।

যখন কোম্পানি সম্পূর্ণ অর্থরাশি এককালীন প্রদানের মাধ্যমে পরিশোধ করে, কোম্পানির হিসাব বইতে নিম্নলিখিত জাবেদা দাখিলাসমূহ লিপিবদ্ধ করে:

1. If debentures are to be redeemed at par

- | | | |
|--|-----|-----|
| a) Debentures A/c.....Dr | *** | |
| To Debentureholder A/c | | *** |
| (Being amount due on redemption of debentures) | | |
| b) Debentureholders A/c.....Dr | *** | |
| To Bank A/c | | *** |
| (Being payment made to debentureholders) | | |

2. If debentures are to be redeemed at premium

- | | | |
|---|-----|-----|
| a) Debentures A/c.....Dr | *** | |
| Premium on Redemption of Debenture A/c.....Dr | *** | |
| To Debentureholders A/c | | *** |
| (Being amount due on redemption of debenture) | | |
| b) Debentureholders A/c.....Dr | *** | |
| To Bank A/c | | *** |
| (Being payment made to debentureholders) | | |

ii) কিস্তিতে প্রদান (Payment in instalments):

এই পদ্ধতিতে সাধারণত একটি নির্দিষ্ট দিনে ঋণপত্রগুলির মেয়াদকাল পর্যন্ত কিস্তিতে পরিশোধ করা হয়। ঋণপত্র বাবদ অধুত দায়ের অর্থকে মোট বছরের সংখ্যা দিয়ে ভাগ করা হয়। এটা অবশ্যই মনে রাখা প্রয়োজন যে প্রকৃত পরিশোধযোগ্য

ঋণপত্রগুলিকে বকেয়া প্রদত্ত ঋণপত্রগুলি প্রয়োজনীয় অংশ থেকে সনাক্ত করতে হবে। এই ক্ষেত্রে প্রয়োজনীয় জাবেদা দাখিলাসমূহ নিম্নরূপ:

1. If redeemed out of capital :

a) Debentures A/c.....Dr ***
To Debentureholders A/c ***

b) Debentureholders A/c.....Dr ***
To Bank A/c ***

2. If redeemed out of profits

a) Statement of profit & loss A/c.....Dr ***
To Debenture Redemption reserve A/c. ***

b) Debentures A/c.....Dr ***
To Debentureholders A/c ***

c) Debentureholders A/c.....Dr ***
To Bank A/c

iii) খোলা বাজার থেকে ক্রয় (Purchase in open market) :

যখন একটি কোম্পানি তার নিজস্ব ঋণপত্রসমূহ বিলোপ করার জন্য ক্রয় করে, সেক্ষেত্রে এই প্রকার ঋণপত্র করয় এবং বিলাপ করার প্রক্রিয়াকে বলা হয় খোলা বাজার থেকে ক্রয়ের মাধ্যমে ঋণপত্রসমূহ পরিশোধ করা।

যখন অবহারে খোলা বাজার থেকে ঋণপত্র ক্রয় এবং অবলোপন করা হয়, সেক্ষেত্রে নিম্নলিখিত জাবেদা দাখিলাগুলি লিপিবদ্ধ করা হয়—

1. On purchase of own debentures for immediate cancellation :

Debentures A/c.....Dr ***
To Bank A/c ***
To Profit on redemption of debentures A/c ***

2. On transfer of profit on Redemption

Profit on Redemption of Debenture A/c Dr ***
To Capital Reserve A/c

যদি ঋণপত্র নামিক / অভিহিত / লিখিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে খোলা বাজার থেকে ক্রয় করা হয়, সেক্ষেত্রে এই অতিরিক্ত অর্থরাশি 'Loss on Redemption of Debenture' A/c-এ ডেবিটল করতে হবে। এর জন্য জাবেদা দাখিলা হবে—

1. Debentures A/c.....Dr ***
Loss on Reemption of Debentures A/c.....Dr ***
To Bank A/c ***

2. Statement of profit & loss A/c Dr

To loss on Redemption of Debentures A/c

iv) শেয়ার বা নতুন ঋণপত্রে রূপান্তরের মাধ্যমে (By conversion into shares or new debentures) :

একটি কোম্পানি তার নিজস্ব ঋণপত্রগুলিকে শেয়ার বা নতুন ঋণপত্র রূপান্তরের মাধ্যমে পরিশোধ করতে পারে। ঋণপত্রের ধারকগণ যদি মনে করেন যে এই প্রস্তাব তাদের জন্য লাভজনক, তাহলে তারা তাদের ঋণপত্রগুলিকে শেয়ার বা নতুন শ্রেণির ঋণপত্রে রূপান্তরের অধিকার প্রয়োগ করতে পারে। এই নতুন শেয়ার বা ঋণপত্রসমূহ সমহারে, অবহারে বা অধিহারে বিলি হতে পারে। এক্ষেত্রে এটা মনে রাখা প্রয়োজন যে এই পদ্ধতি শুধুমাত্র রূপান্তরযোগ্য ঋণপত্রের ক্ষেত্রেই প্রযোজ্য হবে।

পরিপূরক তহবিল পদ্ধতি প্রয়োগের মাধ্যমে ঋণপত্রের পরিশোধ (Sinking Fund-Method of redemption of Debentures):

ঋণপত্র পরিশোধের এটি একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি। পরিপূরক তহবিল হল বন্টনযোগ্য মুনাফার একটি অংশের ব্যবহারের মাধ্যমে ঋণপত্র পরিশোধ করা। পরিপূরক তহবিল টেবিলের মাধ্যমে বন্টনযোগ্য মুনাফার অংশ গণনা করা হয়। ঋণপত্র পরিশোধের এটি একটি অত্যন্ত জনপ্রিয় ও বৈজ্ঞানিক পদ্ধতি। এই পদ্ধতিতে ‘পরিপূরক তহবিল’ (Sinking Fund) এবং ‘পরিপূরক তহবিল বিনিয়োগ’ (Sinking Fund Investment) হিসাব দুটি খোলা হয়। পরিপূরক তহবিলের অপর নামটি হল ‘ঋণপত্র পরিশোধ তহবিল’ (Debentures Redemption Fund) হিসাব।

A) বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন:

- 1) ডিবেঞ্চার হোল্ডার বা ঋণপত্র ধারকরা হল—
 - a) কোম্পানির প্রবর্তক
 - b) কোম্পানির ঋণগ্রহীতা
 - c) কোম্পানির ঋণদাতা
 - d) কোম্পানির মালিক।
- 2) ঋণপত্র শব্দটি দ্বারা বোঝায় যে—
 - a) কোম্পানির দীর্ঘমেয়াদী ঋণ
 - b) একটি কোম্পানির পরিচালকদের শেয়ার
 - c) ইকুইটি শেয়ারহোল্ডারদের বিনিয়োগ
 - d) কোম্পানির স্বল্পমেয়াদী ঋণ।
- 3) একজন ঋণপত্রের ধারকের অধিকার থাকে—
 - a) মুনাফার অংশ ভোগের
 - b) স্থির লভ্যাংশ প্রাপ্তির
 - c) কোম্পানিতে ভোটাধিকার
 - d) নির্দিষ্ট হারে সুদ প্রাপ্তির।
- 4) ঋণপত্রের উপর সুদ প্রদেয় হল—
 - a) কোম্পানির মুনাফার বন্টন
 - b) কোম্পানির মুনাফার ছাঁট
 - c) সাধারণ সঞ্চিতে রূপান্তর
 - d) পরিপূরক তহবিল বিনিয়োগে স্থানান্তর।
- 5) নিম্নলিখিত কোনটি বাহক ঋণপত্রের বৈশিষ্ট্য নয়—
 - a) এগুলিকে হস্তান্তরযোগ্য দলিল
 - b) এগুলি হস্তান্তরের জন্য হস্তান্তর দলিলের প্রয়োজন
 - c) এর উপর সুদ পরিচিতি নির্বিশেষে ধারককে প্রদান করা হয়
 - d) এগুলি নিছক হস্তান্তরের মাধ্যমে বিলি করা হয়।
- 6) ঋণপত্রের আসল (Principal) বা মূল অর্থরাশি কোম্পানি কর্তৃক একটি নির্দিষ্ট সময়ে শেষে বা কোম্পানির আয়ুষ্কালের

मध्ये किञ्चित् परिशोध करा हवे। এই ধরনের ঋণপত্রকে বলা হয়—

- a) পরিশোধযোগ্য ঋণপত্র b) বাহক ঋণপত্র c) রূপান্তরযোগ্য ঋণপত্র d) অপরিশোধযোগ্য ঋণপত্র।
- 7) যেসব ঋণপত্রের আসল (Principal) বা মূল অর্থরাশি কোম্পানির আয়ুষ্কালের মধ্যে প্রদান করা হয় না, কিন্তু কোম্পানির অবসায়নের সময় প্রদান করা হয়, সেইসব ঋণপত্রকে বলে—
- a) বাহক ঋণপত্র b) অ-রূপান্তরযোগ্য ঋণপত্র c) অপরিশোধযোগ্য ঋণপত্র d) পরিশোধযোগ্য ঋণপত্র।
- 8) ঋণপত্র আবেদন হিসাব একটি —
- a) নামিক হিসাবখাত b) ব্যক্তিক হিসাবখাত c) সম্পত্তি হিসাবখাত d) এগুলোর কোনোটিই নয়।
- 9) অবহারে ঋণপত্র বিলির হিসাব হল একটি —
- a) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় b) মূলধন জাতীয় ক্ষতি c) মুনাফা জাতীয় ক্ষতি d) এগুলির কোনোটিই নয়।
- 10) একটি কোম্পানির ঋণপত্র বিলি করা যায়—
- a) অতিরিক্ত জামিন হিসেবে b) নগদ অর্থ ছাড়া অন্য প্রতিদানে c) নগদ অর্থে d) এগুলির মধ্যে সবগুলি।
- 11) অধিহারে ঋণপত্র পরিশোধ হিসাব হল —
- a) ব্যক্তিক হিসাব b) নামিক হিসাব c) সম্পত্তির হিসাব d) উপরের সবগুলো।
- 12) শূন্য কূপন হারের ঋণপত্র বিলি করা হয় —
- a) শূন্য সুদের হার b) নির্দিষ্ট সুদের হারে c) কোনো নির্দিষ্ট সুদের হার ছাড়া d) এগুলির কোনোটিই নয়।
- 13) কোম্পানির অবসায়নের সময়, ঋণপত্রের আসল (Principal) অর্থরাশি —
- a) সবার শেষে b) সর্ব প্রথম c) ইকুইটি মূলধন প্রদানের পূর্বে d) ইকুইটি মূলধন প্রদানের পর।
- 14) অধিহারে ঋণপত্র বিলির অর্থ ব্যবহার করা যেতে পারে —
- a) অবহারে ঋণপত্র বিলির অর্থ অবলোপনের জন্য b) প্রারম্ভিক ব্যয় অবলোপনের জন্য
c) অধিহারে ঋণপত্র পরিশোধের অর্থ অবলোপনের জন্য d) উপরের সবগুলির জন্য।
- 15) অতিরিক্ত জামিনরূপে ঋণপত্র বিলির জন্য কোন্ হিসাবখাতকে ড্রেডিট করা হয় —
- a) ঋণপত্রের হিসাব b) ঋণপত্র অনিশ্চিত হিসাব c) ঋণপত্র ধারক হিসাব d) ব্যাংক ঋণ হিসাব।
- B) নিম্নলিখিত প্রশ্নগুলো একটি শব্দে / বাক্যে উত্তর দাও:**
- 16) ঋণপত্র বলতে কী বোঝ?
- 17) অতিরিক্ত জামিনরূপে ঋণপত্র বিলি বলতে কী বোঝ?
- 18) বিনিয়োগকারীরা কেন শেয়ার অপেক্ষা ঋণপত্রে বিনিয়োগ পছন্দ করে?
- 19) ঋণপত্রের পরিশোধ বলতে কী বোঝ?
- 20) ঋণপত্রের উপর সুদ বলতে কী বোঝ?
- 21) ঋণপত্রের ধারক বলতে কী বোঝ?
- 22) পরিশোধযোগ্য ঋণপত্রের সংজ্ঞা দাও।
- 23) রূপান্তরযোগ্য ঋণপত্র বলতে কী বোঝ।

24) বন্ধক বা জামিনযোগ্য ঋণপত্রের সংজ্ঞা দাও।

25) বন্ধকহীন বা জামিনহীন ঋণপত্রের সংজ্ঞা দাও।

C) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও:

26) ঋণপত্র বলতে কী বোঝ? শেয়ার ও ঋণপত্রের মধ্যে পার্থক্য লিখ।

27) বিভিন্ন প্রকার ঋণপত্রগুলি সম্বন্ধে আলোচনা করো।

28) অতিরিক্ত জামিনরূপে ঋণপত্র বিলি বলতে কী বোঝ? হিসাবের বইতে তা কীভাবে লিপিবদ্ধ করা হয়?

29) নিম্নলিখিত ঘটনাগুলোর জন্য কী হিসাবনিকাশ সংক্রান্ত ব্যবস্থা নিতে হয়—

a) অধিহারে ঋণপত্র বিলি করা হলে b) অবহারে ঋণপত্র বিলি করা হলে

c) নগদ অর্থ ছাড়া অন্য প্রতিদানে ঋণপত্র বিলি করা হলে।

30) ‘ঋণপত্র পরিশোধ তহবিল’ সৃষ্টি সংক্রান্ত ‘SEBI’-এর নির্দেশিকা বর্ণনা করো।

31) ঋণপত্রের রূপান্তর বলতে কী বোঝ? এরূপ রূপান্তরের পদ্ধতি বর্ণনা করো।

32) একটি কোম্পানি তার নিজস্ব ঋণপত্র খোলা বাজারে ক্রয় করতে পারে কী?—ব্যাখ্যা দাও।

D) NUMERICAL QUESTIONS :

33) Sun India Ltd. issued 5000 8% Debentures of Rs. 100 each payable as follows :

Rs. 20 on Application

Rs. 30 on Allotment

Rs. 50 on First and Final call

All the debentures were applied for and allotted. All the calls were duly received. Make necessary journal entries in the books of the company.

34) ABC Ltd. company has issued 5000 10% Debentures of Rs. 100 each at a premium of 20% payable as Rs. 60 on application, Rs. 60 on allotment (including premium). All the debentures were subscribed for and money was duly received. Show the journal entries.

35) B Ltd. Company has issued 2000 9% debentures of Rs. 100 each at a discount of 10% payable as Rs. 40 on application, Rs. 50 on allotment. Show the necessary journal entries.

36) JBC Ltd. purchased machinery for Rs. 1,98,000 and issued 9% debentures of Rs. 100 each to the vendors. Make journal entries if the debentures were issued —

a) at par

b) at a premium of Rs. 10

c) at a discount of Rs 10

37) Surya Ltd. purchased assets of the book value of Rs. 8,00,000 and took over the liability of Rs. 2,80,000 from Mohan Bros. It was agreed that the purchase consideration, settled at Rs. 5,40,000, to be paid by issuing debentures of Rs. 100 each. What Journal entries will be made in the following

three cases, if debentures are issued : (a) at par; (b) at premium of 20%; (c) at 10% discount. It was agreed that any fraction of debentures be paid in cash.

- 38) Sky Rocketing Company Ltd. issued 6000 10% debentures of Rs. 100 each to the bank as collateral security against a loan of Rs. 5,00,000 taken from the bank. Record the issue of debentures in the books of the company and show the issued Debentures in the Balance Sheet of the Company.
- 39) Kohima Ltd. taken a loan from S.B.I. of Rs. 4,00,000 for a period of 6 years @ 10% p.a. The loan is secured by a mortgage of plant and machinery since S.B.I. was not satisfied with security of plant and machinery, the company issued 1,00,000, 10% Debentures of Rs. 100 each as collateral security. Record necessary journal entries in the books of Kohima Ltd. including payment of interest on loan taken from S.B.I for the first year. How will this loan from S.B.I. and issue of debentures as collateral security be reported in the books of company?
- 40) MG Ltd. issued 10% debentures (Rs. 100 each) of Rs. 8,00,000 which were as follows :
- Rs. 4,00,000 (nominal) for cash @90%
 - To a vendor for Rs. 80,000 capital expenditure in satisfaction of his claim Rs. 2,00,000 (nominal)
 - To a banker for a loan of Rs. 1,20,000 as collateral security Rs. 2,00,000 (nominal).
- The issue (i) and (ii) are redeemable at the end of 10 years at par.
Pass necessary journal entries in the books of the company.
- 41) ABC Ltd. issued 75,000, 12% Debentures of R 100 each on the basis of the following cases :
- Debentures issued at par, redeemable at par.
 - Debentures issued at discount of 5% and redeemable at par, at the end of 5 years.
 - Debentures issued at premium of 10% and redeemable at par, at the end of 5 years.
 - Debentures issued at par and redeemable at a premium of 10%, at the end of 10 years.
 - Debentures issued at a discount of 5% and redeemable at a premium of 10%, at the end of 5 years.
 - Debentures issued at a premium of 10% and redeemable at a premium of 5%, at the end of 10 years.
- Pass necessary journal entries to record the above mentioned cases at the time of issue of debentures and prepare the Balance Sheet for each.
- 42) Give the Journal entries in each of the following alternative cases :
- Issue of R 1,00,000, 8% debentures of R 100 each at par and redeemable at par.
 - Issue of R 1,00,000, 8% debentures of R 100 each at a discount of 5% and redeemable at par.
 - Issue of R 1,00,000, 8% debentures of R 100 each at a premium of 5% and redeemable at par
 - Issue of R 1,00,000, 8% debentures of R 100 each at par and redeemable at 110%.
 - Issue of R 1,00,000, 8% debentures of R 100 each at a discount of 5% and redeemable at a premium of 10%.
 - Issue of R 1,00,000, 8% debenture of R 100 each at a premium of 5% and redemable at a premium of 10%.

অধ্যায় -3

কোম্পানির আর্থিক বিবরণী

আর্থিক বিবরণীর অর্থ:

আর্থিক বিবরণীগুলি, ব্যবসায় প্রতিষ্ঠান দ্বারা একটি হিসাবকালের শেষে ব্যবসায়ের পরচালন সংক্রান্ত আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থা নির্ধারণ করার জন্য প্রস্তুত করা হয়। আর্থিক বিবরণীর মূল হিসাবগুলি হল আয় বিবরণী ও উদ্বর্তপত্র। ক্রয়-বিক্রয় এবং লাভ-ক্ষতি বিবরণীর মাধ্যমে ব্যবসায়ের নীট ফলাফলকে প্রদর্শন করা হয় এবং উদ্বর্তপত্র হল সম্পত্তি ও দায়ের একটি বিবরণী যার মাধ্যমে ব্যবসায়ের আর্থিক অবস্থাকে উপস্থাপন করা হয়।

আর্থিক বিবরণীর বৈশিষ্ট্যসমূহ:

আর্থিক বিবরণীর বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ—

- আর্থিক বিবরণীগুলি সাধারণত একটি হিসাবকালের শেষে প্রস্তুত করা হয়।
- এই বিবরণীগুলি সম্পূর্ণ প্রতিষ্ঠানের জন্যই প্রস্তুত করা হয়।
- ইহাতে একই ধরনের বিষয়গুলিকে শ্রেণিবদ্ধ করে সুস্পষ্টভাবে তথ্যগুলিকে করা হয় যেমন স্থায়ী সম্পত্তি এবং চলতি সম্পত্তি।
- আর্থিক বিবরণীগুলিকে ঐতিহাসিক মূল্যে প্রস্তুত করা হয়।
- আর্থিক বিবরণীগুলি হিসাবনিকাশকরণের নীট ও মানদণ্ডের উপর ভিত্তি করে তৈরি করা হয় যা বিবরণীগুলিকে আরো বেশী তুলনামূলক এবং নির্ভুল করে তোলে।

আর্থিক বিবরণীর উদ্দেশ্যসমূহ:

আর্থিক বিবরণীর উদ্দেশ্যগুলি নিম্নরূপ:

- একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের আর্থিক সম্পদ ও দায় সম্পর্কে তথ্য প্রদান করা:
লগ্নীকারীগণ ও বহিরাগত পক্ষগুলি যাদের তথ্য সংগ্রহে কর্তৃত্ব, ক্ষমতা ও সম্পদের পরিমাণ কম, তাদের কাছে ব্যবসায়িক প্রতিষ্ঠানের সূষ্ঠ, পর্যাপ্ত এবং বিশ্বাসযোগ্য তথ্য প্রদানের জন্য বিবরণীগুলি তৈরী করা হয়।
- ব্যবসায়িক প্রতিষ্ঠানের অর্থ উপার্জন ক্ষমতা সম্পর্কে তথ্য প্রদান করা :
আর্থিক বিবরণীগুলি ব্যবহার উপযোগী আর্থিক অনুবদেন প্রদান করে যা ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির অর্থ উপার্জন ক্ষমতা পূর্বানুমান, তুলনা ও মূল্যায়নের ক্ষেত্রে সূষ্ঠভাবে ব্যবহার করা যায়।
- নগদ প্রবাহ সম্পর্কে তথ্য প্রদান করা:
আর্থিক বিবরণী লগ্নীকারী ও পাওনাদারকে একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের নগদ প্রবাহ সম্পর্কে তথ্য প্রদান করে যেগুলি অর্থ, সময় ও সংশ্লিষ্ট অনিশ্চয়তাগুলির সাপেক্ষে পূর্বানুমান, মূল্যায়ন ও তুলনা করতে সাহায্য করে।
- ব্যবস্থাপনার কার্যকারিতা যাচাই করা:
এটি একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের সম্পদগুলোকে সূষ্ঠভাবে ব্যবহার করার জন্য, ব্যবস্থাপনার কার্যকারিতা সম্পর্কে মূল্যবান তথ্য সরবরাহ করে।

- v) সমাজের উপর প্রভাবকারী ব্যবসায়িক কার্যাবলিগুলো সম্পর্কে তথ্য সরবরাহ করে:
আর্থিক বিবরণীগুলি সমাজের উপর প্রভাবকারী ব্যবসায়িক কার্যাবলিগুলো সম্পর্কে তথ্য সরবরাহ করে যা ব্যবসায়ের সামাজিক পরিবেশের জন্য খুবই প্রয়োজনীয়।

আর্থিক বিবরণীর তাৎপর্যসমূহ:

বিভিন্ন স্বার্থসংশ্লিষ্ট পক্ষের নিকট আর্থিক বিবরণীর তাৎপর্যসমূহ নিম্নরূপ—

- i) পরিচালকবর্গের প্রতি:
আর্থিক বিবরণীগুলি পরিচালকবর্গকে ব্যবসায়ের বিভিন্ন কার্যক্রমের উপর নিয়ন্ত্রণ রাখতে এবং সিদ্ধান্ত গ্রহণ করার জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করে।
- ii) শেয়ারহোল্ডারদের প্রতি:
আর্থিক বিবরণীর মাধ্যমে শেয়ারহোল্ডাররা ব্যবসায়ের বৃদ্ধি এবং প্রসারের সম্ভাবনা সম্পর্কে বিভিন্ন তথ্য জানতে পারে।
- iii) লগ্নীকারী / বিনিয়োগকারীদের প্রতি:
আর্থিক বিবরণী সিকিউরিটির মূল্যায়নে সহায়তা করে এবং কোন ধরনের বিনিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে অন্যান্য ব্যবসায় প্রতিষ্ঠানের সাথে তুলনাও করতে সহায়তা করে।
- iv) পাওনাদারদের প্রতি:
আর্থিক বিবরণী পাওনাদারদের, ব্যবসায়িক প্রতিষ্ঠানের পাওনা পরিশোধের সক্ষমতা সম্পর্কে তথ্য পেতে সহায়তা করে।
- v) সরকারের প্রতি:
আর্থিক বিবরণীগুলি সরকারের ক্ষেত্রে বিশেষ প্রয়োজন কারণ সেগুলি একটি ব্যবসায়ের কর পরিমাপে ও বিভিন্ন শিল্পনীতির প্রয়োগে সহায়তা করে।

আর্থিক বিবরণীর সীমাবদ্ধতাসমূহ:

- i) গুণগত দিকগুলি উপেক্ষা করে:
একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে গুণগত দিক অর্থাৎ অনার্থিক তথ্যগুলি খুবই গুরুত্বপূর্ণ। উদাহরণস্বরূপ কর্মচারীদের দক্ষতা, পরিচালকবর্গের কর্মদক্ষতা ইত্যাদিকে আর্থিক বিবরণীতে উপেক্ষা করা হয়।
- ii) ঐতিহাসিক তথ্য:
আর্থিক বিবরণীগুলি ঐতিহাসিক তথ্যের উপর ভিত্তি করে তৈরী করা হয়। সেগুলি বর্তমান অবস্থাকে প্রতিফলিত নাও করতে পারে।
- iii) মুদ্রাস্ফীতিজনিত প্রভাবকে উপেক্ষা করে:
আর্থিক বিবরণীতে দামস্তরের পরিবর্তনগুলিকে প্রকাশ করা হয় না। সুতরাং এই বিবরণীগুলি বর্তমান অবস্থাকে প্রদর্শিত নাও করতে পারে।
- iv) ধারাবাহিকতার অভাব:
বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠান নানা ধরনের হিসাব পদ্ধতির ব্যবহার করে থাকে, তখন দুটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের হিসাবের মধ্যে তুলনা করা কঠিন হয়ে পড়ে।
- v) শুধুমাত্র অস্বতীকালীন প্রতিবেদন পেশ করে:
আর্থিক বিবরণীগুলি একটি হিসাবকালের শেষে তৈরি করা হয়। কিন্তু প্রকৃত অবস্থা তখনই জানা সম্ভব হয়, যখন ব্যবসায়টি পুরোপুরিভাবে বন্ধ হয়ে যায়। এইজন্যই আর্থিক বিবরণী প্রকৃত আর্থিক অবস্থা প্রতিফলিত নাও করতে পারে।

Format of statement of Profit and Loss A/c.**Proforma of Statement of Profit and Loss**

Name of the Company

Statement of Profit and Loss

for the year ending

(₹ in)

Particulars	Note No.	Figures for the Current Reporting Period	Figures for the Previous Reporting Period
i. Revenue from Operations	
ii. Other Income	
iii. Total Revenue (i + ii)	
iv. Expenses			
Cost of Materials Consumed	
Purchases of Stock-in-trade	
Changes in Inventories of Finished Goods	
Work-in progress and Stock-in-trade	
Employees Benefits Expenses	
Finance Costs	
Depreciation and Amortisation Expenses	
Other Expenses	
Total Expenses			
v. Profit before Exceptional and Extraordinary Items and Tax (iii - iv)	
vi. Exceptional Items	
vii. Profit before Extraordinary Items and Tax (v - vi)	
viii. Extraordinary Items	
ix. Profit before Tax (vii - viii)	
x. Tax Expenses	
(1) Current Tax	
(2) Deferred Tax	
xi. Profit (Loss) for the Period from Continuing Operation (vii - viii)	
xii. Profit (Loss) from Discontinuing Operations	
xiii. Tax Expenses of Discontinuing Operations	
xiv. Profit (Loss) from Discontinuing Operations (After tax) (xii - xiii)	
xv. Profit (Loss) for the Period (xi - xiv)	
xvi. Earnings per Equity Share	
(1) Basic	
(2) Diluted	

**As per CBSE syllabus exceptional items, extraordinary items and profit (loss) from discontinued operations are excluded, however they have been given for knowledge of students.

Format of Balance Sheet :

Name of the Company
Balance Sheet

as at

(₹ in)

Particulars	Note No.	Figures for the Current Reporting Period	Figures for the Previous Reporting Period
I. Equity and Liabilities			
1. Shareholders' Funds			
(a) Share Capital			
(b) Reserves and Surplus			
*(c) Money Received Against Share Warrants			
*2. Share Application Money Pending Allotment			
3. Non-current Liabilities			

**As per CBSE syllabus exceptional items, extraordinary items and profit (loss) from discontinued operations are excluded, however they have been given for knowledge of students.

সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন:

1. আর্থিক বিবরণীতে আগ্রহী এমন যেকোন চারটি পক্ষের নাম লিখ।
2. একটি কোম্পানির মূল আর্থিক বিবরণীর নাম লিখ।
3. সম্ভাব্য দায় কি?
4. আর্থিক অবস্থার বিবরণী কি?
5. উদ্বর্তপত্রের দামের দিকে প্রদর্শিত প্রধান শিরোনামগুলো কি কি?
6. লাভ-ক্ষতির হিসাবের সংজ্ঞা দাও।
7. উদ্বর্তপত্র কি?
8. উদ্বর্তপত্রের সম্পত্তির দিকে প্রদর্শিত প্রধান শিরোনামগুলো কি কি?
9. কার্যনির্বাহ চক্র এর সংজ্ঞা দাও।
10. নগদ ও নগদ সমতুল্য বলতে কি বোঝ?

বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন:

1. নীচের কোনটি আর্থিক বিবরণীর অংশ নয়—
 - a) উদ্বর্তপত্র
 - b) লাভ ও ক্ষতির হিসাব
 - c) a) এবং b) দুটিই
 - d) কোনটিই নয়।
2. নিম্নলিখিতগুলির মধ্যে কোম্পানী আইন অনুযায়ী কোনটি প্রস্তুত করার প্রয়োজন নেই—
 - a) লাভ-ক্ষতির বিবরণী
 - b) উদ্বর্তপত্র
 - c) নিরীক্ষকের প্রতিবেদন
 - d) তহবিল প্রবাহ বিবরণী
3. Equity Rs. 80,000. Liabilities Rs. 50,000. Profit for the year Rs. 20,000. Then total assets will be -
 - a) Rs. 1,70,000
 - b) Rs 1, 50,000
 - c) Rs. 1,10,000
 - d) Rs. 80,000
4. যে সঞ্চিতিটি একটি নির্দিষ্ট উদ্দেশ্য নিয়ে তৈরি হয় এবং যেটিকে আয়ের উপর ধার্য করা হয়—
 - a) মূলধন সঞ্চিতি
 - b) সাধারণ সঞ্চিতি
 - c) গুপ্ত সঞ্চিতি

- d) নির্দিষ্ট সঞ্চিতি
5. একটি কোম্পানির লাভ-ক্ষতির হিসাবকে—
- কোয়ার মূলধন হিসাবে স্থানান্তর করা হয়।
 - চলতি দায় ও সঞ্চিতির শিরোনামেই প্রদর্শন করা হয়।
 - সঞ্চিতি ও উদ্ধৃত্ত এর শিরোনামে দেখানো হয়।
 - কোনোটিই নয়।
6. আর্থিক বিবরণী বলতে বোঝায়—
- লাভ-ক্ষতির বিবরণী ও উদ্ধর্তপত্র।
 - উদ্ধর্তপত্র
 - লাভ-ক্ষতির বিবরণী
 - কোনোটিই নয়।
7. লাভ-ক্ষতির বিবরণীকে আবার বলা হয়—
- কার্যনির্বাহী / মুনাফা
 - উদ্ধর্তপত্র
 - আয় বিবরণী
 - ক্রয়-বিক্রয় হিসাব।
8. 'পেটেন্ট এবং কপিরাইট' কোন শিরোনামের অধীনে থাকে—
- চলতি সম্পত্তি
 - ত্বরিত সম্পত্তি
 - অস্পৃশ্য সম্পত্তি
 - কোনোটিই নয়।
9. সম্ভাব্যদায়কে কোন শিরোনামের অধীনে দেখানো হয়—
- স্থায়ী দায়
 - চলতি দায়
 - পাদটিকা (footnote) হিসাবে।
 - কোনোটিই নয়।
10. প্রাথমিক খরচগুলো উদ্ধর্তপত্রে কোন শিরোনামে দেখানো হয়—
- স্থায়ী সম্পত্তি
 - সঞ্চিতি ও উদ্ধৃত্ত
 - ঋণ ও অগ্রিমসমূহ
 - কোনটিই নয়।

11. নীচের কোনগুলি চলতি সম্পত্তির অন্তর্গত—
- মজুদ পণ্য
 - দেনদারগণ
 - নগদ
 - উপরের সবকটিই
12. উদ্বর্তপত্রের কোন শিরোনামে সাধারণ সঞ্চিতিকে দেখানো হয়—
- নানাবিধ খরচ
 - শেয়ার মূলধন
 - সঞ্চিতি ও উদ্বর্ত
 - কোনটিই নয়।
13. কোম্পানি আইন 2013 অনুসারে, কোম্পানির চূড়ান্ত হিসাবকে কোন ধারা অনুযায়ী তৈরি করা হয়—
- 128
 - 210
 - 129
 - 212
14. ভারতীয় কোম্পানি আইন 2012 অনুসারে, উদ্বর্তপত্রকে কোন অংশ হিসাবে তৈরি করা হয়—
- অংশ 1
 - অংশ 2
 - অংশ 3
 - অংশ 4
15. কোম্পানির উদ্বর্তপত্রকে এখন কোনভাবে তৈরি করা হয়—
- অনুভূমিক ভাবে
 - উল্লম্বভাবে
 - অনুভূমিক অথবা উল্লম্বভাবে
 - কোনটিই নয়।
16. উদ্বর্তপত্রে দায়ের দিকে 'সিকিউরিটি প্রিমিয়াম' হিসাবটিকে কোন শিরোনামে দেখানো হয়—
- সঞ্চিতি ও উদ্ধৃত
 - চলতি দায় ও বন্দোবস্ত সমূহ
 - শেয়ার মূলধন
 - সম্ভাব্য দায়।
17. উদ্বর্তপত্রে ঋণপত্রকে কোন শিরোনামে দেখানো হয়—
- স্বল্প মেয়াদী ঋণ
 - সুরক্ষিত / নিরাপদ ঋণ
 - চলতি দায়
 - শেয়ার মূলধন
18. নীচের কোনটি একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীর অংশ নয়—
- লাভ-ক্ষতির হিসাব
 - উদ্বর্তপত্র
 - খতিয়ান হিসাব
 - নগদ প্রবাহ বিবরণী

19. উদ্ধর্তপত্রের নির্ধারিত ধরনটি কোন তপশিলে দেওয়া হয়েছে—
- a) VI অংশ I b) VI অংশ II
c) III অংশ I d) VII অংশ IV
20. উদ্ধর্তপত্রের কোন শিরোনামে শেয়ার মূলধনকে দেখানো হয়—
- a) অনুমোদিত মূলধন
b) বিলিকৃত মূলধন
c) অদায়ীকৃত মূলধন
d) শেয়ারহোল্ডারদের তহবিল

দীর্ঘ উত্তরধর্মী প্রশ্ন:

1. আর্থিক বিবরণীর বৈশিষ্ট্যগুলো বর্ণনা কর।
2. আর্থিক বিবরণীর উদ্দেশ্যসমূহ আলোচনা কর।
3. আর্থিক বিবরণীর তাৎপর্যসমূহ ব্যাখ্যা কর।
4. আর্থিক বিবরণীর সীমাবদ্ধতাসমূহকে সংক্ষেপে বর্ণনা কর।
5. উল্লম্বভাবে আর্থিক বিবরণীর তালিকাটি শিরোনাম ও উপশিরোনাম সহ দেখাও।
6. চলতি ও অ-চলতি দায়ের মধ্যে পার্থক্য নির্ণয় কর।
7. স্থায়ী ও চলতি সম্পত্তির মধ্যে পার্থক্য দেখাও।

PROBLEMS:-

1. Show the following items in the balance sheet as per the provisions of Schedule VI :

Particulars	Rs.
Goodwill	12,000
Discount on issue of shares	4,000
Loose tools	21,000
15% Debentures	87,000
Preliminary Expenses	3,500
Motor Vehicles	2,00,000
Provision for tax	42,000
Cash at bank	73,000
Bills receivable	11,000
Inventories	54,000
Prepaid Expenses	4,000

2. From the following information of ABC Ltd. prepare a balance sheet.
- Stock in trade Rs. 10,00,000;
 - Equity Share Capital Rs. 22,00,000;
 - Plant and Machinery Rs. 10,00,000;
 - 8% Preference Share Capital Rs. 10,00,000;
 - Debenture Redemption Reserve Rs. 5,50,000;
 - Outstanding Expenses Rs. 3,50,000;
 - Proposed Dividend Rs, 5,00,000;
 - Land and Building Rs. 23,00,000;
 - Investments Rs. 5,00,000;
 - Cash Equivalent Rs. 10,00,000;
 - Public Deposits Rs. 12,00,000
3. Prepare the balance sheet of **Orient** Ltd., as at March 31, 2019 from the following information.
- Equity Share Capital Rs. 14,00,000;
 - Plant and Machinery Rs. 8,00,000;
 - Preference **Share** Capital Rs.8,00,000;
 - 10% Debentures Rs.12,00,000.
 - General Reserves Rs. 6,00,000;
 - Bills payable Rs. 1,00,000;
 - Stock in trade Rs.7,00,000;
 - Provision for taxation Rs. 2,50,000;
 - Land and Building Rs.16,00,000;
 - Non-current Investments Rs. 9,00,000;
 - Cash at Bank Rs. 2,00,000;
 - Cash in hand Rs.3,00,000
 - Sundry Creditors Rs. 1,50,000;
4. From the following information prepare the balance sheet of XYZ Ltd.

Particulars	Rs.
Land and Building	12,50,000
Investments	50,000
Stores & Spares	1,00,000
Discount on issue of shares	10,000
Profit and Loss a/c (Dr.)	40,000
Equity Shares	9,00,000

Capital Redemption Reserve	1,00,000
10% Debentures.	4,00,000
Unpaid dividends	50,000

5. Prepare a balance sheet of **Delta Ltd.**, as at March 31, **2020** from the following information:

	Rs.
General Reserve :	3,500
10% Debentures	2,300
Profit and Loss a/c:	1,200
Depreciation on fixed assets :	500
Fixed Assets :	8,800
Current Liabilities :	2,000
Preliminary Expenses :	300
10% Preference Share Capital :	5,000
Cash & Cash Equivalents :	6,000
Discount on issue of shares	400
Bills payable	1,000

উত্তরমালা

বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন:

- | | | |
|------------------|------------------|-----------------|
| 1. Answer: C | 2. Answer: C, | 3. Answer: (b) |
| 4. Answer: (d) | 5. Answer : (c) | 6. Answer : (a) |
| 7. Answer : (c) | 8. Answer (c) | 9. Answer : (c) |
| 10. Answer (d) | 11. Answer (d) | 12. Answer (c) |
| 13. Answer (c) | 14. Answer : (a) | 15. Answer (b) |
| 16. Answer : (a) | 17. Answer : (b) | 18. Answer (c) |
| 19. Answer : (a) | 20. Answer : (d) | |

Problems:-

1. -----
2. Rs.58,00,000.
3. Rs.45,00,000.
4. Rs.14,50,000.
5. Rs.15,000

অধ্যায় -8

আর্থিক বিবরণ সমূহের বিশ্লেষণ

আর্থিক বিবরণী সমূহের বিশ্লেষণ হলো একটি ব্যবসা প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীতে লিপিবদ্ধ একাধিক আর্থিক উপাদানগুলোর মধ্যে সম্পর্কের অধ্যয়ন করার একটি নিয়মতান্ত্রিক প্রক্রিয়া, যা একটি ব্যবসা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পাশাপাশি প্রতিষ্ঠানের সার্বিক কার্যকলাপ সম্পর্কে একটি সম্যক ধারণা দেয়।

ফিনে এবং মিলারের মতে, — আর্থিক বিবরণীসমূহের বিশ্লেষণ হলো সুনির্দিষ্ট কিছু পরিকল্পনার মাধ্যমে কিছু পৃথকীকৃত তথ্য/অবস্থার বর্ণনা, নিদিষ্ট পরিস্থিতি অনুযায়ী এগুলোকে শ্রেণিবিভাগ করা এবং তারপর একটি সহজ ও বোধগম্য আকারে উপস্থাপন করা।

আর্থিক বিবরণী বিশ্লেষণের উদ্দেশ্য:

- ব্যবসায়ের মুনাফা যোগ্যতা বা উপার্জন ক্ষমতা পরিমাপ করা— আর্থিক বিবরণী বিশ্লেষণ একটি প্রতিষ্ঠানের মুনাফা পরিমাপ করতে বা উপার্জন ক্ষমতা নির্ধারণে সহায়তা করে। পাশাপাশি এটাও সুনিশ্চিত করে যে বিবরণীতে প্রদর্শিত মুনাফা সঠিকভাবে উপস্থাপন করা হয়েছে কি না, তা যাচাই করা।
- ব্যবসায়ের আর্থিক অবস্থা বা স্থিতিশীলতা/ পরিমাপ করা— আর্থিক বিবরণীর বিশ্লেষণ একটি প্রতিষ্ঠানের প্রকৃত আর্থিক অবস্থা বুঝতে সাহায্য করে।
- তুলনামূলক বিচার বিশ্লেষণ করা — এতে দুটি সম্ভাব্য উপায় রয়েছে। একটি হলো ফার্মের অভ্যন্তরীণ মূল্যায়ন এবং অপরটি হলো আন্তঃফার্ম তুলনা। ফার্মের অভ্যন্তরীণ মূল্যায়ন বলতে ফার্মের বিগত বা বর্তমান হিসাব বছরের কোনো একটি হিসাবকালের সাথে তুলনা বা একটি বিভাগের সাথে অন্য বিভাগের তুলনা করা বোঝায়। এটি ট্রেড এনালাইসিস নামেও পরিচিত। অপরদিকে আন্তঃফার্ম তুলনা বলতে বোঝায় একটি প্রতিষ্ঠানের সাথে অন্য একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানের তুলনা। অর্থাৎ সমপ্রতিযোগী প্রতিষ্ঠানগুলোর মধ্যে তুলনা। যাকে ক্রস সেকশান এনালাইসিস বলা হয়।
- পরিচালকবর্গের দক্ষতা যাচাই করা— মুনাফা এবং সম্পত্তি হল যে কোন কারবারী প্রতিষ্ঠানের প্রধান সূচক। এই দুটি প্রধান বিষয়ের যথাযথ ও কার্যকরী ব্যবহারের উপর নির্ভর করে যে প্রতিষ্ঠানটি তার রক্ষিত সম্পদকে যথাযথভাবে ব্যবহার করতে পারছে কিনা।
- পরিচালকবর্গের কাছে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা— আর্থিক বিবরণীর বিশ্লেষণ পরিচালকবর্গকে প্রতিষ্ঠানের মূল সমস্যাগুলির সঙ্গে সম্পর্কযুক্ত বিষয়গুলি উপলব্ধি করতে (স্পষ্টতই আর্থিক) এবং পরিচালনা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে।
- সুদ, লভ্যাংশ ইত্যাদি প্রদানের সক্ষমতা যাচাই করা— মুনাফা যোগ্যতার মাধ্যমে যে কোন কারবারী প্রতিষ্ঠানের সময়মতো সুদ, লভ্যাংশ ইত্যাদি প্রদানের সক্ষমতা আছে কিনা তা যাচাই করা সম্ভব। আর্থিক বিবরণীর বিশ্লেষণের মাধ্যমে কারবারী প্রতিষ্ঠানের পক্ষে সুদ, লভ্যাংশ ইত্যাদি প্রদানের সক্ষমতা যাচাই করতে সহায়ক হয়।
- ব্যবসা প্রতিষ্ঠানের স্বল্প মেয়াদি ও দীর্ঘমেয়াদি স্বচ্ছলতা পরিমাপ করা — আর্থিক বিবরণী বিশ্লেষণের মাধ্যমে কোনো

কারবারী প্রতিষ্ঠান সময়মতো স্বল্পকালীন ও দীর্ঘকালীন দায়/দেনা পরিশোধ করতে পারছে কিনা, তা জানতে সহায়ক হয়।

তুলনামূলক বিবরণীসমূহ (Comparative Statements):

এই বিবরণীগুলো ব্যবসায়ী প্রতিষ্ঠানের বিভিন্ন সময়কালের মুনাফা যোগ্যতা এবং আর্থিক অবস্থার তুলনামূলক বিশ্লেষণ করে যার দ্বারা প্রতিষ্ঠানটির দুই বা ততোধিক হিসাবকালের আর্থিক অবস্থা সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা পাওয়া যায়।

কারবারী প্রতিষ্ঠান এবং কোম্পানীগুলো সাধারণত দুই ধরনের আর্থিক বিবরণীর ক্ষেত্রে এই তুলনামূলক বিবরণী প্রস্তুত করে থাকে, এগুলি হল উদ্বর্তপত্র এবং আয় বিবরণী। তারা এই দুই ধরনের বিবরণীই তুলনামূলক পদ্ধতিতে প্রস্তুত করে থাকে। এটা প্রসঙ্গত উল্লেখ্য যে, কারবারী প্রতিষ্ঠানকে আর্থিক দিক থেকে ভালো ফলাফল করতে হলে হিসাবরক্ষণ সম্পর্কিত নীতিগুলিও সঠিকভাবে অনুসরণ ও ব্যবহার করতে হয়।

তুলনামূলক বিবরণী প্রস্তুত করার জন্য পদক্ষেপসমূহ:

- ১। প্রথমত, আর্থিক বিবরণীর প্রাসঙ্গিক বছরগুলোর সম্পূর্ণ অঙ্কগুলোকে নির্দিষ্ট স্থানে লিপিবদ্ধ করা।
- ২। তারপর, দ্বিতীয় বৎসরের অঙ্ক থেকে প্রথম বছরের অঙ্ক বাদ দেওয়ার পর চরম পরিবর্তনের অঙ্কটি নির্ণয় করা।
- ৩। শতকরা হারের পরিবর্তনটি নির্ণয় করার জন্য নিচের সূত্রটি ব্যবহার করতে হবে।

$$\frac{\text{Absolute change (increase/decrease)}}{\text{Values of first year}} \times 100$$

তুলনামূলক বিবরণী প্রস্তুত করার ছক:

Particulars	First year	Second year	Absolute change (Increase/Decrease)	Percentage change (increase/ Decrease)
1	2	3	4	5

সাধারণ আকারের বিবরণী (Common Size Statement):

এই বিবরণীটি আর্থিক বিবরণীর বিভিন্ন পদের সঙ্গে সামগ্রিক অংশের সম্পর্ক নির্দেশ করে, যার মধ্যে প্রতিটি পদকে সামগ্রিক পদের একটি অংশ হিসেবে দেখানো হয়।

এই বিবরণীটির সাহায্যে প্রতিষ্ঠানের পক্ষে অভ্যন্তরীণ মূল্যায়ন ও আন্তর্জাতিক তুলনা করা সম্ভবপর হয়, যা তুলনামূলক বিবরণীর সাহায্যে করা প্রায় অসম্ভব।

সাধারণ আকারের বিবরণী প্রস্তুত করার প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ:

- ১। প্রথমত, আর্থিক বিবরণীর প্রাসঙ্গিক বছরগুলোর সম্পূর্ণ অঙ্কগুলোকে নির্দিষ্ট কলাম অনুযায়ী (কলাম নং ২ এবং ৪) লিপিবদ্ধ/ তালিকাভুক্ত করা।
- ২। তারপর, একটি সাধারণ ভিত্তি বাছাই করো যেমন ১০০। আয় বিবরণীর ক্ষেত্রে মোট বিক্রয়লব্দ মুনাফাকে ১০০ ধরে নিতে হবে। কিন্তু উদ্বর্তপত্রের ক্ষেত্রে সম্পত্তি ও দায়ের মোট অঙ্ককে পৃথকভাবে ১০০ ধরতে হবে।
- ৩। তারপর নিচের সূত্রের সাহায্যে শতকরা পরিমাণ নির্ণয় করতে হবে।

$$\frac{\text{Absolute value}}{\text{Common base value}} \times 100$$

সাধারণ আকালের বিবরণী প্রস্তুত করার ছক:

Particulars	Year one	Year Two	Percentage of year 1	Percentage of year 2
1	2	3	4	5

তাছাড়া আর্থিক বিবরণী বিশ্লেষণের বিভিন্ন পদ্ধতি বা পস্থা রয়েছে, এগুলি হলো—

- ১। প্রবনতা অনুপাত (Trend Ratio)
- ২। গড় বিশ্লেষণ (Average Analysis)
- ৩। কার্যকরী মূলধন পরিবর্তন সংক্রান্ত বিবরণী (Statement of Changes in Working Capital)
- ৪। তহবিল প্রবাহ বিবরণী (Fund Flow Statement)
- ৫। নগদ প্রবাহ বিবরণী (Cash Flow Statement)
- ৬। অনুপাত বিশ্লেষণ (Ratio Analysis)
- ৭। কষ্ট ভলিউম রেশিও এনালাইসিস (Cost Volume Ratio Analysis)

আর্থিক বিশ্লেষণের সীমাবদ্ধতা (Limitations fo Cash Flow Statement)

আর্থিক বিবরণীর বিশ্লেষণ অথবা আর্থিক বিশ্লেষণ হলো একটি প্রক্রিয়া যার মাধ্যমে আমরা সংস্থার আর্থিক প্রতিবেদন বা বিবৃতিগুলো পর্যালোচনা ও বিশ্লেষণ করে থাকি। যদিও এর সুবিধা/উপযোগীতাগুলো এর অসুবিধা/ত্রুটির তুলনায় অনেক বেশি। তা সত্ত্বেও এর কিছু অসুবিধা বা সীমাবদ্ধতা রয়েছে।

- ১। আর্থিক বিবরণীর বিশ্লেষণ প্রস্তুত করার সময় সংস্থাগুলো দামের পরিবর্তনের বিষয়টি বিবেচনা করতে ব্যর্থ হয়। (মুদ্রাস্ফীতির প্রভাব উপেক্ষা করে)
- ২। সাধারণত ব্যবসায় প্রতিষ্ঠান অস্পর্শনীয় সম্পত্তিগুলো লিপিবদ্ধ করতে অনিচ্ছুক থাকে। যার ফলে এটি অকার্যকর হয়ে যায় এবং ব্যবসার সত্য ও সঠিক আর্থিক চিত্র প্রকাশিত হয় না।
- ৩। আর্থিক বিবরণী প্রস্তুত করার সময় ব্যবসায় প্রতিষ্ঠানগুলো শুধুমাত্র আর্থিক দিকের কথা বিবেচনা করে। তারা অনার্থিক বিয়গুলোকে বিবেচনা করে না।
- ৪। কারবারী প্রতিষ্ঠানগুলো চলমান প্রতিষ্ঠান সংক্রান্ত ধারণার উপর ভিত্তি করে আর্থিক বিবরণীর বিশ্লেষণ করে থাকে যা বর্তমান অবস্থাকে প্রতিফলিত করে না।
- ৫। এই বিবরণীটি ভবিষ্যতে কি ঘটবে তার পূর্বাভাস/সূচনা দেওয়ার জন্য কোন বিবৃতি প্রদান করে না।

মনে রাখার জন্য গুরুত্বপূর্ণ বিষয়সমূহ:

- Gross profit = Revenue from operations – cost of materials consumed.

- Change in Inventories means opening stock less closing stock.
- Employee benefit expenses means expenses incurred on employees. i.e salaries, wages, contribution to PF etc.
- Cost of Goods sold= Opening stock +Purchase – closing stock
(COGS) = Sales-Gross profit
- Operating Revenue means Revenue from operations.
- Operating profit = Gross Profit –Operating Expenses.
- Net profit= Gross profit—Cost of Goods sold (COGS)
- আর্থিক বিবরণী বিশ্লেষণ ও ব্যাখ্যার তিনটি উদ্দেশ্য হলো- 3P's(progress, position and Prospects)

EXERCISE

(A) নিম্নলিখিত বিবৃতিগুলো সত্য না মিথ্যা, যাচাই করো: Marks : 1

i) আয়-ব্যয় সমতার বিন্দুতে কোনো লাভ বা লোকসান থাকে না।

উত্তর: _____

ii) তুলনামূলক বিবরণীর সাহায্যে হিসাবনিকাশ সংক্রান্ত পরিবর্তনের প্রবণতাগুলি চিহ্নিত করতে সহায়ক হয়।

উত্তর: _____

iii) আর্থিক বিবরণীতে শুধুমাত্র উদ্বর্তপত্র অন্তর্ভুক্ত।

উত্তর: _____

iv) মোট লাভের বৃদ্ধি/হ্রাস নীট বিক্রয়ের উপর নির্ভর করে।

উত্তর: _____

v) ঋণের উপর সুদ হলো পরোক্ষ/অপ্রত্যক্ষ ব্যয়।

উত্তর: _____

vi) আর্থিক বিবরণীর বিশ্লেষণ হলো একটি মাধ্যম কিন্তু প্রতিকার নয়।

উত্তর: _____

vii) মোট লাভ থেকে প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ ব্যয়/খরচ গুলো বাদ দেওয়ার পর নীট লাভ পাওয়া যায়।

উত্তর: _____

viii) সাধারণ আকৃতির বিবরণীর একটি অন্যতম প্রধান বৈশিষ্ট্য হলো এটি বিভিন্ন পদের/বিষয়ের পরিবর্তন উপস্থাপন করে।

উত্তর: _____

ix) সাধারণ আকৃতির আয় বিবরণী প্রস্তুত করার সময় নীট বিক্রিকে ১০০ বলে ধরা হয়।

উত্তর: _____

x) সাধারণ আকৃতির বিবরণীতে, গত বছরের পরিসংখ্যান গুলোকে তুলনার ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়।

উত্তর: _____

B) শূন্যস্থান পূরণ করো :-

Marks : 1

i) অনুভূমিক বিশ্লেষণকে বলা হয় _____

উত্তর: _____

ii) একটি তুলনামূলক উদ্বর্তপত্র প্রতিষ্ঠানের সম্পত্তি, দায় এবং _____ বৃদ্ধি বা হ্রাস নির্দেশ করে।

উত্তর: _____

iii) উল্লম্ব বিশ্লেষণকে বলা হয় _____।

উত্তর: _____

iv) সাধারণ আকৃতির বিবরণী সাধারণত: _____ হিসেবে প্রস্তুত করা হয়।

উত্তর: _____

v) _____ মোট সম্পত্তি অথবা মালিকানা ও দায়সমূহকে ১০০ হিসেবে ধরা হয়।

উত্তর: _____

(C) বহুমুখী নির্বাচন ভিত্তিক/ সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও:

(প্রতিটি প্রশ্নের মান ১ নম্বর)

i) আর্থিক বিবরণী বিশ্লেষণের যে কোনো দুটি ব্যবহার তালিকাভুক্ত করো।

উত্তর: _____

ii) অনুভূমিক বিশ্লেষণ বলতে কী বোঝায়?

উত্তর: _____

iii) একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানের আর্থিক শক্তি কীসের ভিত্তিতে নির্ধারণ করা হয়?

উত্তর: _____

iv) আর্থিক বিবরণী বিশ্লেষণের যে কোনো একটি বৈশিষ্ট্য তালিকাভুক্ত করো।

উত্তর: _____

v) যখন দায় থেকে সম্পদকে বাদ দেওয়া হয়, তখন এটি কীসের সমান হবে—

(a) কার্যকরী মূলধন (b) সুনাম (c) মূলধন (d) আয়

উত্তর: _____

vi) লাভ এবং লোকসান বিবরণী নামে পরিচিত—

(a) কার্যনির্বাহ বিবরণী (b) উপার্জনের বিবরণী (c) উদ্বর্তপত্র বিবরণী (d) আয় বিবরণী।

vii) সাধারণ আকৃতির বিবরণী প্রস্তুত করে—

(a) অনুপাতের আকারে (b) শতকরা হারে (c) দুই ভাবেই (d) কোনটিই নয়।

উত্তর: _____

viii) আর্থিক বিবরণী বিশ্লেষণের ক্ষেত্রে সাধারণভাবে ব্যবহৃত কৌশলটি হলো:

- (a) তুলনামূলক বিবরণী (b) সাধারণ আকৃতির বিবরণী
(c) হিসাবরক্ষার অনুপাত (d) উপরের সবগুলো

উত্তর: _____

ix) চলতি সম্পত্তি নামে পরিচিত—

- (a) কার্যকরী মূলধন (b) নগদ (c) নীট সম্পদ (d) সম্পত্তি

উত্তর: _____

x) নিম্নলিখিত কোনটি আর্থিক বিবরণী বিশ্লেষণের কৌশল হিসেবে বিবেচিত হয় না—

- (a) নগদ প্রবাহ বিবরণী (b) কর্মসংক্রান্ত বিবরণী (c) সাধারণ আকৃতির বিবরণী (d) অনুপাত বিশ্লেষণ।

উত্তর: _____

xi) তুলনামূলক উদ্বর্তপত্র বলতে কী বোঝ?

উত্তর: _____

xii) তুলনামূলক আর্থিক বিবরণীর যে কোনো দুটি বৈশিষ্ট্য লেখো।

উত্তর: _____

xiii) সাধারণ আকৃতির বিবরণী বলতে কী বোঝো?

উত্তর: _____

xiv) সাধারণ আকৃতির উদ্বর্তপত্র বলতে কী বোঝো?

উত্তর: _____

xv) তুলনামূলক আর্থিক বিবরণী কোনো ব্যবসায়ী প্রতিষ্ঠানের ———— প্রবনতার উপর গুরুত্ব আরোপ করে।

- (a) মুনাফা যোগ্যতা (b) কর্মদক্ষতা (c) অর্থনৈতিক অবস্থা (d) উপরের সবগুলো

উত্তর: _____

xvi) আর্থিক বিবরণী বিশ্লেষণের অন্তর্ভুক্ত হয়—

- (a) উদ্বর্তপত্র (b) লাভ এবং ক্ষতি হিসাব (c) ক্রয় বিক্রয় হিসাব (d) উপরের সবগুলো

উত্তর: _____

xvii) তুলনামূলক বিবরণীর হিসেবে পরিচিত

- (a) অনুভূমিক বিশ্লেষণ (b) বাহ্যিক বিশ্লেষণ (c) উল্লম্ব বিশ্লেষণ (d) আভ্যন্তরীণ বিশ্লেষণ।

উত্তর: _____

xviii) তুলনামূলক আর্থিক বিবরণী প্রদর্শন করে—

- (a) একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা
(b) একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানের উপার্জন ক্ষমতা

- (c) দুটোই
(d) কোনোটিই নয়।

উত্তর:_____

xix) তুলনামূলক আর্থিক বিবরণী সাধারণত প্রস্তুত হয়—

- (a) আনুপাতিক হারে (b) শতকরা হারে (c) (a) এবং (b) উভয়ই (d) কোনোটিই নয়।

উত্তর:_____

xx) উদ্বর্তপত্র প্রদর্শন করে—

- (a) একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানের লাভ বা ক্ষতি।
(b) একটি সংস্থার তহবিল প্রবাহ
(c) একটি কোম্পানীর অর্থনৈতিক অবস্থা
(d) কোনোটিই নয়।

(D) PRACTICAL QUESTIONS (CARRYING 4MARK)

Marks : 4

(1) Prepare a Comparative Statement of profit and loss from the following books of Apple India LTD.

Particulars	31.03.2019 (Rs)	31.03.2018 (Rs)
Revenue from operations	17,80,000	15,20,000
Other Income	80,000	10,000
Expenses	10,40,000	8,70,000
Income Tax	2,50,000	2,00,000

Answer:_____

(2) From the following particulars are obtained from the books of ABC company Limited, Prepare a comparative statement of profit and loss:

Particulars	31.03.2020	31.03.2019
Revenue from operations	Rs 40,00,000	Rs 30,00,000
Materials Consumed	Rs 24,00,000	Rs 22,50,000
Other Expenses	10% of Materials consumed	8% of Materials consumed
Income Tax	50%	50%

Answer:_____

- (3) From the following information, prepare a comparative statement of profit and loss for the year ended 31st March, 2018 and 2019.

Particulars	31.03.2019	31.03.2018
Revenue from operations	Rs 9,00,000	Rs 6,00,000
Cost of Materials consumed	Rs 8,00,000	Rs5,00,000
Employee Benefit Expenses	Rs 75,000	Rs50,000
Others Expenses	Rs 20,000	Rs 10,000
Tax	50%	50%

Interest on Investments @ Rs 1,00,000 each year.

Answer:_____

- (4) Prepare a comparative Income statement from the following information in the books of Raman Limited.

Particulars	31.12.2019 (Rs)	31.12.2020 (Rs)
Net Sales	1,90,000	2,20,000
Cost of Goods Sold	1,40,000	1,50,000
Selling and administrative expenses	25,000	30,000
Other Incomes	12,000	30,000
Taxes	8,000	16,000
Interest paid	17,000	18,000

Answer:_____

- (5) Prepare a Comparative statement of profit & loss of snowmen logistics with the information given below:—

Particulars	31.12.2019(Rs)	31.12.2018(Rs)
Revenue from operations	50,00,000	80,00,000
Purchase of stock-in-Trade	30,00,000	60,00,000
Change in Inventories	(6,00,000)	(4,00,000)
Employee benefit Expenses	8,00,000	6,50,000
Other Expenses	80,000	1,00,000

Answer:_____

(6) From the following information prepare a comparative income statement of Varuu beverages Limited:-

Particulars	31.03.2020 (Rs)	31.03.2019 (Rs)
Revenue from operations	40,00,000	30,00,000
Other Incomes (% of Revenue from operations)	20%	30%
Expenses (% of Revenue from operation)	70%	60%
Tax Rate	40%	50%

Answer:_____

(7) From the following information prepare a comparative Balance sheet of ABC Limited.

Particulars	31.03.2020 (Rs)	31.03.2019 (Rs)
Equity share capital	25,00,000	20,00,000
Reserve and Surplus	6,00,000	15,00,000
Long Term Borrowings	15,00,000	14,00,000
Current Liabilities	6,00,000	5,50,000
Fixed Assets	30,00,000	30,00,000
Investments (Non-Currents)	15,50,000	10,00,000
Current Assets	6,50,000	14,50,000

(8) From the following Balance sheet, prepare a comparative Balance sheet of Ratul Limited:-

Particulars	Note No.	31.03.2020(Rs)	31.03.2019(Rs)
I. EUIY AND LIABILITIES :			
1. Shareholders funds :			
a. Share capital		4,00,000	3,00,000
2. Non- current liabilities			
Long Term Borrowings		2,00,000	1,00,000
3.Current liabilities,			
Trade payables		1,00,000	2,00,000
Total		7,00,000	6,00,000

II. ASSETS :			
1. Non-Current assets			
Fixed Assets(Tangible)		5,00,000	4,00,000
2. Current Assets			
Trade Receivables		2,00,000	2,00,000
Total		7,00,000	6,00,000

Answer:_____

(9) Prepare a common size Balance sheet of Aptech Ltd. From the following information:-

**Balance sheet
As at 31st March**

Particulars	Note No.	31.03.2020	31.03.2019
I. EQUITY AND LIABILITIES.			
1. Shareholders funds :			
a) Share Capital		4,50,000	3,60,000
b) Reserve and Surplus		4,50,000	3,72,000
2. Non- Current Liabilities			
Long Term Borrowings		3,00,000	2,04,000
3. Current Liabilities:			
a) Trade payables		1,80,000	1,68,000
b)Short Term Provisions		1,20,000	96,000
		15,00,000	12,00,000
II. ASSETS			
1. Non-Current Assets:			
a) Fixed Assets		4,95,000	3,60,000
b) Non-Current Investments		3,75,000	3,36,000
2. Current Assets			
a) Inventory		1,80,000	1,56,000
b) Trade Receivables		3,00,000	2,16,000
c) Cash and cash equivalent		1,50,000	1,32,000
		15,00,000	12,00,000

10) From the following Balance sheet of Relaxo Ltd. Prepare a common size Statement.

**Balance Sheet
As at 31st March**

Particulars	Note No.	31.03.2019	31.03.2018
I. EQUITY AND LIABILITIES.			
1. Shareholders funds:			
a) Share Capital		2,00,000	1,02,000
b) Reserve and Surplus		1,00,000	1,50,000
Current Liabilities:			
a) Trade payables		1,00,000	48,000
Total		4,00,000	3,00,000
II. ASSETS			
2. Non-Current Assets:			
a) Fixed Assets:			
i) Tangible Assets		1,60,000	1,20,000
ii) Intangible Assets		20,000	30,000
2. Current Assets			
a) Investment		80,000	30,000
b) Trade Receivables		1,20,000	1,00,000
c) Cash and cash equivalents		20,000	20,000
Total :		4,00,000	3,00,000

11) Prepare a Common size Income statement form the following information:

Particulars	31.03.2019(Rs)	31.03.2018(Rs)
Revenue from operations	48,00,000	28,50,000
Employee Benefit Expenses	4,00,000	1,50,000
Purchase of stock-in-Trade	32,64,000	18,76,800
Other Income	2,00,000	1,50,000
Others Expenses	3,36,000	2,23,200
Income Tax (40%)		

12) From The following information prepare a common size profit and loss of Emkay Ltd.

Particulars	31.12.2020(Rs)	31.12.2019(Rs)
Revenue from operations	18,00,000	15,00,000
Cost of materials Consumed	10,02,420	9,94,800
Employee benefit Expenses	2,39,580	1,90,200
Other Expenses	1,98,000	45,000
Income Tax(50%)		

13. আর্থিক বিবরণী বিশ্লেষণের গুরুত্ব ব্যাখ্যা করো।
14. আর্থিক বিশ্লেষণের বিভিন্ন কৌশলগুলো বর্ণনা করো।
15. আর্থিক বিশ্লেষণের সীমাবদ্ধতাগুলো ব্যাখ্যা করো।
16. তুলনামূলক বিবরণীর গুরুত্বগুলো কী? একটি তুলনামূলক আয় বিবরণীর সাহায্যে তোমার মতামত বিবৃত করো।
17. তুলনামূলক বিবরণীর এবং সাধারণ আকৃতির বিবরণীর মধ্যে পার্থক্য দেখাও।

:Answer Key:

- A) সত্য/মিথ্যা:
 - i) সত্য ii) সত্য iii) মিথ্যা iv) সত্য v) মিথ্যা vi) সত্য vii) সত্য viii) সত্য ix) সত্য x) মিথ্যা
- B) শূন্যস্থান পূরণ করো:
 - i) গতিশীল ii) মূলধন iii) স্থির iv) শতকরা হারে v) সাধারণ আকৃতির উদ্বর্তপত্র।
- C) বহুমুখী নির্বাচনভিত্তিক/অতিসংক্ষিপ্ত:
 - i) বিনিয়োগ ও আমানত সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে।
 - ii) পাঠ্যপুস্তক দেখো
 - iii) তার উপার্জন ক্ষমতা অর্থাৎ এর মুনাফাযোগ্যতা এবং ঋণ ও লভ্যাংশ প্রদান করার ক্ষমতা
 - iv) ব্যবসা প্রতিষ্ঠানের উপদার্জন ক্ষমতা নির্ধারণে সহায়তা করে
 - v) (b)
 - vi) (d)
 - vii) (b)
 - viii) (d)
 - ix) (a)
 - x) (b)
 - xi) পাঠ্যপুস্তক দেখো

- xii) পাঠ্যপুস্তক দেখো
- xiii) পাঠ্যপুস্তক দেখো
- xiv) পাঠ্যপুস্তক দেখো
- xv) (d)
- xvi) (d)
- xvii) (a)
- xviii) (c)
- xix) (b)
- xx) (c)

(a) ব্যাবহারিক প্রশ্নাবলি:

1. Profit After Tax (PAT)=2018: Rs 4,60,000; 2019: Rs 5,70,000
2. Profit After Tax (PAT)=2019: Rs 2,85,000; 2020: Rs 6,80,000
3. Profit After Tax (PAT)=2018: Rs 84,000; 2019: Rs 52,500;
4. Profit After Tax (PAT)=2019: Rs 12,000; 2020: Rs 24,000;
5. Profit Before Tax (PBT)=2018: Rs 16,50,000;2019 Rs 17,20,000
6. Profit After Tax (PAT)=2019: Rs 7,80,000; 2020: Rs 8,64,000
7. Equity share capital =25%; Reserve and surplus=(60%)
Long Term Borrowings =7.14% Current Liabilites=9.09%
Fixed Assets =Nil; Investments =55%; Current Assets=(55.17%)
8. Shareholders fund = 33.33%; Non –Current Liabilities=100%;
Current Liabilities=(50%); Non- Current Assets= 25%; Current Assets=Nil.
- 9.

	(In percentage)	
	31.03.19	31.03.20
Share capital	30.00	30.00
Reserve & Surplus	31.00	30.00
Long-Term Borrowing	17.00	20.00
Trade payables	14.00	12.00
Short Term Provisions	8.00	8.00
	100.00	100.00

Fixed Assets	30.00	30.00
Non –Current Assets	28.00	25.00
Inventory	13.00	12.00
Trade Receivables	18.00	20.00
Cash and Cash equivalent	11.00	10.00
	100.00	100.00

10.

	(In percentage)	
	31.03.18	31.03.19
Share Capital	34.00	50.00
Reserve and surplus	50.00	25.00
Trade Payable	16.00	25.00
	100.00	100.00
Tangible Assets	40.00	40.00
Intangible Assets	10.00	5.00
Investments	10.00	20.00
Trade Receivables	33.33	30.00
Cash and cash equivalents	6.67	5.00
	100.00	100.00

11.

	(In percentage)	
	31.03.2018	31.03.2019
Revenue from operations	95.00	96.00
Other Income	5.00	4.00
Total Income	100.00	100.00
Purchase of stock in Trade	62.56	65.28
Employee benefit Expenses	5.00	8.00
Other expenses	7.44	6.72
Total Expenses	75.00	80.00
Profit before Tax (PBT)	25.00	20.00
Tax	(10.00)	(8.00)
Profit After Tax	15.00	12.00

12.	(In percentage)	
	31.12.2019	31.12.2020
Revenue from operations	100.00	100.00
Cost of Materials consumed	66.32	55.69
Employee benefit Expenses	12.68	13.31
Other Expenses	3.00	11.00
Total Expenses	82.00	80.00
Profit before Tax (PBT)	18.00	20.00
Tax	(9.00)	(10.00)
Profit After Tax (PAT)	9.00	10.00

দীর্ঘ উত্তরধর্মী প্রশ্ন:

6. Surplus (Excess of Income over Expenditure) Rs. 49,800.
7. Surplus (Excess of Income over Expenditure) Rs. 24,590.
8. Opening Capital fund Rs 30,900; Surplus Rs 3950; Closing Balance Sheet total Rs. 60,850.
9. Surplus (Excess of Income over Expenditure) Rs. 80,700.
10. Surplus Rs 8500.
11. Surplus Rs. 2,56,100
12. Opening Capital Fund Rs 178000; Deficit Rs 2400; Closing Balance Sheet Total Rs. 2,12,600.

অধ্যায় -5

হিসাব সংক্রান্ত অনুপাতসমূহ

হিসাব সংক্রান্ত অনুপাত সমূহের অর্থ:

হিসাব সংক্রান্ত অনুপাত হলো দুটি পারস্পরিক সম্পর্কযুক্ত বা নির্ভরশীল পদগুলির গাণিতিক সম্পর্কের বহিঃপ্রকাশ।

অনুপাত বিশ্লেষণের সংজ্ঞা:

অনুপাত বিশ্লেষণ হল একটি হাতিয়ার, যার মাধ্যমে বিভিন্ন অনুপাত গণনা করে আর্থিক বিবরণীকে বিশ্লেষণ করা হয়।

মাইয়ার এর মতে ‘অনুপাত বিশ্লেষণ হল ব্যবসায়ের বিভিন্ন আর্থিক উপাদানগুলির পারস্পরিক সম্পর্কের অনুশীলন করা’।

অনুপাত বিশ্লেষণের উদ্দেশ্যসমূহ:

অনুপাত বিশ্লেষণের উদ্দেশ্যসমূহ হল—

- (i) হিসাব সংক্রান্ত পরিসংখ্যানগুলিকে বোধগম্য করার জন্য সরলীকরণ করা।
- (ii) আর্থিক বিবরণীর বিশ্লেষণে সহায়তা করা।
- (iii) একটি প্রতিষ্ঠানের কার্যকরী দক্ষতা নির্ধারণ করা।
- (iv) পরিকল্পনা ও পূর্বানুমান প্রক্রিয়ায় সাহায্য করা।
- (v) আন্তঃপ্রতিষ্ঠান ও আন্তঃপ্রতিষ্ঠানসমূহের কার্যকরিতার তুলনামূলক বিশ্লেষণ করা।

অনুপাত বিশ্লেষণের সুবিধাসমূহ:

অনুপাত বিশ্লেষণের নানারকম সুবিধাসমূহ রয়েছে। সেগুলি হল—

- (i) অনুপাত বিশ্লেষণ ব্যবসায়িক সিদ্ধান্তসমূহের কার্যকারিতা বুঝতে সহায়তা করে।
- (ii) তারা জটিল পরিসংখ্যানগুলিকে সরলীকরণ করে এবং সম্পর্ক স্থাপন করে।
- (iii) তারা একটি প্রতিষ্ঠানের বিভিন্ন পরিসংখ্যানগুলির তুলনামূলক বিশ্লেষণে সহায়তা করে থাকে।
- (iv) অনুপাতগুলি একটি প্রতিষ্ঠানের সমস্যার ক্ষেত্রগুলি চিহ্নিত করতে সহায়তা করে থাকে, যেখান বেশি মনোযোগের প্রয়োজন রয়েছে।
- (v) অনুপাতগুলি আন্তঃপ্রতিষ্ঠান ও আন্তঃপ্রতিষ্ঠান এর মধ্যে তুলনা করতে সহায়তা করে।

অনুপাত বিশ্লেষণের সীমাবদ্ধতাসমূহ:

- (i) হিসাবরক্ষন সংক্রান্ত তথ্য নির্ভুলতা ও চূড়ান্ততার উপর একটি অপ্রাসঙ্গিক প্রভাব ফেলে।
